



সোভরেত ইউনিয়নের পক্ষিপণিচয়
বংশে পোল্যা-ড, চেকেন্সোভাকিরা,
হাকেরী সার ব্যানিরার সীয়াতে আছে
এক সব্দ্ধ পাহাড়গ্রেণী আর একটি
সংকীর্ণ সমতক অঞ্চল। সেটাই হল
সাব-কাপেধিরা, উদ্রেশের তর্গতম
প্রদেশ।

সাংবাদিক ও লেখক মাখতেই তেজেলেজ নেখানে অনেক পথ হোটেছেন, দীর্ঘাসমর কাটিরেছেন ভেরখাজনার পাশ্ডববির্ঘাত গ্রামগ্রেলার — এ অঞ্চলের পাহাড়ে অংশটা ঐ নামেই অভিহিত।

তার প্রথম বড়গোছের লেখা 'আমানের আদরের দেশ ভেরম্বাভনা' প্রকাশিত হর ১৯৫৩ সালে। বইটিতে কবিষপ্র' ভাষার বলা হরেছে কাপেশিখরান জনগণের আতীত কাহিনী (পাঠকরা হরতো ভার ইংরেছী করাসী আর জার্মান জন্বদের সঙ্গে পাঁরতিত আছেন)। গ্রেগোভেংসের হোটেলের' গল্পত্লো

দ্ধেগাভেংসের হোটেলের গলপগ্লো উংস্ক বর্তমান সাব-কাপেবিদ্ধান প্রতি। উংস্ক তার কাঠুরে, চাবী, ডেলাওয়ালা, খোদাইকার — তার সরল সহজ জনগণ্ ভাদের স্বধাচিতা আর কাজের প্রতি।



Meliebreig

সোভিয়েত ছোটো গ্ৰুপ গ্ৰুপ্ৰমালা

মাংভেই তেভেলেভ

স্নেগোভেৎসের হোটেলে

বিদেশী ভাষার সাহিত্য প্রকাশালর মন্ফো

অনুবাদ: শৃভুময় ও সৃহীপ্রয়া ঘোষ

প্রচ্ছদপট ও মুদ্রণ পরিকল্পনা: আ. তারান

স্চী

ভূমিকা	दि	লে	ৰ				٠						٠		•		¢
অলোকি	क				•		•	•	•		٠		•	٠		٠	50
মান্ত্ৰর	1 9	ণরি	চয়			•		•	•	•				٠		٠	5 R
শ্বেভ বি	হন্	শা						•		•	٠		٠				96
মণিকাণ	}न			٠				٠	•	•					٠	•	৬৬
কৰ্তব্য																	۶۶ ۱۶
सन्नग				•	٠							•				•	\$08
এতো স	বে	আ	ब्रङ	٠	٠		•		٠	٠				•	•		558
পরিশেষ	िव	: दन	ৰে				4										286



ভূমিকা হিসেবে

পথ চলার সময় মান্ষকে যেমন মন খালে কথা বলায় পেয়ে বসে, এমন আর কখনও হয় না। যে কথা আমরা ঘনিষ্ঠতম বন্ধকেও কখনো বলব না, সে কথা একেক সময় দেখেছি সহযাত্রীকে সহজেই বলে ফেলেছি। তার সঙ্গে এই প্রথম দেখা, জীবনে আর হয়ত কোন্দিন দেখা হবে না, তাই যে কথা বার কয়েক বলেও মনের ভার লাঘব করা যায়নি সে কথা বলার পক্ষে এই লোকটিই কি সবচেয়ে ভাল নয়? এই লোকটি ছাড়া আর কার কাছে প্রকাশ করব বহুদিনের সণ্ডিত অভিজ্ঞতা, অন্যের মুখে শোনা কাহিনী আর তেমন তেমন হলে কিছু অহঙ্কারও?

স্ত্রমণ মানে শ্বের্ চলাই নয়। হরত বদলীর ঐেনের জন্য অপেক্ষা কর্রান্থ কিশ্বা রাস্তার মোড়ে দাঁড়িয়ে আছি যদি কেউ গাড়িতে উঠিয়ে নেয়, নয়ত রাত কাটাক্ছি রাস্তার ধারের কোন হোটেল বা সরাইথানায় — এ সবই পড়ে 'স্লমণের' মধ্যে।

আমাদের কার্পেথিয়ান পাহাড়ে দেশে দ্লেগাভেৎস নামে একটা জারগা আছে। জেলা সদর, গিরিষার থেকে বেশি দ্রেন নর। দ্লেগাভেৎসকে এখন আর গ্রাম বলা যায় না, আবার প্রোদকুর সহরও হয়ে ওঠেনি। একটা ছাট্ট খেয়ালী নদী ধরে উত্তর থেকে দক্ষিণ জর্ড়ে রয়েছে সে। জলের যখন প্রয়েজন নেই, তখন নদীর বদান্যতা দেখে কে, কিন্তু স্থানীয় বিদ্যুতাগার যখন জল জল করে মাথা খর্ড়ে মরে, নদী তখন অত্যক্ত কৃপণ। চারিদিকে অপ্রে স্ক্রেনর সব বড় বড় পাহাড়। পাহাড়গ্রলো প্রায় ঘরের দোরগোড়া থেকেই একেবারে সোজা খাড়া আকাশে উঠে গেছে, গায়ে তাদের কালো পাইন আর ফার বনের জোবা। মাঝে মাঝে বন কেটে তৈরী করা

উজ্জ্বল চৌকোণ শস্যের ক্ষেত আর উপরে লোভনীয় পাহাড়ে মাঠ।

চারদিকের রাস্তা এসে স্লেগোভেংসে মিশেছে ! রিজের ধারে রাস্তার মোড়ে পনের মিনিট দাঁড়ালেই একটা না একটা গাড়ি জুটে যাবে। হয় মোটা চেনের ঝন ঝন শব্দ মুখিরিত কাঠবওয়া লরী কিন্বা যোথথামারের ঘোড়ার গাড়ি, নরত সমবার দোকানের লরী, ভাতে আবার গ্রামের দোকানের মালপত্তের নিজস্ব সেই গদ্ধ — কেরসিন কফি জামাকাপড় আর মাদ্ধাতার আমলের মিফিট বিস্কুটের।

রাভিরের দিকে গাড়ি চলাচল কমে আসে — অন্ধকারে পাহাড়ের খাড়া পথগ্রলো অত্যস্ত বিপজ্জনক। স্লেগোভেংসে পেশছতে যে মোটরগাড়ি আর লরীগ্রলোর রাত হয়ে যায় তারা পথের ধারেই দাঁড় করান হয়। ছোটু হোটেলের সব খাট তথ্য ভরে যায়।

সব ছোট সহরের মতো রেগোভেংসের অধিবাসীরাও
নিজেদের সহর নিয়ে অত্যন্ত গবিত, অতিরঞ্জনের দুর্বলতা
তাদেরও আছে: ওরা বলবে, 'আমানের এই পাকটিা', অথচ
চোখের সামনে দেখতে পাবেন ছোট ছোট গাছ লাগান একটা
চোকো জমি মাত্র; 'এই আমাদের দেটভিয়াম', তার মানে পারে
মাড়ান গর্ন্-চরা মাঠ; 'আমাদের সংস্কৃতি ভবন', সেটা
একটা সাধারণ ক্লাব ছাড়া আর কিছুই নয়,— প্রোনো একটা

গ্রুদাম ঘরকে বদলে, অনাবশ্যক খবচপত্র না করে করা হয়েছে।
কিন্তু য়েগোভেংস'এব সবচেয়ে বড় ভক্তও তাদের হোটেলটিকে
হোটেল বলতে সাহস পায় না রিসেপসন ক্লাক'এর জানলা,
দ্ব'পাশে ঘরওয়ালা লম্বা করিডর, হলঘয়, তায় দেওয়ালে
শিল্পী শিশ্কিনের স্ববিখ্যাত 'পাইন বনে সকাল'এর একটি
কিপি থাকাই চাই—এ সব হতে আর বেশি দেরী নেই:
সহরের মাঝখানে রাজমিস্ত্রীয়া এর মধ্যেই নতুন হোটেলবাড়ির
ছাদ বানাতে স্বারু করে দিয়েছে।


কিন্তু আপাতত ... একটা নড়বড়ে খাড়া সির্গড় বেরে আপনাকে উঠে যেতে হবে দোতলার একটা লম্বা ঘরে। সেখানে পাশপোশি ঠাসাঠাসি সার করে ফেলা রয়েছে সর্ সর্ লোহার খাট। ঘরের কোণার এক বালতি ঠাপ্ডা জল আর একটা টুলের উপর মুখ ধোবার গামলা আর মগ। ঘরে প্লাস্টার আর সদ্য ধোরামোছা মেঝের গন্ধ।

এই হোটেলেই আমি বছরের নানা সময় বহুদিন কাটিয়ে গেছি।

ক্লেগোভেংসের চেনা লোকদের কাছে আমি একটা অন্ত্ত কিছু।

'এত অস্বিধে করে আপনার এখানে থাকার দরকার কী?'
তারা আমার বলৈছে . 'কারো বাড়িতে একটা আলাদা ছর
ভাড়া নিলেই তো পারেন। এথানে এমন হৈহল্লা যেন চত্বরে
রয়েছেন।'

আমি কিন্তু সেই হোটেলের মাটি কামড়েই পড়ে থেকেছি।
তার জন্য আমার কোন অনুশোচনাও নেই। হোটেলের শত
অস্বিধের কথা কবে ভূলে গিয়েছি, কিন্তু ভূলতে পারিনি
সেখানকার লোকদের কথা আর তাদের কাছে শোনা বহু গল্প।
দীর্ঘ দুর্গম পথের সঙ্গীর মতেয় এরা আমার প্রিয়, আমার
নিত্য সহচর।



অলোকিক

ভোরবেলার একটি ক্ষণস্থারী, অপর্প মৃহত্ আছে, আমি তার নাম দিয়েছি প্রভাসের সময়! তা বেশিক্ষণ থাকে না, সংসারের তাড়াহ্ডোর আর সাধারণ পরিবেশে প্রারই আমাদের অলক্ষ্যে মিলিয়ে যায় . স্নেগোভেংসের কাঠের কলের বাঁশির আওরাজটা বাচ্চা মোরগের তীক্ষা ডাকের মতো সারা উপতাকার ছড়িয়ে পড়ার পরই আসে এই মাহতুিটি।

বাঁশির আওয়াজ মিলিয়ে গেলে পর নেমে আসে পাতলা সুতোর মতো পলকা নিস্তরতা।

বেদিন ভাল থাকে সেদিন ভোরবেলা বিছানা ছেড়ে আমি
চলে আসি সারা দোতলা জোড়া ঝুল বারান্দাটায়। খুম
ক্লান্তি আলস্য কিছুই আমায় ঠেকিয়ে রাথতে পারে না।
বারান্দা থেকে দেখতে পাই পাহাড়ের পাড় ঘেরা স্লেগ্যেভংসের
সমস্তটা।

সুর্য ওঠেনি। কিন্তু তার শ্লান সোনালী আভা সারা জগতে ছড়িয়ে পড়েছে। পাহাড়ের টাল জুড়ে বনের কালো প্রাচীর, রাত্তির শেষ ছায়াটুকু সেখানে অক্টের মতো পথ হাতড়ে মরছে। সরু রাস্তাগ্রেলায় জনমানুষ নেই। বাড়িগ্রেলা যেন ঘুমন্ত। পাহাড়ী ঠাওায় তাদের যেন শীত শীত করছে, ঘুমের মধ্যে পায়ের লেপ সরে গেলে লোকের যেমন হয় — ঠাওা লাগছে, কিন্তু কেন লাগছে তা বোঝা যায় না।

কিন্তু না, কেউই ঘ্রিময়ে নেই। সবাই জেগে উঠে মন্ত্রম্ঞের মতো অপেক্ষা করছে অপূর্ব অলোকিক কিছুর। দিন আসছে। এ যেন যৌষনের কাল, তার সামনে পড়ে রয়েছে ভবিষ্যাং জীবন। প্রত্যেক সজীব প্রাণে অলৌকিকের বীজ অংকুর মেলেছে, ফুটে ওঠার জন্য তা প্রস্তুত। শক্তি সঞ্চয়ের সঙ্গে সঙ্গে যেন স্বাকিছ্মকেই সে আনন্দে ভরে দিতে পারে।

কিন্তু মাশকিল হয়েছে দিন শেষ হয়ে যায় -মানে হয়, যা কিছা করা উচিত ছিল সবই তো করেছি। কিন্তু অত্যাশ্চর্য অলৌকিকের দেখা মেলে না, নিজের মধ্যে কখন যে সে শানিকের করে যায় জানতেও পারি না। কেবল এইটুকুই ব্রুতে পারি যে সে ফুটে ওঠেনি, আনন্দ আনেনি ...

এই ব্যর্থতার বোধ অবশ্য একদিনের ব্যাপারই নয়। কথনও কথনও একটি দিন, কথনও বা কয়েক বছরের। তফাং এই যে অর্থহীন অপচয়ে নন্ট জীবনের তিক্ততার চেয়ে একটি ব্যর্থ দিন নিয়ে অনুশোচনা মানুষের পক্ষে সহজ।

এই অলোকিক কোথায় বাধা পেল, কী গ্রুটি ঘটল, একথা প্রায়ই ভেবেছি, কিন্তু উত্তর মেলেনি।

একদিন সকালবেলা হোটেলের আরও দ্বাজন অতিথি আমার সঙ্গে রেগোভেৎসের ভোর হওয়া দেখতে এলেন। তার আগের দিনই কমিউনিস্ট পার্টির জেলা কমিটির অধিবেশন শেষ হয়েছে, আমার সঙ্গী দ্বাজন তাতে যোগ দিরোছিলেন। এদের একজন হলেন ভাক্তার নিকলাই গেরাসিমভিচ আভদেয়েভ। মোটাসোটো লোকটি, মাথার পাকা চুলগ্রলো ছোট ছোট করে ছাঁটা। বছর বার আগে আভদেয়েভ এই পাহাড়ের ব্রেক যাজরত গেরিলা দলের সঙ্গে ঘ্রেছেন; তিনি ছিলেন সৈ দলের চিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত, চিকিৎসা বাহিনীর লেফটেনাণ্ট কর্ণেল। যুদ্ধ শেষ হয়ে গেলে আভদেয়েভ জানালেন, তিনি কাপেথিয়ান অঞ্চলেই কাজ করতে চান। উজ্গরদে তাঁকে যে কোন একটা হাসপাতাল বৈছে নিতে বলা হল। দেয়ালের ম্যাপের কাছে এগিয়ে গিয়ে আঙ্কুল দিয়ে দেখিয়ে দিলেন ভেরখভিনার* পাণ্ডবর্বজিত একটা অজ্পাড়াগাঁ।

'ওখানে তো কোন হাসপাতাল নেই,' বেশ ভদ্রভাবেই তাঁকে জানিয়ে দেওয়া হল।

'তৈরী করব!' আছদেয়েভ বললেন।

'কিন্তু পরিকল্পনায় তো সে রক্ম কোন ব্যবস্থা নেই,' জানান হল।

'লোকের মাপে জামা, জামার মাপে লোক নয়,' আভদৈয়েভ বিডবিড করে বললেন

কিয়েভ আর মস্কোর ঘোরাঘ্রির করে, দ্ব'মাস ধরে কর্তৃপক্ষকে জন্মলিয়ে আভদেরেভ তো শেষ পর্যন্ত হাসপাতালের ব্যবস্থা করলেন। তারপর নিজের তৈরী সেই গ্রামের হাসপাতালে ডাক্তার নিয়ক্ত হলেন।

যুক্তে ভাক্তার তাঁর পরিবারের স্বাইকে হারিয়েছেন। একার সংসার, কিন্তু স্বাদা চেন্টা করেন যতটা পারেন স্কলের মধ্যে থাকতে।

সংসারে তাঁর আপনার বলতে ছিল কেবল একটা বে'টে মোটা

* সাব-কাপেখিয়ান পাহাড়ে অণ্ডল :

বুডো বাদামী রঙের যুদ্ধের যোড়া। নাম তার মিশকা। যুদ্ধের পর মিশকাকে সবাই খরচের খাতায় লিখে রেখেছিল। কিন্তু ডাক্তার যোড়াটিকে উদ্ধার করে বহু সেবা যত্ত্বের পর বাঁচিয়ে তোলেন। আজও ঘোড়াটা তাঁর একান্ত অনুসতে।

সকলেবেলা আন্তাবলের কাঠের খিলটা খ্রেল পাথারে সির্নিড় বেরে বেরে মিশকা যাবে পাহাড়ের উপরে ডাক্তারের ছোট্ট বাড়িটিতে, জানলার কাঁচে ঠোঁট ঘষে আভদেরেভকে জাগাবে।

মিশকার পিঠে চড়ে এক পাশে দু'পা ঝুলিয়ে দিয়ে ডান্ডার বেরবেন তাঁর সফরে। রোগী কথন তাঁর কাছে আসবে সে অপেক্ষায় তিনি থাকেন না। নিজেই রোগী খ'লে বের করেন, অনবধানতার জনা কষে ধমক দেন। ভাবখানা যেন আভদেয়েড নিজেই অস্ত্রু আর যাকে ধমকাচ্ছেন সে বেন তাঁর অস্থ সারাতে বাধা দিয়েছে।

এই ভোরবেলা আর একজন যে আমার সঙ্গে এসেছিল সে হল ফিওদর স্বতা, কাঠ খোদাইরের কাজ করে। এই জেলার, হয়ত বা সারা ভেরথভিনাতেই সে বিখ্যাত।

উজগরদে যে জাতীর শিকপপ্রদর্শনী হয়, সেখানে একাধিকবার তার হাতের কাজ তারিফ করেছি: কাজকরা কাঠের থালা, রাখালদের ছড়ি, মান্বের প্রতিকৃতি আর বাস-রিলিফের কাজ। ফিওদর স্বতার সঙ্গে আমার ব্যক্তিগত পরিচয় ছিল না। জেলা পার্টি কমিটির অধিবেশনেই তাকে প্রথম দেখি। বলতে বাধা নেই, ভেবেছিলাম একজন বয়দক লোককে দেখতে পাব।

কিন্তু তার বদলে দেখতে পেলাম দীর্ঘকায় কালোচোথ বছর তেইশের একটি তর্ণকে। সঙ্কোচহীন সহজ দ্বিট, চলাফেরায় হালকা দ্রত চাল, দেথেই আঁচ করা যায় লোকটি আর্থানভবিশীল নিজের দোষগণে সম্বন্ধে বেশ সচেতন।

পাহাড় অণ্ডলের যশা ও পশা্প্রজনন কেন্দ্রে সে ছিল ট্রাকটরটিমের ফোরম্যান। নিজের গাঁরের মাধ্যমিক স্কুল থেকে পাশ
করে সন্বতা এই কাজে ঢোকে। অন্যরা তাকে আরও পড়াশা্নো
করতে বলোছল, উজগরদ বা কিয়েভের শিলপ-বিদ্যালয়ে
ঢোকার পরামশ দিয়েছিল। সন্বতা কিস্তু নিজে যা ভালো বোঝে
তাই করে।

'আমি কিন্তু কী ঘটছে তা শোনার জন্য অপেক্ষা করে রইল্ম ...' সূবতা আমার পরে বলেছিল!

'কোথায় কী ঘটছে ?'

'আমার নিজের মধ্যে।'

ট্রাকটরপ্রাইভারের কাজটা সূবতার ভালই লেগেছে। তর্ণ মনের সরল স্নেহ নিয়ে সূবতা ফ্রটির দেখা শোনা করে। তার কাঠ খোদাই'এর কাজেও ব্যাঘাত ঘটেনি, হাতে সময় পেলেই সে কাঠ খোদাইয়ে বসে যায়। ছেলেবেলা থেকে এই তার নেশা।

স্বতা যেখানেই যায় সঙ্গে থাকে তার কাঠ খোদাই'এর যদ্পাতি। প্রেটগ্রেলা সারাক্ষণ ছোট বড়ো কাঠের টুকরোর ভাতি⁶। স্বিকিছ্য একেবারে স্থাতের গোড়ায় তৈরী। সময় প্রেলই সে খোদাইয়ে লেগে যাবে। বয়স অপপ হলেও পরিবারটি তার বিরাট। শোনা যায় সে প্রেম করে বিয়ে করেছে দুটি সন্তানের মা এক বিধবাকে। বছব খ্রতে না ঘ্রতেই স্বতাকে মহিলা আরেকটি ছেলে উপহার দিলেন। স্থার আদলে স্বতা কাঠ দিয়ে তর্ণী মেযের ছবি খোদাই করেছে। মেয়েটি বারাশদার সি'ড়িতে বসে কোলের শিশ্বটিকে দুধ খাওয়াছে। তার স্ব্দর মিশ্টি হাসি ভরা ম্খটি উপরে তোলা। তবে আকাশের দিকে নয়, একটি প্রেবরের দিকে। প্র্র্টিকে কোথাও দেখা যাছে না, কিন্তু তার উপস্থিতি অন্ভব করা যায়। ঝু'কে পড়ে সে যেন স্থাকৈ আদর করে এমন কিছ্ব একটা ক্লেহের বলছে, যা দ্ব' জনের পক্ষেই প্রয়োজনীয়।

কেন্দের পরিচালক স্বতার কাছ থেকে ম্তিটি চেয়ে নিয়ে ক্লাবে রাখেনি, রেথছে অফিসে বেখানে ট্রাকটরড্রাইভাররা প্রতিদিনের কাজ ব্রেও নেয়। ছ'মাস ধরে সেটি ওখানেই রয়েছে। অফিসঘরে যারাই আসে তাদের মনেই এই থোদাইয়ের কাজটি স্কুদর ছাপ ফেলে, দপ্তরের ব্রেড়া কেরাণী একথা আমাকে জার দিয়ে বলেছে। 'মেয়েটির সামনে কোন খারাপ কথা বলতে, এমনকি মেঝেতে সিগারেটের টুকরো ফেলতেও সবাই লগ্জা বোধ করে। তাছাড়া মনের মধ্যে কেমন একটা খ্লার ভাব সঞ্চারিত হয়। বাঁধাধরা দন্ত্রীর ভার লাঘব হয়,' ব্রেড়ার কথা এটা।

যা হোক ফিওদর স্বতা আর ডাঃ আভদেয়েত তো আমার সঙ্গে এসে সেদিন ভোরবেলা বাবান্দায় দাঁড়ালেন।

কলেব বাঁশির শব্দের পর যে নিস্তর্কতা নেমে এসেছিল, তা একটি স্বেলা আওয়াজে আবার ভেঙে গেল। মনে হল কে যেন একটা থিরাট প্রোন তালায় চাবি ঘোরাছে। তারপর হঠাং কিসের গ্রুজন আর গোঙানি স্বর্ হল, ঠিক যেন লাটুর্ ঘ্রুরেছ — অদ্রে পার্টির জেলা কমিটির জাইভার সেক্টোরীর গাড়ির ইঞ্জিন চালাতে স্বর্ করেছে। রাস্তার ন্ডিগ্রুলা আওয়াজ করে উঠল: কাঠের কলের মজ্বরেরা দলে দলে সাইকেল চড়ে চলেছে, কেরিয়ারে তাদের খাবার ঝুলি আর থারমোক্লাস্ক বাঁধা। ভেসে এল সদ্য সেকা র্টির গন্ধ আর মেয়েদের গলার স্বর। হাড়জিরজিরে লোকটা সোভার জলে ভরা নাল সাইফনওয়ালা ঠেলা গাড়িটা নিয়ে বেরিয়ে পড়েছে, ক্রেগোভেংসের দপ্তরে দপ্তরে প্রতিদন ঘ্ররে বেড়ানই তার কাজ। কাঠবোঝাই এক সার লরী ঘরঘর আওয়াজ তুলে পার হয়ে গেলছ সাময়িক ভাবে গড়ে তোলা কাঠের বিজ্ঞান, তারা চলেছে গিরিয়ারের মুখে।

'দিন সূর্ হল !' সূবতা বলন। 'কিন্তু এদিন আমাদের জন্যে কী বয়ে আনছে ?' তাকে চিন্তান্বিত দেখাল।

'আমরা তাকে যা দেব,' নিজের হাতের তেলোটা নিরীক্ষণ করাত করতে উত্তর দিলেন ডাক্তার।

'ঠিক বলেছেন,' সূবতা মেনে নিল, 'যেরকম বীজ প;তেবে

সেরকম ফসলই পাবে. কভালেৎসের কথাটা কিন্তু মন থেকে কিছুতেই তাড়াতে পার্রছি না ...'

'ঠিক,' ডাক্তার বললেন, 'থ্ব ধাঁধা লাগানো বাগোর।' আলোচনাটা আবার সেই প্রেন বিষয়ে ফিরে এল। সারা রাত আমরা এই নিয়েই কথা বলেছি।

ভার্মিল কভালেংস পাহাড অঞ্চলর একটি বড যৌথখামারের পার্টি সেক্টোরী। গত অধিবেশনে তার রিপোর্ট ছিল অন্যতম আলোচনার বিষয়। কভালেংসের সঙ্গে আমার পরিচয় খ্যুব ঘনিষ্ঠ না হলেও বহুদিনের। জ্বেলা পার্টি কমিটিতে ও কাজ করার সময় থেকেই আমার সঙ্গে ওর আলাপ। তারপরে আণ্ডলিক পার্টি ইম্কুলেও কভালেংস পড়েছে। কভালেংস মাঝ বয়সী লোক, শক্তসমর্থ, ব্যদ্ধিমান। উদ্যম ও অধাবসায়ের অভাব নেই ৷ তাড়াতাড়ি যে কোনো কাজ শেখার ঈর্ষজনক গুর্গাটও তার আছে। তার ফলে কডালেৎসকে থেকে থেকেই এক কাজ থেকে আরেক কাজে পাঠান হয়। জেলা কমিটির কে যেন তার নাম দিয়েছে "দমকল"। নামটা মোটেই বেমানান নয় কোথাও কোন কাজের গোলমাল হলেই, টানা হে'চড়ার দরকার হলেই পাঠান হয় কভালেৎসকে। আর কভালেংস গেলেই সব ঠিক হয়ে যায়। মাঝে মাঝে অবশ্য জেলা পার্টি কমিটির কাছে কভালেৎসের নামে অভিযোগ এসেছে, কভালেৎস বড় ব্লুক্ষ, অন্যর মতামত্তেব সে যথোচিত দাম দেয় না।

তবে কমিটির সবাই বলে, 'মানুষ তো আর দেবদ্ত নয়। ব্লু বা বদমেজাজী হলেও কাজ কেমন করে সেটা তো দেখতে হবে '

একবছর আগে কভালেৎস একটা বড় যৌথখামারের পার্টি সৈকেটারী নিবাচিত হয় যৌথখামারের কাজ মোটেই ভাল চলছিল না। কিন্তু কয়েকদিনের মধ্যেই খামারের উন্নতি দেখা গেল। তখন আবার কভালেৎসকে অন্য গোলমালের জায়গায় পাঠাবার গ্রুজব শোনা যেতে লাগল। কিন্তু তা আর ঘটল না। স্নেগোডেৎস জেলা পার্টি কমিটির আগেকার সেকেটারী র্সিঙ্কো কিয়েভে তিন বছরের পাঠকুম শেষ করে ফিরে আসার পর তাকেই আবার প্রথম সেকেটারী নিবাচিত করা হয়। কভালেৎসের হয়ে সেই কথা বলল:

'কমরেডরা, কভালেৎসের কথাটা একবার বিবেচনা করে দেখ। ওকে বহুবার একাজ থেকে ওকাজে ঘোরান হরেছে, এবার ওকে একটা সনুযোগ দাও। খামারের কাজ যখন ভাল চলছে, তখন ঐ কাজ নিয়েই ওকে থাকতে দাও।'

তারপর যা ঘটল তা ব্যাখার অতীত। কভালেংস সেই খামারে তো আগেকার মতো বা আরো বেশি উংসাহে ও উদ্যমে কাজ করতে লাগল, কিন্তু একবার সব ঠিক হয়ে যাবার পর খামারের কাজ আবার গেল অবনতির দিকে। পার্টির সেক্টোরী আর ইন্স্টাক্টররা তো এল কভালেংসের ব্যর্থতার কারণ অনুসন্ধানে। কিন্তু কোথাও কিছু পাওয়া গেল না, কোথাও বিশৃত্থকা নেই, কভালেংসের সব পরিকল্পনা কাঁটায় কাঁটায় চলে। তার নিখাত কাজ অনেকেরই ঈর্ষার বস্তু হতে পাবে। এমনকি পাটি কমিটির অধিবেশনেও শক্তসমর্থ কভালেংসের রিপোটের কোন ভুল ধরা গেল না, তদন্তকারীরা তার প্রতিটি কথা সমর্থান করল। রিপোটে সংফান্ত শেষ প্রস্তাবে 'যথেষ্ট নয়' কথাটা বারবার ব্যবহৃত হল বটে, কিন্তু গণ্ডগোলের মূল কারণ যে তা নয়, তা সবাই ব্যক্ত, কভালেংসও। আসল জর্মী ব্যাপারটা যে ধরা গেল না সেটা ব্যুক্তে কারো ব্যক্ত রহুল না।

পার্টির অধিবেশন শেষ হয়ে গেছে। তারপর আরেকটি নতুন দিন এসেছে। আমরা কিন্তু এখনও কভালেংসের কথাই আলোচনা করে চলেছি।

'এখন তবে ওর কা কর্তাবা?' বিশেষভাবে কাউকে জিজ্জেস না করেই আভদেয়েভ বললেন, 'এ সমস্যার সমাধানটা কাঁ?' 'হয়ত ওর কিছা করাই উচিত নয়,' বলল সাবতা।

'না, না,' আভদেয়েভ আপত্তি জানালেন, 'কভালেংসের কাজের ক্ষমতা তো আর কেড়ে নিতে পারি না। আগে যে সে এত সফল হয়েছে সেকি এমনি এমনি?'

'আগে সে সফল হয়েছে সেকথা ঠিক,' সূত্রতা মেনে নিল, 'কী করে হয়েছে তাও বোধ হয় জানি। স্বাইকে ধ্যকে, ভয় দেখিয়ে, টোবল চাপড়ে। অলপ কিছ্বদিন এতে কাজ হতে পারে, কিন্তু বেশিদিন নয়।' 'না, না, আভদেয়েভ আবার বললেন কিন্তু এবার তাঁর প্রত্যেয় যেন কিছ্ম কমে এসেছে, চশমার উপর দিয়ে সম্বতার দিকে জিজ্ঞাস্য দ্বিতৈ একবার তাকিয়ে আমার দিকে তাঁর চুল্মচুল্ম চোখ ফিরিয়ে জিজ্ঞেস করলেন

'কাল রাত্রে আর্থান অলোকিক কিছ্রে আশা করছিলেন। অলোকিক হল প্রতিভা, তাই না?'

'নিশ্চয়ই.' আমি সায় দিয়ে বললাম।

'আর প্রতিভা জিনিসটা কী? শৃধ্ কি সক্ষমতা? ছন্দ মেলাতে বা ছবি আঁকতে ওপ্তাদ এমন অনেককেই আমি জানি, তারা তাদের কবিতা ছাপিয়েছে, ছবিও প্রদর্শনীতে দিয়েছে, কিন্তু তব্ও তাদের কবি বা শিল্পী বলা যায় না। কাজেই সক্ষমতা ছাভাও আরো কিছুর প্রয়েজন আছে...'

'কাজের প্রতি ভালবাসা ...' বলল সূবতা।

'নিশ্চয়ই,' ভাক্তার মাথা নেড়ে সার দিলেন, 'কিন্তু সেভাবে বিচার করলে তো আমিও প্রতিভাবানদের দলে পড়ে যাব। আমি তো কিছুতেই আমার এ কাজ ছাড়ব না। কভালেংসেরও কাজের ক্ষমতা আর কাজের প্রতি ভালবাসা দুইই আছে...'

'ভালবাসারও রকমফের আছে ডাক্তারবাব,' সন্বতা বলল, 'বেমন বাবার ভালবাসা আর মামার ভালবাসা।' তারপর একটু থেমে সন্বতা আবার বলল, 'কিন্তু অলোকিকের আভাসটা সত্যি, অলোকিক যে একটা ছোট্ট বীজ সেটাও সত্যি। সাধারণ বীজকে কী করে অংকুরিত করতে হয় তা আমি জানি কিন্তু এব্যাপারে আমি একেবারেই অর্মাভজ্ঞ..' সূবতা সানন্দে চারাদিকে তাকিয়ে হাত নেড়ে বলল, 'মাথা ঘামাবার আমাদের এত বিষয় আছে যে কুলিয়ে উঠতে পারা কঠিন। দিনের কাজ সূব্যু করার সময় হয়েছে '

ভাজার জেলা প্রাস্থা দপ্তরে তাঁর কাজে গেলেন। আমি বসে গেলাম আমার খবরের কাগজের লেখা নিয়ে স্বতার পরাদিনই যব্য ও পশ্পুঞ্জনন কেল্দ্র তার বাড়িতে যাবার কথা। সে বেরিয়ে গেল তার বস্থাদের জন্য জিনিস কিনতে। দ্প্রবেলা তার সঙ্গে আবার দোকানে দেখা হাতে একটা বিরাট ফর্দ নিয়ে সে রক্মারি কেনাকাটায় ব্যস্ত: দ্টো টুপি, একটা কাপড়কাচার পাটা, কিছু দাড়ি কামাবার রেড, একটা কিমা করার যক্র, বাচ্চার লানের টব একটা আর কতগ্রেলা গ্রামোফোন রেকর্ড। আমি তার অলক্ষ্যে তার পাশে কয়েকমিনিট দাঁড়িয়ে রইলাম। কেনাকাটায় তার সতিয়বার আনন্দ দেখে বেশ লাগল। জিনিসগ্লো যে সে তার অসংখ্য আত্মীয়দের জনাই কিনছে সেকথা স্বতা দোকানদারকে ভাল করেই ব্রিকয়ে ছাড়ল।

আবার অনেক রাত্রে সবাই হোটেলে জমারেত হলাম।
স্বতাকে ভারবেলা রওনা হতে হবে, তাই সে সবার আগে
শ্তে গেল। হোটেলের অন্য অভিথিবাও তার অন্সরণ করল।
আমি বোজকার মতো বেভিয়োর শেষ খবরের অপেক্ষা করতে
লাগলাম। ভাক্তার আভদেরেভও আমার সঙ্গে বয়ে গেলেন।

দোকানের সামনেই লম্বা খ;িটিতে একটা লাউড স্পীকার লাগান ছিল, বারান্দায় বসে বসেই খবর শুনতাম।

থবর শেষ হয়ে গেলে পর প্রচারক পরের দিনের আবহাওয়ার খবর পড়তে লাগল; ঠিক সেই সময় কে যেন এসে বেণিতে আমাদের পাশে বসল। বেশ অন্ধকার। তাই প্রথমটা স্বতাকে ঠিক ঠাওর করতে পারিনি। পায়ে জনুতো নেই, খালি গালের উপর একটা জ্যাকেট চডান।

'শ্নন্ন,' স্বতা ব্যস্ত হয়ে বলতে লাগল, 'ব্যাপারটা এবার মাল্যম হয়েছে।'

'কী মালনুম হয়েছে?'

'সব কিছ়্!' স্বতা জবাব দিল . 'ইভান পালিংসা নামে একজন লোক ছিল, তার কথা আপনাদের বলি শ্নুন্ন। দ্ব' শ' বছর আগে খ্স্ত সহরে ছিল তার বাস। আসলে অবশ্য সে আমাদের অণ্ডলেরই লোক। সে সময় উজ, তিস্সা আর লাতরিংসায় ব্যারণ আর কাউণ্টদের নিজস্ব দ্বা ছিল। পালিংসার তথন অলপ বয়স। এক ছ্ডোরের কাছে সে কাজ শেখে।

'একবার বসন্ত কালে তিসসায় ভাষণ মড়ক লাগল। ঘাস কাটিয়ের মতো মড়ক তিসসার লোকদের ধরাশায়া করতে লাগল। লোকজনরা রোগ এড়াবার জনা যে যেদিকে পারল পালাতে লাগল। কিন্তু যেখানেই যায় তাদের পথ জন্তে দাঁড়ায় সমস্য বাহিনী। জমিদাররা নিজেব নিজের জমিদারীতে গিয়ে আশ্রয় নিল। ব্ডো কাউণ্ট, — তিনি ঐ অণ্ডলেই থাকতেন, — প্ৰভাবটা বৃক্ষ হলেও পশ্ডিত লোক, দুর্গের ভিতর একবার যে চুকলেন আর দরজা খুললেন না। তিনি নিজের জন্য যত ভীত তার চেয়ে বেশি ভীত তর্ণী স্মীটিকৈ নিয়ে। সাধারণ ঘর থেকে তাকে এনেছেন, কিন্তু হলে কি হবে, এ অণ্ডলে তার মতো স্কুল্রী আর নেই.

'এখন এই মেরেটির সঙ্গেই দেখা হল পালিংসার। দুর্গের ভিতর নর রান্তার। মুম্ব্র্লোকদের ঘরে ঘরে ঘরে বেড়ান মেরেটির কাজ। বেড়ায় সে একাই। কোন প্রার্থনা নয়, কোন দ্বঃখ প্রকাশ নয়, যেমন করে পারে সাহায্য করে, দুটো আনন্দের কথা বলে, মাতৃাকে যারা মেনে নিয়েছে তাদের ধমকধামক দিয়ে প্রত্যেকের মনে সে আশার সঞ্চার করে চলে। মেরেটি যেখানেই যায় সেখানেই যেন পাথরের দেয়াল গাঁথা হয়ে যায়, প্রেগের সাধ্যি কি সেই দেয়াল ঘাসের মতো কেটে নামায় ?

'পালিংসা এ সবই দেখল। মেরেটিকে সে ছায়ার মতো অন্সরণ করে চলেছে।

'ব্জো কাউণ্ট তো এদিকে বউ পালিয়েছে জানতে পেরে, নিজেই তার পিছন পিছন ধাওয়া করলেন ... বউকে খাজে পেয়ে তাকে ফিরিয়ে আনার জন্য তার কত সাধ্যসাধনা গায়ের জোরি ... মেয়েটি কিন্তু কিছাতেই ফিরল না।

'এদিকে পালিৎসা পালিৎসা মেযেটিকে আগেই দেখেছিল, কাউণ্টের দুর্গে সে যথন তার গ্রের সঙ্গে কাজ করত তথনই। কিন্তু তা সত্ত্বেও এতদিন তাকে নিয়ে মাথা ঘামার্রান। কিন্তু এখন তার মনপ্রাণ ঐ মের্য়েটিতে ভবে উঠেছে। মন থেকে মের্য়েটিকে তাড়িয়ে দেবার মতো শক্তি প্রথিবীতে কারো নেই।

'মড়ক তো কমে এল। কিন্তু বাবার সময় ব্যুড়ো কাউপ্টের বউকে নিয়ে গেল।

'সবাই ভাবল বুড়ো বুঝি দুঃখে মারাই যার। কিন্তু সমরে সব দুঃখই সয়ে যায়।

'কাউণ্ট তথন মুকাচেভো আর খুস্তে যত সেরা স্যাকরা আছে সবাইকে ডেকে পাঠালেন। তারা আসতে কাউণ্ট বললেন:

"আমার যত সোনাদানা আছে সব নিয়ে গিয়ে আমার বউরের মাতি তৈরী করে আন। তোমরা তাকে জানতে, তাই তার কথা তোমাদের নিশ্চরই মনে আছে। তার চেয়ে দ্মালারম আমার আর কিছুই ছিল না তার প্রতিমা গড়া যায় কেবল সোনা দিয়েই।"

'স্যাকরারা তো যে যার বাড়ি ফিরে কাজে বসে গেল।
মাস দৃরেক পর আবার তারা দৃর্গে ফিরে এল। তাদের
প্রত্যেকের হাতে একটা করে সোনার ম্তি। সবাই গ্রণী
শিল্পী, তাই প্রত্যেকের কাজই অত্যন্ত স্কুদর। প্রত্যেকেই
গড়েছে মেয়েটির মৃত্যুর প্রতিকৃতি। চোখদ্বিট বোজা। কী
অপ্রব্ সব ম্তি। বুড়ো কাউণ্ট কিছুতেই আর মনস্থি

করতে পারেন না কোনটা নেবেন। হঠাৎ কাউণ্টের নজরে পড়ল একজন অচেনা লোক, হাতে তার র্মালে জড়ান কী একটা। স্যাকরারা সবাই কাউণ্টের পরিচিত, কিন্তু এ লোকটিকে কাউণ্ট কখনো দেখেননি।

'"তুমি কে?" কাউণ্ট জিভ্যেস করলেন।

'"ইভান পালিংসা। খুস্তের এক ছ_{ন্}তোরের কাছে কাজ শিথি।"

'"তা, তুমি এখানে কেন?"

'"আমিও এনেছি ..."

'র্মালটা সরিয়ে দিতেই সবার চোথে পড়ল কাঠের উপর খোদাই করা একটি তর্ণীর মূখ। লোকে বলে, চুল তার বাতাসে আন্দোলিত, ঠোঁটদ্টিতে মমতার অস্ফুট ভাষা, খোলা চোথদ্টিতে আশার দীপ্তি। তার অলোকিক শক্তি এত প্রবল যে স্যাকরারা সব পিছিয়ে গেল আর ব্বড়ো কাউণ্ট রেগে উঠে চেচিয়ে বললেন:

'"তুমি ওকে ভালবাসতে! নিশ্চরই ভালবাসতে!.."'
নিজের মনে কী ভাবতে ভাবতে স্বতা কথাটা বার
করেক আউডে চলল।

আমরা চুপ। শহুধ ভাক্তার আভদেরেভের দীর্ঘ 'হ্যাঁ-া-া' শব্দটি সেই নিশুদ্ধতা ভাঙল।

'এই তো সব প্রশ্নের উত্তর,' ডাক্তার বললেন, 'এর স্পর্শে কাঠও সোনার চেয়ে দামী হয়ে ওঠে, কারিগরী পরিণত

হয় শিলেপ আর অলোকিকের ছোটু বীজটি নিজেই হয়ে ওঠে অলোকিক কভালেৎসের বিষয়ে এই সবচেয়ে প্রয়োজনীয় কথাটাই আমাদের চোখে পর্জোন . অথচ সেটাই সবচেয়ে জর্বী!

তারায় ভরা আকাশ। ঝিরঝিরে উষ্ণ বাতাস। পাইাড়গর্লো যেন বে'টে হয়ে গেছে। সারাদিন দাঁড়িয়ে থাকার ক্লান্ডিতে তারা যেন কেগোডেপ্সের চারধারে বসে পড়েছে, রাথালরা যেমন মাঠের বৃক্তে আগ্রনের চারপাশে বসে থাকে। স্যের প্রথম আলোর সঙ্গে সঙ্গেই দাঁড়িয়ে উঠে নতুন দিনকে স্বাগত জানাবার জনা তারা প্রস্তুত।



মানুষের পরিচয়

স্থুদেনিংসার, স্থুদেনিংসা কেন, সারা রেগোডেংস অণ্ডলেই ওলিওনা স্থেফাকের ছেলে আন্দেইয়ের মতো স্পার্থ ব্যক্তি আর পাওয়া যাবে না।

ভার স্বাক্ছাই স্কর — চলাফেরা, ভামাটে ম্থের কাট. ধ্সর তীক্ষা চোখদ্টি, বাঁ ভূর্র বাঁকা ভাজিমা সবই। ভূর্ব ঐ বাকাভাবটির জন্য তার মুখে একটা বিসময় বা ঠাট্টার। অভিব্যক্তি লেগে থাকে।

আন্দেই স্তেফাক শৃধ্ যে তার সৌন্দর্যের জন্যই খ্যাত তা নয়, তার মতাে ফুলবাবা্ও আর কেউ নেই পাহাড় অণ্ডলের কাঠের কলের ট্রাক্টরভ্রাইভার সে, বয়স তার মাত্র উনিশ, কিন্তু সাজসভলা প্রসাধনের দিকে তার যা নজর, ভেরথভিনার নাম করা স্কুলরীরাও হার মেনে যায়। সব্জ কানাৎ দেওয়া সাদা পশ্মের জ্যাকেট, পর্নতির নক্সাকরা সাটে, ফারের গ্রুছ লাগান টুপি আর কটি। লাগান উচ্ পাহাড়ে জ্বতা -- এই হল তার বেশবাস। হটিার ভঙ্গীটি বেশ হাল্কা, ধীরমন্থর। জামাকাপড় পরার কায়দায় একটা চেণ্টাকৃত অয়ত্বের ভাব

ফিওদর স্প্রিকা একদিন তাকে জিপ্তেস করে বসল, 'আন্দেই, ব্যাপারটা কী বল তো, কাজের দিনে এরকম ছ্রটির দিনের সাজ কেন?'

'কাজের দিন বলে আমার কাছে কিছুই নেই ভূইকু,* সবদিনই আমার ছুটির দিন', আন্দেই বেশ গন্তীরভাবে বলল।

আন্দেই নাচে খ্ব কম সময়েই যোগ দিত, কিন্তু তব্ সে কথনো কোনরকম পার্টি' বা বিশ্লের আসর বাদ দিত না।

भ्रात्का -- वद्यास याता एका है जाता वक्रापत अहे वरता कारक।

দেয়ালের ধারে দাঁড়িয়ে ঘাসের শীষ চিবতে চিবতে সে যেন বিসময়ের দ্যিতিতে নাচিয়েদের দিকে তাকিয়ে থাকত।

মেয়েরা তো তার জন্য পাগল কিন্তু আন্দেই কাউকে বিয়ে করতে চাইলে বোধ হয় উত্তর দেবার আগে ব্যাপারটা অনেকক্ষণ ভাল করে ভেবে চিন্তে দেখে নিত . অনেক দীর্ঘনিঃশ্বাস চোথের জল ফেলেও শেষ পর্যন্ত কোন মেয়ে আন্দেইকৈ বিয়ে করার করি নিত না।

'ওকে বিয়ে করলে ভোগাভির শেষ হবে না,' প্রবীণারা বলত, 'স্কুর লোককে বিয়ে করার অসীম দ্র্গতি, তার উপর ওর আবার কথাবার্তা চোথের চার্ডীনও মোটেই স্ববিধার নয়...'

আন্দের্ট ভেফাক সম্বদ্ধে শৃধ্য মেরেরাই যে একথা বলে তা নর। এমন কি গর্বুলিয়া — না ভেবে চিত্তে ঝট করে কারো সম্বদ্ধে মন্তব্য করা তার স্বভাব নয় — সে পর্যন্ত দৃঃথ করে বলে, ওলিওনার ছেলেটার আছে কেবল চেহারা আর জাঁক। আর কিছুই না।

গর্বলিয়া একদিন লেগোভেংস থেকে কুদেনিংসার ফিরছে। খামারের পশ্বশালার জন্য ফলপাতি নিয়ে একটা লরী আসছিল। গর্বলিয়া লরীতে উঠে পড়ল।

তথন মার্চের মাঝামাঝি, বরফ হঠাৎ গলতে স্বর্করেছে। উপত্যকায় স্বক্প বৃষ্টি, ওদিকে পাহাড়ে দ্বদিন ধরে পাতলা বরফ মেশানো প্রবল ধারাপাত। চারদিক খোলাটে, ঝাপসা। ছোট ছোট পাহাড়ে নদীগলো ফেপে ফুলে উঠেছে, পাংলা কাঠের সাঁকোগ্নলো জলের ধাক্কায় কে'পে কে'পে উঠছে। বেজান্ন স্যাংসে'তে, এমনকি ড্রাইভারের কামরাতেও ভেজাভেজা লাগছে।

গর্বলিয়া ড্রাইভারের পাশে বসে ঠান্ডায় কাঁপছে। বাতাসে
ক্যানভাস হ্বভের কানাংটা পংপং করে নড়ছে। গর্বলিয়া তারই
আওয়াজ শ্নে চলেছে। তারপর এমনই কপাল, হঠাং ইঞ্জিনটা
গেল বিগড়ে। ড্রাইভার তো গালাগাল করতে করতে গাড়ি
সারাতে লাগল। সারানো সাঙ্গ হল যথন তথন কুয়াশায় ঢাকা
সন্ধ্যা নেমে এসেছে। ভেজা বরুফের ভারি পর্দা আর গোধ্বলির
অন্ধকার ভেদ করতে পারে গাড়ির হেড্লাইটের সে ক্ষমতা
নেই: স্কুদেনিংসা তথনো বহুদুরে।

অবশেষে গাড়ি তো চলল। পথটা ক্রমশই পাহাড়ের উপরে উঠে গেছে। ইঞ্জিনটা গজরাতে গজরাতে গাড়ি প্রাণপণ চেন্টার উপরে উঠেছে। গিরিছারের দিকে যতই এগোতে থাকে, ততই হাওয়ার জোর বেড়ে যায়, বরফ ঘন হয়ে পড়তে থাকে।

গর্বিরা দেখে চলেছে ড্রাইভার কী চমংকার দক্ষতার সঙ্গে ঐ আঁকাবাঁকা পাহাড়ে রাস্তা দিয়ে লরীটাকে নিয়ে যাছে। ড্রাইভার কায়দা করে একেকটা বাঁক ফেরা মার্রই গর্বিলয়া বাহবা দিয়ে একটা শন্দ করে ওঠে। এই বয়সেও গর্বলিয়া অন্যদের যে কোন কাজের দক্ষতা দেখে মৃশ্ধ হতে সক্ষম, বিশেষ করে যে কাজ সে নিজে পারে না। তারপর এল গিরিষার লরীটা সর্বশক্তি প্রয়োগ করে ধীরে ধীবে গর্নুড় মেরে এগোতে লাগল। হেডলাইটের আলোটা যেন জলে গালে গিয়ে তেলচিট্ডিটে হয়ে উঠেছে। থালি ডাইনে বাঁয়ে নড়ছে। হঠাং সেই আলোয় অন্ধকারের ব্রুকে একটি মান্ব্রের শরীর ফুটে উঠল। লোকটি লরীর দিকেই এগিয়ে আসছে। রাস্তা ছেড়ে একেবারে খাদের ধারে গিয়ে দাঁডাল।

্র 'এরকম দিনে কে বেরতে পারে?' গর্বলিয়া অবাক হয়ে জিজ্জেস করল।

জ্বাইভার রেক চেপে ধরে গাড়ি থামিয়ে দরজাটা খ্লালা। ইজিনটা থামার সঙ্গে সঙ্গেই গর্লিয়ার কানে এল গিরিদ্বারে হাওয়ার তুমুল গর্জন।

'শ্নেছেন,' গর্বিলয়া চে'চিয়ে বলল, 'আপনি কোথায় যাবেন?'

'বেশি দুরে নয়,' শাস্ত কশ্ঠে জবাব এল, 'বসতিতে যাব।' 'কিন্তু আপনি লোকটি কে?'

'আমার চিনতে পারছেন না?'

লোকটি লরীর দিকে এগিয়ে এল। গর্বলিয়া তীক্ষা দ্ভিটতে দেখতে লাগল।

'আরে, আন্দেই যে!' 'হ্যাঁ, আমিই ভূইকু। আছো, আসি তাহলে!' 'এমন দিনে হঠাং বসতিতে চলেছ, ব্যাপার কী? 'কিছ্নুই নয়, একটু মজা করতে চলেছি।'

"মরগে, যাও!' গব্দলিয়া জনলে উঠে থাক করে থাতু
ফেলল। 'তোমার মতো হতভাগাকে আটকান দায়।'

আন্দেরই ছেসে উঠল। তারপর ছঠাৎ থেমে গিয়ে যেন মনের অনেক বাধা কাটিয়ে উঠে আন্তে আন্তে বলল।

'তবে শ্ন্ন ব্যাপারটা, স্তেপান ওস্হোভ্কার ওখানে চলেছি '

গর্বলিয়ার কান খাড়া হয়ে উঠল ব্ডো স্তেপানের মের্যেটি বছর খানেকের বেশি খ্ব ভূগছে। অনেক দিন উজগরদে হাসপাতালে ছিল, এখন তাকে কিয়েভে নিয়ে যাওয়া হয়েছে। অপারেশন হবে। অপারেশনে বিশেষ কিছ্ ফল হবে বলে মনে হয় না, কিছু তব্ একবার শেষ চেন্টা, যদি মেয়েটিকে বাঁচান যায়। রোগটা তার সাংঘাতিক।

'ওস্মোড্কার কাছে কেন?' গর্বলিয়া জিজের করল।
'এমনি,' আন্দেই শান্ত কপ্ঠে জবাব দিল, 'গ্রাম সোভিরেতে
আমি থাকতে থাকতেই ব্ডোর নামে একটা টেলিগ্রাম এল।
সব ঠিক আছে, গাফিরা একেবারে ভাল হয়ে যাবে।'

'তাই নাকি? সতিঃ?' 'হাাঁ, সতিঃ।' 'তুমি ব্ৰিঝ টেলিগ্ৰামটা নিয়ে চলেছো?' 'অফিসে টেলিগ্ৰামটা তো সেই সকাল পূৰ্য'ন্ত পড়ে থাকবে?' আন্দ্রেই বলল, 'ব্ৰুড়োর তো এমনিতেই রাত কাটতে চায় না আচ্ছা, চলি তাহলে!'

জলে ভেজা টুপির কানাংটা চোথের উপর টেনে দিয়ে। আন্দেই চলতে সূত্র করল।

স্কুদেনিংসার বাকি আট কিলোমিটার পথটায় গর্রালয়া আর ড্রাইভার একটিও কথা বলল না। ড্রাইভার থেকে থেকে থালি লরী থামিয়ে উইশ্ড স্ফানের বরফ মোছে। লরীটা গ্রামের পথ দিয়ে চলতে স্বর্করার পর গর্বলিয়া প্রথম কথা বলল।

্মিথাইলো। প্রাইভারের উদ্দেশে এমন ভাবে চেচিয়ে উঠল যেন সে অনেক দরে রয়েছে।

'কী বলন্ন কমরেড সেক্রেটারী,' ড্রাইভার জবাব দিল। 'বলছিলাম কী,' গর্নুলিয়া চিন্তান্বিতভাবে বলল, 'অন্যের দ্বঃখ বা আনন্দের সময়েই মানন্বের স্তিকার পরিচয় পাওয়া যায়। সে পরিচয়ে কখনো ভল হয় না!'



খেত তিস্সা

পনের বছর আগে শ্বেত তিসসা তার দৃই ছেলে পিওতর আর সেমিওনকে টেনে নিয়েছে।

বসভের যনার সময় তারা ডেলিকয়ে যিচ্কভোর দিকে কাঠ ভাসিরে নিযে চলেছিল। পাথ্রে চড়ার গায়ে পড়ে হিমশীতল জলের তথন কী গর্জন আর ফেনা ছড়ান! সংকীর্ণ কার্পেথিয়ান উপত্যকা সে গর্জনে ভরে গেছে আর হৃৎস্কের ভেলাওয়ালা জলের ঝাপটায় রামধন্ রং তুলে তরতর করে ভেলা নিয়ে চলেছে — এত জোরে যে ঘোড়ায় চড়েও তাদের সঙ্গে পালা দেওয়া চলে না।

দ্বপাশের গ্রামের ছোট ছোট ছেলেরা আর ঘরকুনো ব্রেড়ারা ভেলা দেখতে নদীর পাড়ে ছুটে এসেছে।

'সা-মা-ল।' ভেলাওয়ালাদের উদ্দেশে চে'চাচ্ছে ব্যুড়োরা। তারা নিজেরাই একদিন খেত তিস্সার ব্যুকে ভেলায় কাঠ নিয়ে পাডি দিয়েছে।

'সা-মা-ল।' ছোট ছেলেরা ব্রড়োদের প্রতিধর্নন তুলছে। তারাও একদিন ভেলা নিয়ে পাড়ি জমাবে।

ভিজে জনুবজনুবে ভেলার মাল্লারা কিন্তু আগে থেকেই সতর্ক হয়ে রয়েছে। পা ফাঁক করে সামনে একটু ঝু'কে ভারা দাঁড়িয়ে আছে, যেন পাহাড়ের ঢালনু বেয়ে ফিক-খেলনুড়েরা নাঁমছে। নদাঁর দিকে একদ্যেট তাকিয়ে থেকে চোখ তাদের বেজায় টনটন করছে, ভেলার মাথায় বসান লম্বা লম্বা হালগ্লো তারা দক্তহাতে ধরে রেখেছে।

ভেলাগ্রলো একটা আরেকটার পিছনে ভেসে চলেছে, মাঝখানে কেবল কয়েক মিনিটের ব্যবধান। নদীর ব্রকের উপর ঝোলা ছোট্ট সাঁকোগ্রলোর তল দিয়ে ভেলাগ্রলো সাঁ করে বেরিয়ে যাছে। মাল্লারা তথন উব্ হয়ে বসে পড়ছে, কাঠের সাঁকো প্রায় তাদের মাথা ঘে'ষেই বেরিয়ে যাচ্ছে। সাঁকো পেরন মাত্র তাদের শরীরগালো এক কটকায় আবার খাড়া হয়ে উঠছে।

পিওতর আর সেমিওনের ভেলার সঙ্গে আবার একটা ছোট্ট ভেলা লাগান ছিল। আসল ভেলাটা চল্বিশটা ফারগাছের গ্রিড়র তৈরী। তার পিছনে বাঁধা রয়েছে অন্টা। সামনের ভেলাটার মাঝখানে দুটো গ্র্ডির মধ্যে একটা দুমুখো তক্তা গ্রেড দেওয়া হয়েছে। তার উপর ঝুলছে সব্ক ক্লানেলের পাড় দেওয়া দুটো সাদা জ্যাকেট আর ক্যানভাসের একটা থলে, তাতে রয়েছে কিছ্ব বেকন আর কর্ণরুটি।

ভেলা চলেছে পিওতর আর সেমিওনের গ্রাম পার হরে। ছোট ভাই সেমিওন, মুখে তার বসন্তের দাগ, বরস নেহাৎ কম, হঠাৎ দেখতে পেল বাচ্চা কোলে একটি মেরে তারে দাঁড়িয়ে রয়েছে। একটা পাথরের উপর দাঁড়িয়ে মেরেটি ভেলা দেখাবার জন্য বাচ্চাটিকৈ দুহাতে তুলে ধরেছে। চোখে রোদ পড়ায় তার চোখ কুচকে গেছে।

'এই পিওতর!' সেমিওন তার ভাইকে ডেকে বলল, 'ঐ যে তোমার ওলিওনা রাুরকোকে নিয়ে তীরে দাঁড়িয়ে!'

'ওসব এখন দেখতে হবে না!' পিওতর ধমকে বলল, বউ আর দূবছরের ছেলেটাকে দেখার ইচ্ছে অবশ্য তারও ছিল। জলে রোদের ছটায় চোথ ধাঁধিয়ে যায়। জীর্ণ টুপির কানাংটা পিওতর চোখের উপর আরো টেনে নামিয়ে দিল।

ঠিক পাঁচমিনিট পিছনেই আসছে ওদের বাবা, বুড়ো মিখাইলো বেলানিয়্ক তার ভেলা নিয়ে। এখনো সে খ্ব ব্ঞা হয়ে পড়েনি, তবে তিস্সার যত ভেলার মাল্লাদের মধ্যে সেই সেরা। ছোটুখাট্র লোকটিকে তাই সবাই শ্রদ্ধা করে পঞ্চাল্ল বছর বয়স হলে কী হবে, তার মতো সাহসী আর দক্ষ মাল্লা আর নেই। নদী কোথায় হঠাৎ নিচে নেমেছে, কোথায় কোন পাথর আর চড়া লুকিয়ে আছে সব তার নথদপ্রে। এই ছোটু ভীষণ নদীর মনমেজাজ তার ভাল করেই জানা, যেন এক বাড়িতেই দুজনে থেকেছে ৷ কখন তার সঙ্গে ছলচাতরী করতে হবে, কখন কিছ, গারের জোরি, তা সবই তার জানা। কোন জারগায় বিশ্বাস করে স্রোতের মুখে ডেন্সা ছেড়ে দেওয়া যেতে পারে, সে কথাও তার অজানা নয়। তিস্সাকে কি সে ভালবাসে? সে কথা নিয়ে বুড়ো বেলানিয়ুক কথনো মাথা ঘামায়নি ৷ বউয়ের কাছ থেকে স্বামীকে ছিনিয়ে নেয়, প্রেমিকার কাছ থেকে দয়িতকে, তীরের কবরখানাগুলোয় প্রতিবছর বাড়িয়ে চলে চুবের সংখ্যা, এমন নদীকে কি ভালবাস। যায় অবশ্য বেল্যানয়ুকের পরিবারের প্রতি সে সদয়। বেল্যানয়ুকের বাবা ঠাকুর্দা দ্বজনেই মারা গেছে স্ব্রভাবিকভাবে। আর মিখাইলোও তো দিব্যি নিঝঞ্চিটে ছেলেদের নিয়ে কাঠের গাঞ্ডি ভাসিয়ে চলেছে। নদীর সত্যিকার পরিচয় মিথাইলো জানে। ভাই তিস্সার সঙ্গে তার সম্পক্টা অত্যন্ত সহজ সরল, নিছক কাজের সম্পর্ক ।

ছেলেদের বেলায় মিখাইলো খুব কড়া। তাদের নিয়ে গর্ব ও খুব, যদিও মুখ ফুটে কাউকে সেকথা সে বলে না। ছেলেদ্টি যেমনি সাহসী তেমনি খাটতে পারে বউ যখন মারা গেল মিখাইলোর তখন কতই বা বয়স, কিন্তু ত্রম্ সে আর বিয়ে থাওয়া না করে নিজের হাতেই ছেলেদের মান্য করেছে। গ্রীত্মের উঞ্চ দিনে ছোট ছোট ছেলেদের হাত ধরে সে চলে যেত নদীর ধারে। ঢেউয়ে ধোয়া চ্যাপ্টা একটা পাথর খুজে নিয়ে তার উপর ছেলেদের দাঁড় করিয়ে দিত, তারপর কনকনে ঠাপ্ডা জলে তাদের রান করত।

অন্য কোন ভেলার মাল্লা এ কাজ করলে তাকে নিয়ে কম হাসিঠাট্টা হত না, মেরেলি কাজের জন্য তার একটা নামও দেওয়া হত। কিন্তু শ্বেত তিস্সার রাজা স্বয়ং এ কাজ করলে সে কথা আলাদা — বনরক্ষকরা বেলানিয়কুককে ঐ নামেই ডাকে।

বড় ছেলে পিওতর যথন বিয়ে করে তার ঘর ছেড়ে কনের বাড়িতে গিয়ে উঠল, মিথাইলোর তথন খুব থারাপ লাগে মনের ঈর্ষা সে মনেই চেপে রাখল, স্কুলরী হাসিখ্নিস প্রবধ্টিকৈ সে মোটে দেখতে পারত না — ছেলেকে সে কেড়ে নিয়ে গেছে। কিন্তু সেই ঘ্লাও সে ল্কিয়ে রাখল। নাতির মুখ দেখেও ওলিওনার প্রতি ব্জোর রাগ দ্র হল না। পিওতরের বাড়ি মিখাইলো খুব কমই যায়, তাও যায় যখন নাতিকে আর কোন ভাবে দেখার উপায় থাকে না, তথনই। সে থাকে

সেমিওনের সঙ্গে। ব্রড়োর মনে ভীষণ ভয়, কোনদিন কোন সুন্দরী এসে তার ছোট ছেলেটিকেও না নিয়ে যায়।

তাও নিল, কিন্তু কোন স্বন্দরী মেয়ে নয়, শ্বেত তিস্সা। তাও আবার একসঙ্গে দ্বছেলেকেই।

গ্রাম পেরিয়ে একটা জোরাল বাঁক ঘ্রুরেই পিওতরদের ডেলা পড়ল গিয়ে একেবারে স্লোতের মাঝখানে। উপত্যকাটা এখানে বেশ চওড়া, অনেকটা জ্বড়ে ছড়িয়ে আছে। সংকীর্ণ গিরিবছের মুখ থেকে নদীটা তার উপর এসে পড়ছে প্রবল বেগে।

'ভাইনে সামসে। নইলে স্লোতে টেনে নেবে!' পিওতর ভাইরের উদ্দেশে চে'চিয়ে উঠে সারা শরীরের ভর দিয়ে ঝু'কে পড়ল হালের উপর।

সেই স্রোতের সঙ্গে যুদ্ধ করা কঠিন ব্যাপার। দুহাতের মাংসপেশি যেন ছি'ড়ে বেরিয়ে আসতে চার। জঙ্গা থেকে উঠে আসা ঠান্ডা আর বাতাস সত্ত্বেও ভাষণ গরম লাগছে, হাঁপ ধরে যাছে। শাদা ফেনা ওঠা তেউগুলো ভেলার দুধারে ভাষণ জার বাড়ি মারছে। কাঠের গ্র্নিড়গুলো পায়ের তলে সশব্দে লাফিয়ে উঠছে, আড়কড়িতে তারা যেন বাঁধা থাকতে চায় না। কিন্তু পিওতর আর সেমিওন, মাথা ঠান্ডা করে থ্র ব্লিছ্ক থাটিয়ে ভেলাটাকে কিছুটা শান্ত জলের দিকে নিয়ে এল।

আর কয়েক মিটার মাদ্র বাকি এমন সময় হঠাৎ এক তুম্বল তোলপাড় শব্দ। জলের নিচে লাকনো তীক্ষা, পাথরে লেগে ভেলা হঠাৎ থেমে গেছে। পিওতর আর সেমিওন কিছা বোঝার আগেই পিছনে বাঁধা ছোট ভেলাটা খাড়া হয়ে উঠে বাঁধন ছি'ড়ে সোজা একেবারে বড় ভেলাটার উপর এসে পড়ল। ভেজা কাঠের গর্নাড়র উপর দিয়ে গাঁড়িয়ে পিওতর আর সেমিওনের পিঠে লাগাল এক মারাত্মক ধারা। পিওতর আর সেমিওন ছিটকে পড়ে গেল। ছোট ভেলাটাও ভেঙে টুকরো টুকরো হয়ে গিয়ে আবার জলের উপর পড়ল। ছেলেদন্টির সাট মৃহত্তের জন্য বাতাসে চমকে উঠে সেই উজ্জ্বল উন্মন্ত জলের অতলে সব মিলিয়ে গেল।

করেক মিনিট পরেই মিখাইলো বেলানির্কের ভেলাটা গিরিবর্থের ভিতর দিয়ে ছিটকে বেরিয়ে এল। বিপর্যয়ের চিহ্গর্লো ব্রড়ার চোখে পড়ল, তার সঙ্গরিও। একটা খোঁটামতো পাথরের চারপাশে একটা আধভাঙা ভেলা পাক খাচ্ছে, যেন ঐ পাথরটাতেই সেটাকে নোঙর করে রাখা হয়েছে। কয়েকটা ভেলা কাঠের গর্নাড় খাড়া পাড়ের কাছে ভেসে গিয়ে ঝোপে আটকে একেবারে খাড়া হয়ে দাঁডিয়ে আছে।

ভয়ে মিখাইলোর সারা শরীর অবশ হয়ে গেল।

'সাঙাত,' ওর গলা দিয়ে আওয়াজই বেরয় না প্রায়, 'আমার পিওতর আর সেমিওনের ভেলা।'

মিখাইলোর মনে একটা ক্ষীণ আশা ছিল, তার সঙ্গী বলবে, 'না, না, ওদের ভেলা নয় মিখাইলো!' কিন্তু সঙ্গীর মূখ ফ্যাকাশে হয়ে গেল, হালটা হাত থেকে প্রায় ফেলে দিয়েই সে চেচিয়ে উঠল: 'ভগবান! পিওতর আর সেমিওন[্]

তারপর আর ব্রুড়ো বেলানিয়্র কের কিছ্ই মনে নেই। তার ভেলা তীরের দিকে এগিয়ে গেল, লোকজন সবাই নদীপারে ছুটে এল, কিছ্ই তার মনে নেই। মিখাইলো নদীর তীরে বসে রইল, হাতে কেন জানি না জলে ধোয়া রোদে গরম একটা ন্রিড়। সবার কথাবাতা সে শ্নতে পাছেে কিন্তু তারা কী বলছে, কেন বলছে, কিছ্ই ব্রুতে পারছে না

পিওতর আর সেমিওনের মৃতদেহের সন্ধান স্বর্ হল। বেলানিয়াককে সবাই বাড়ি পাঠিয়ে দিতে চাইল, বুড়ো কিন্তু কিছ্তেই যাবে না। সেও একটা লগি তুলে নিয়ে অন্যদের সঙ্গে নদীর তীর ধরে এগিয়ে গেল।

চারদিন ধরে অন্সন্ধান চলল । রাথভো পর্যস্ত তারা গেল।
কিন্তু কিছ্ই পাওয়া গেল না। ব্ডো নিজে ধারিশ্বিরভাবে
অন্সন্ধানের পরিচালনা করে চলল, পথে যাদের সঙ্গে দেখা
হল তাদের জিজ্ঞাসাবাদও করল। তার সেই শান্তভাব
সাজ্যিই ভয়াবহ। মনে হল পিওতর আর সেমিওনের খোঁজ
করছে না, খোঁজ করছে দ্কান সম্পূর্ণ অপরিচিত
লোকের।

চারদিনের দিন সন্ধার দিকে মিখাইলো আর তার বন্ধরা বাড়ি ফিরল। চারদিনের মেহনতে তারা ভেঙে পড়েছে। একটা শুড়ীখানার ঢুকে সবাই পিওতর আর সেমিওনের অমর আত্মার উদ্দেশে পালিৎকা* খেতে লাগল। প্রচুর মদ টানল সবাই, প্রথমে নিঃশব্দে বিষয় মনে। তারপব স্বর্ হল নিজেদের দুঃখদারিদ্রে ভবা নিরানন্দ জীবন নিয়ে অভিযোগের পালা।

বৃষ্টি নামল। প্রায় অন্ধকার শৃঞ্বীখানায় স্যাতসেতি ভাব।
দেয়ালভরা মাছির দাগ, তামাকের ধোঁয়ায় কালো কতগ্নলো
বিজ্ঞাপন টাঙান: ব্যবসায়ীরা বেচতে চায় তাদের মাল। জাই।জ কোম্পানিগ্লো বলছে, প্থিবীর যে কোন বন্দরে যেতে চান
নিয়ে যাব।

'একটা গ্রেধনটন পেরে গেলে বেশ হয়,' হঠাৎ গভাীর হতাশার সঙ্গে বলল ব্যুড়ো মিখাইলো, একটু নেশা তার ধরেছে, 'তারপর স্বকিছ্যুকে, সারা জগংকে কলা দেখিয়ে বেড়াব!'

'গৃত্থখন — ঠিক বলেছ,' সায় দিল মিকলা স্বতা, বেলানির্কের জ্বোড় সে। যোটাসোটা স্বপ্নালা, লোকটির উপর বিরাট পরিবারের ভার। 'গৃত্থখন পেলে পর সারাদিন শৃত্থীখানায় বসে বসে জানলা দিয়ে নদীতে থাক্ করে থাতু কেলব . বাস !'

'না, না, মিকলা। নদী সম্বন্ধে ওভাবে কথা বলা উচিত নয়', ঘরের কোণ থেকে কে যেন ধমক দিয়ে বলে উঠল। 'নদীই তো বাপ, তোমার আমার মিখাইলোর মুখের অম জোগাচ্ছে ...'

'মোটেই না!' বেণ্ডি থেকে লাফিয়ে উঠে মিথাইলো চে'চিয়ে

একধরনের ঘরে তৈরী কড়া মদ।

বলল, 'আমার এই হাতদ্টোই আমার মুখের অন্ন জোগায়, এই হাতদ্টো …' মিখাইলো নিজের হাতদ্টো প্রচণ্ড জোরে টানতে সূর্ব করল, জঞ্জাল দ্টোকে যেন ছি'ড়ে ফেলতে চায়, সেগ্লো যেন এখন বোঝার মতো।

সবাই ধরে বে'ধে মিখাইলোকে বেণ্ডিতে বসিয়ে দিয়ে আরেক প্রাস পালিংকা এনে দিল। প্রাসটা শেষ করে মিখাইলো কিছুটা শান্ত হল।

'কিন্তু গ্রন্থধনটা কোথার পাওয়া যার?' অনেকক্ষণ চুপ করে থাকার পর মিকলা জিজ্ঞেস করল ৷

'বনের মধ্যে,' মিখাইলো বলল, 'দভব্দোর* লোকেরা এখানেই তাদের ধনরত্ব লাকিয়ে রেখে গেছে।'

'কিন্তু তুমি আমি কি পাব?'

মিখাইলো কোন উত্তর দিল না।

লোকে বলে আরো কিছ্বদিন পরে বেলানিয়্কের বখন দ্বংখটা সরো গেল তখন সে মিকলা স্বতাকে নিয়ে বনে গিয়েছিল গ্রেধনের সন্ধানে, কিন্তু কিছুই জোটোন।

ব্যুড়ো বেলানির্ক এখন বরুসের ভারে ঝুঁকে পড়েছে, পাহাড়ের গায়ের ছোটু কুঁড়েছরটায় বসে বসে প্রপারের দিন গুনছে।

ওদিকে মিখাইলোর ছেলের বোঁ ওলিওনা বিধবা হবার দ্ব'এক বছর পরেই বনের এক বেঞ্জারবাব্ব নজরে পড়ে গেল।

^{*} জাতীয় বীর নায়ক।

সে এসে ওলিওনা আর তার ছেলে বাচ্চা র্রকোকে নিয়ে চলে গেল গ্রিশ কিলোমিটার দ্রে তার বনের বাড়িতে। ব্রুড়ো মিথাইলো মাঝে মাঝে নাতিকে দেখতে যেত। কিন্তু ইদানীং তাও আর পারে না, শরীর বড় দ্রবল হয়ে পড়েছে। পথও তো অনেকটা। মিথাইলো এখন আর খেত তিস্সার ব্রুকে কাঠের গায়্ডি ভাসার না। সপ্তাহে দ্রিদন যখন উজান থেকে ভেলাগারলো গ্রামের পাশ দিয়ে বয়ে বয়ে মিখাইলো দরজায় খিল এটে বসে থাকে, একমাত্র জানলাটায় ছাগলের চামড়ার কোট বুলিয়ের দেয়।

কিন্তু শেষপর্যন্ত এই নিঃসঙ্গতা তার আর সহ্য হল না। নদী লোকজন, কুড়্লের আওয়াজ আর 'সাবধান, সাবধান' রব তাকে টানতে স্ব্রু করল। বুড়ো মিখাইলো কু'ড়েঘরের দরজার তালা এ'টে পাহাড় থেকে নেমে এল তীরে যেখানে ভেলা তৈরী হয়। পাহাড়ের ঢাল্লু বেয়ে বিরাট সব গাছ সেখানে গড়িরে পড়ে। পরনে তার কাজ করা ছাগলের চামড়ার ভেস্ট্ আর সাদা ঘরে কাটা পশমের ট্রাউজার, চারটে বকলস লাগান বিরাট চওড়া বেল্টে সেটা বাঁধা। ছোট ছেলের মতো ফোলাফাঁপা চুলগ্লো সোজা পিছনে উল্টে আঁচড়ান। জরাজীণ ব্দ্ধটির মুখে কেমন একটা উত্তেজিত ভাব। মিখাইলো ঘ্রুরে ঘ্রুর ভেলার মাল্লাদের কথাবার্তা শোনে, তারপর দ্বের বসে অনেকক্ষণ ধরে বিশ্রাম করে আর মাল্লাদের কাজকর্মা দেখে।

পেট চালাবার জন্য শ্বেত তিস্সার রাজাব কাজ ছিল পাইপ বানান। বেশ বিক্রিও হত পাইপগালো কারণ মিখাইলো বহন ষত্ন করে সেগ্রেলা বানাত। লম্বা ডাম্ডায় থাকত নানা রকম সব কার্কাজ। যা টাকা পেত কর্ণ কেনার পক্ষে তা যথেক্ট। কর্ণ দিয়ে মিখাইলো পাতলা রুটি আর ঝোল বানিয়ে নিত।

* * *

সোভিয়েত সরকার বুড়ো বেলানিয়ুকের জন্য পেনসনের বাবস্থা করল। প্রথম দফার টাকাটা নিয়ে এল গ্রাম সোভিয়েতের একটি মেয়ে, একটা রসিদে বুড়োকে সে সই করতে বলল। বুড়ো আবার লিখতে জানে না। উন্নের কাছে গিয়ে কিছুটা উন্নের কালি বুড়ো আঙ্কুলে লাগিয়ে টিপসই দিয়ে দিল একটা।

মেয়েটি চলে যাওয়া মার মিখাইলোর মন ব্যস্ত হরে উঠল।
কিছ্তেই ভেবে পেল না টাকাটা তাকে কেন দেওয়া হল। ভূল
হয়নি তো কিছ্ ? ভিক্ষা নয় তো?.. সামনের দরজাটায় একটা
খাটি ঠেকিয়ে দিল, তাতে বোঝা যাবে বাড়িতে কেউ নেই।
তারপর রওনা হল গ্রাম সোভিয়েতের উদ্দেশে। অথবের মতো
ধাকতে ধাকতে হেটে চলল পাহাড়ে পথ বেয়ে নিচের দিকে।

গ্রাম সোভিয়েতে তথন লোক গিজগিজ করছে, ঘর ভামাকের ধোঁয়ার ভার্তি। সভাপতি স্তেপান গাসিনেংস মিথাইলোর প্রেরনা বন্ধ্যার ফার লাগানো একটা বহ্বাবহারে জীর্ণ টুপি চড়িয়ে ঘরের এক কোণে সে বসে আছে, সামনে তার টেবিল। উদ্বিপ্ন মুথে, ঘর্মাক্ত কলেবরে নথিপত্রের পাতা উল্টে পাশের লোকটিকে কী সব পড়ে শোনাচ্ছে। পাশের লোকটি নিশ্চরই নবাগত কারণ মিখাইলো আগে আর কখনো তাকে দেখেনি। লোকটাকে দেখেই মিখাইলো তার প্রতি বির্পে হয়ে উঠল কেমন যেন গোমড়াম্খো রাগী রাগী ভাব। তব্ টুপিটা খুলে স্বাইকে কন্ই মেরে মিখাইলো টোবলের কাছে এগিয়ে গেল।

'কুমে,'* সভাপতিকে উদ্দেশ করে মিখাইলো বল্ল, 'টাকাটা পেয়েছি।'

'ভাস কথা,' সভাপতি তাড়াতাড়ি জবাব দিল।

'কিন্তু কেন দেওয়া হয়েছে তাই জিল্পেস করতে এসেছি।'

'আছি। মুশ্কিল কুমে,' সভাপতি রেগে উঠল, 'দেখছ তো আমি ব্যস্ত আর এখন তোমার টাকার গপ্প জুড়েছ। তোমায় টাকাটা দেওয়া হয়েছে, ব্যস, এর মধ্যে আবার গোলমাল কিসের!

স্তেপান গাসিনেৎসের কাজে ব্যাঘাত ঘটানর মিশাইলো অপ্রকৃত হয়ে পড়ল। ঘর থেকে বেরতে যাবে এমন সময় হঠাৎ সেই নতুন লোকটি কথা বলে উঠল।

'এক মিনিট দাঁড়ান,' বলে লোকটি গাসিনেৎসের দিকে ভুরু ভুলে ঘুরে তাকাল, কপালে মোটা মোটা ভাঁজ পড়ে গেল। 'পেনসনের টাকার কথা হচ্ছে বোধ হয়?'

'আর কিসের টাকা ও পাবে বল?' গাসিনেৎস কাঁধ ঝাঁকিয়ে বলল।

সমবয়সী বন্ধু বা আত্মীয়ন্বজনদের মধ্যে প্রচলিত ভাক।

'দাদ্ৰ, সোভিয়েত সরকার আপনাকে এই টাকাটা দিচ্ছে।
আপনি তো সারা জীবন কাজ করেছেন, তাই।' কথাটা বলতে
বলতে আগত্ত্বক উঠে দাঁড়াল, তথন দেখা গেল লোকটি কী
অস্বভোবিক রকম লম্বা।

'তা বটে, সারা জীবন কাজ করেছি, সে কথা ঠিক,' মিথাইলো মেনে নিল, 'প্রত্যেকেই সে কথা বলবে।'

'এখন থেকে প্রতিমাসে তুমি এই টাকাটা পাবে: 'গাসিনেংসের মনমেজাজ হঠাৎ বেশ খুশ্ হয়ে উঠল। 'সোভিয়েত সরকার দেবে, বুঝেছ কুমে?'

'তার ভাল হোক,' মিখাইলো বিড়বিড় করে বললঃ তখনো সে ঠিক ব্রুতে পারেনি টাকাটা তাকে কেন দেওয়া হবে, তাও আবার প্রতিমাসে! ব্রুড়ো বয়সের জন্য?.. কিন্তু আগে কখনো তো দেওয়া হয়নি। যা হোক এটুকু সে ইতিমধ্যে আঁচ করতে সর্ব্রু করেছে যে, আশেপাশের স্বকিছ্ই আগের চেয়ে বদলে যাছে। নদী আর বনে যারা কাজ করে তাদের কথাই ধর না। এখন তাদের কী কাজের তাড়া, যেন অত্যন্ত ভাল কিছ্র, আনক্দের কিছ্রু তাদের জন্য অপেক্ষা করে রয়েছে। শ্বেত তিসসার ব্রুকে ভেসে যাওয়া ভেলার সংখ্যাও প্রতিদিন বৈড়ে যাছে। আর কী সব 'পরিকল্পনা', 'প্রতিযোগিতা', 'দন্বাস্'*

मत्त्रिंश क्यला अनाका।

ওরা বলে, ও সব কথা আগে কথনো কেউ কানেও শোনেনি।
বুড়ো বেলানিয়ক কথাগুলোর মানেই বুঝত না। কিন্তু শ্বেত
তিসসার ভূতপূর্ব রাজার পক্ষে কি অলপবয়সী ছোকরাদের
কাছে ও সব জিজ্ঞেস করা সাজে! সমসাময়িক যারা এখনে
বে'চে আছে তারাও তার মতোই যে তিমিরে সেই
তিমিরে।

'দাদ্ধ, আপনি থাকেন কোথায়?' আগস্তুক লোকটির কথার বুড়োর ভাবনার খেই হারিয়ে গেল।

'ঐ পাহাড়ে,' আঙ্কে দিয়ে দেখিয়ে বেলানির্ক বলন।
তারপরেই হঠাৎ সতর্ক হয়ে উঠে জিজেস করল, 'তাতে কী
প্রয়োজন ?'

'আপনার বাড়ি একবার যেতে চাই, আপত্তি নেই তো?'

মিথাইলো লোকটিকে একবার দেখে নিল। লোকটির সব কিছুই বিপ্লোকার: গোছা গোছা সোনালী চুলে ভরা মাথাটা, হাতদ্টো, গভীর কোটরে বসানো স্থিরদ্বটি চোখ — সে চোখে আয়নার মতো মিখাইলো তার নিজের ছায়া দেখতে পেল। লোকটির মুখে এমন একটা সদর বন্ধ্রের ভাব রয়েছে যে মিখাইলোর বিদ্বেষ মৃহ্তুর্তের মধ্যে দ্ব হয়ে

'নিশ্চয়ই,' মিখাইলো বলল, 'কোন আপত্তি নেই।' 'অসংখ্য ধন্যবাদ,' দৈত্যটি হেসে উঠে মিখাইলোর দিকে হাত বাড়িয়ে দিল। দিনের শেষে নৌবাহিনীর প্রতিন সাব-অফিসার, বর্ত মানে আণ্ডলিক পার্টি কমিটির প্রচারক মাক্সিম গালিচেঙেকা সতিট মিখাইলো বেলানিয়নকের বাড়িতে এসে হাজির হল। ও ঘরে টোকামার কু'ডে্ঘরটিতে যেন একেবারে ঠাসাঠাসি লেগে গেল। গালিচেঙেকা তার ব্যাগটি টোবিলের উপর রেখে কিছু রুটি বেকন আর সিদ্ধ ভিম বের করে ব্রড়াকেও তার সঙ্গে খাবার নিমল্যণ জানাল। দ্বজনে নিঃশল্যে খেয়ে চলল। খাওয়া শেষ হলে পর দ্বজনে বারাল্যার গেল ধ্যুপানের জন্য।

'আচ্ছা দাদ্ব, আপনিই যে খেত তিস্সার রাজা সে কথাটা আগে বলেননি কেন?' গালিচেথেকা জিঞ্জেস করল।

'রাজা ছিলাম অনেক কাল আগে,' দুখের হাসি হেসে মিখাইলো বলল। 'এখন সব নতুন রাজা হয়েছে। তা ছাড়া রাজা হয়ে লাভটাই বা হল কী?'

মিখাইলো গালিচেওকাকে তার জ্ञীবনবৃত্তান্ত বলতে স্বর্ করল। গ্রামের আর কেউ ঐ গলপ শ্লতে চায় না, সবাই ওকথা জানে। সব ব্ডোদের মতো মিখাইলোরও প্রবনো কালের প্রতিটি খ্লিটিনাটি কথা মনে আছে, যদিও গতকালের কথা সে ভূলে গেছে। প্রবনা দিনের স্মৃতি তার কাছে অত্যন্ত প্রিয়। তার বলার মধ্যে কোথাও অত্যুক্তি বা নিন্দে নেই, যেন অন্য কারো কথা সে কেবল দশকৈ হিসেবে বর্ণনা করে যাক্ষে।

গালিচেণ্ডেকা তার গলপ শ্বনতে শ্বনতে ভাবতে লাগল, এই ক্ষমতাবান আর সাহসী লোকটিকে কী দারিদ্রা আর বন্ধনের

মধ্যেই না দিন কাটাতে হয়েছে, কী বিরাট আনন্দ আর কাজ করার সুযোগই না সে হারিয়েছে, অথচ তাতে তার পুরো অধিকারই ছিল। তার বৃদ্ধি শক্তি সাহস, তার সর্বকিছ্ম শুধ্ব বে'চে থাকার চেন্টাতেই বাস্ত থেকেছে। মিখাইলো তার নিভে যাওয়া পাইপটা আবার ধরাল। দেশলাইয়ের অলপ আলোয় তার শিরা-ওঠা, কর্মপ্রাস্ত হাতদ্টো গালিচেন্ডেকার চোথে পড়ল। ঐ দুটি হাতে কী মহৎ জীবনই না গড়ে উঠেছিল!

ব্রুড়োর গলপ আর পাঁচজনের মডোই। আগে অনেকবার শানেছে গালিচেথেকা, তব্ও ওর সঙ্গে সদ্ধ্যা কাটানর জন্য এতটুকু অনুশোচনা হল না তার। গালিচেথেকার প্রতায় হল যে এবার সে ব্রুডে পেরেছে, শ্বেত তিস্সার লোকেদের সঙ্গে কী ভাবে কী কথা বলা উচিত। এটাই তো স্বচেয়ে প্রয়োজনীয় কাজ।

খরে ফেরার পর মিখাইলো এক টুকরো মোমবাতি জন্মলাল। গালিচেতেকা বলল:

'আছ্যু দাদু, আপনাদের এই নদীতে আরো বড় গোছের ভেলা ভাসান যায়?'

অতিথির দিকে একবার চেয়ে মিখাইলো ভূর্ কু'চকল।
'যৌবনে এখনকার চেয়ে দেড়গালে বড় একটা ভেলা
ভাসিয়েছিলাম। গিয়েছিলাম একেবারে রাখভো পর্যন্ত চড়ার
উপর দিয়ে শাধা নয়, পনের মিটার প্রপাতের ভিতর দিয়ে।'

বেলানিয়্ক ভূর্ কু'চকেই বলে চলল, কেবল কোঁত্হলের জন্যই ভেলাটা সে ভাসিয়েছিল। তার বন্ধুরা তাকে আর পরীক্ষা করতে দের্মান, অন্ধকারে ধরে তাকে আচ্ছা করে পিটিয়ে দিয়েছে। কারণ বড় ভেলা চাল, হলে পর তাদের ঐ নগণ্য মাইনে আরো কমে যাবে, এমনকি যেটা আরো খারাপ, বেকার হয়ে বসে থাকার ভয়ও আছে।

'সে অনেক দিনের কথা,' মিখাইলো পরিস্মাপ্তিতে বলাল, 'তথন খুব গোঁয়ারগোবিন্দ গোছের ছিলাম।'

তারপর আর কথাবার্তা হয়নি। গালিচেঞ্কো ধ্রুড়োর কাছ থেকে বিদায় নিয়ে বেরিয়ে পড়ল অন্ধকারে পথ হাতড়ে হাতড়ে।

এর করেক দিন পর বেলানিয়্কের বড় একা একা লাগতে সে আবার গাছের গাঁড়ি ভাসানর জারগায় গিয়ে জা্টল। বনে ভরা পাহাড়ের গারে পথ কাটা হয়েছে, এই সব পথ দিয়েই পাহাড়ের চড়া থেকে কাটা গাছের গাঁড়ি নেমে আসছে। ক্রমশ তাদের বেগ বেড়ে উঠেছে, একেবারে পাহাড়ের পাদদেশের গাঁতে তারা মৃহ্তের্জা জন্য অদৃশ্য হয়ে যাছে তারপর হঠাৎ লাফিয়ে উঠে রোদে চমকে উঠে প্রচন্ড শব্দ করে নদীতীরে এসে প্রভাহ।

দিন তখন শেষ হয়ে এসেছে, কিন্তু নদীর ব্বক যতদ্রে চোখ যায় প্রেয়দমে কাজ চলেছে।

মিখাইলোকে কে যেন ভাকল। মিখাইলো ঘ্রে দাঁড়িয়ে দেখল গ্রামের দিক থেকে এগিয়ে আসছে গালিচেঙকা। স্তোর বাঁধা লম্বা লম্বা পাকান কাগজ তার বগলে। হাতে একটা গাঁটওযালা লাঠি।

'এই যে দাদ্ !' দ্বে থেকেই গালিচেঙ্কো ডেকে উঠল,

'আপনি এসেছেন খ্ব ভাল হয়েছে। ছোকরাদের সঙ্গে আলাপ করতে চলেছি।'

গালিচেওকা মিখাইলোর কাছে এসে পড়ল, তারপর দ্জনে একসঙ্গে চলতে স্বর্ করল। ভেলাওয়ালাদের ঘ্যবার জায়গা কাঠের কু'ড়েতে ওরা যথন পেণছল লোকেরা তথন সব কাজকম' সেরে, গায়ের জামা খ্লে ফেলে নদীতে গা খ্ছে কিম্বা পরিস্কার জামায় মাথা গলাছে। এতদিনে গালিচেওকাকে তাদের ভাল করে চেনা হয়ে গেছে। তাই তাকে দেখেই সবাই ছ্বটে এল। 'নমস্কার!'

'কেমন আছেন?'

ভেলাওয়ালার। তাদের কুড়্ল করাত ড্রিলগ্রেলা কু'ড়েখরে রেখে দিয়েই আবার বেরিয়ে এল। তারপর কেউ কাঠের উপর কেউবা সোজা মাটির উপরেই অর্ধব্যুকারে বসে পড়ল।

খারা দেরীতে এল তাদের জন্য অপেক্ষা করল গালিচেৎকা।
সবাই থিতু হয়ে বসলে পর একটা কাটা গাছের গাড়ির উপর
উঠে দাঁড়িয়ে সে স্বলেপাক্তস্বরে অত্যক্ত সহজ্ঞ সাধারণভাবে
বলতে সূত্র করল:

'কমরেডরা আজ আপনাদের কাছে আমার কথা — সোডিরেড জনগণ, আমাদের দেশ, তারপর প্রথিবীতে আমরা সবাই কিসের জন্য বে'চে রয়েছি, এই সব কথাই বলব।'

ডেলাওরালারা নিজেদের মধ্যে চাওরাচাওয়ি করে পাইপ ফোঁকা থামিয়ে দিল। গালিচেঙেকা আবার একটু থেমে হঠাৎ খড়মড় করে তার পাকান কাগজ টেনে খুলে কু'ড়েঘরের বাইরের দেয়ালে টাঙিয়ে দিল।

'এই হচ্ছে ফ্রান্স,' ম্যাপের উপর একটা কাঠের টুকরো ব্যলিয়ে গালিচেণ্ডেল বলল, 'আর এই হল ইংলণ্ড — সম্দ্রের ব্বেক একটা ছোটু দ্বীপ, আর এই আমাদের সোভিয়েত দেশ — এই দেশেই আমরা থাকি, কাজকর্ম করি।'

মিথাইলো প্রথম সারিতে বসে একটা কানের পিছনে হাতের পাতাটা ধরে শানে চলেছে। তা দেখে গালিচেঞ্চেন গলা চড়াল। প্রথমে বলল দেশের ধনরত্বের কথা — তার লোহ আকর শাস্য কাঠ প্রভৃতির কথা। বেশ শান্তভাবে অবাধে সে বলে চলেছে। তারপর ম্যাপের কাছ থেকে সরে এসে সে অন্য কাগজগালো মেলে ধরল। প্রনো আর নতুন পত্রিকা থেকে সযম্বে বাছাই করা নানারকম সব ছবি তাতে লাগান। দেশের নির্মাণের পরিচয় তাতে ছিল, আর ছিল সহরের দৃশ্য, যৌথখামারের ক্ষেত, দেশের বড় বড় লোকদের ছবি। গালিচেঞ্চেনা বলতে সার্ব্র করল, কী ভাবে একটা মহান স্বপ্ন সত্য হয়েছে, তার ফলে শান্য স্থেপের ব্লক্ষ হয়ে দাঁড়িয়েছে, রাখভার ওপারে উঠতে স্বান্থ করেছে কাগজের মিলের দেয়াল, সাব্-কাপেথিয়ার ক্ষেতে চলেছে ট্রাকটব। গালিচেঞ্কা ভিতরে ভিতরে উত্তেজনা অনুভব করতে লাগল। তার গলা কাঁপছে, আটকে যাছে,

নিজেকে সামলে রাখতে পারছে না সে। কিন্তু সে নিজে যা দেখেছে, গড়ে তুলেছে, যুদ্ধের দ্বঃসময়ে যা রক্ষা করেছে তার কথা শান্তভাবে বলার দরকার কী?

কতক্ষণ ধরে যে সে বলল তা গালিচেডকার মনে নেই।
সন্ধার ছায়ারা এল, চলে গেল। পাহাড়ের উপরে নীল আকাশে
শ্রুপক্ষের নতুন চাঁদ। কে যেন এর মধ্যেই আগন্ন জেনুলেছে,
তার শিখার আলো পড়েছে শাস্তভাবে বসে থাকা লোকগনুলোর
উপর। অন্তুত এক আবেগে তারা শ্রুনছে। সে আবেগ আসে
তখন যথন লোকে নিজেদের কথা শোনে অন্যের ভাষায়। তারা
ব্রুতে পেরেছে এক মহান কাজের জন্য তাদের ভাক পড়েছে,
তারা সে কাজ করতে সক্ষম। উপলব্ধি করেছে তিস্সার ব্বেক
তাদের দৈনিদিন সাধারণ কাজ খুবই বড় কাজ।

গালিচেতেকার বক্তা শেষ হবার পরেও ভেলাওয়ালারা চুপ করে বসে রইল। একজন নড়ে উঠে একটা দীর্ঘাস ফেলতেই সবাই 'হস্স' 'হস্স' করে তাকে থামিয়ে দিল। দ্রেক মিনিট সবাই চুপচাপ, তারপর একটি মাঝবয়সী গাঁটুাগোঁট্টা ভেলাওয়ালা অন্ধকার থেকে উঠে এসে আগ্রনের পাশে দাঁড়াল, চোখদ্টো তার কালো, গায়ের চামড়াটাও রোদে পোড়া। মিখাইলো লক্ষ্য করে দেখল: ভাসিল — ম্ক্ মিকলা স্বতার ছেলে।

'চোলি ইভান ^{১'} চোখ কু'চকে অন্ধকারের দিকে তাকিয়ে ভাসিল ডেকে উঠল, 'চোলি ইভান এখানে আছ ^{১'} 'এই যে।' অন্ধকারের ভিতর থেকে একটা চড়া গলা শোনা গেল।

'স্বার সামনে চোলি, তোমার আমি একটা কথা বলতে চাই। ভেলা ভাসানর তুমি আর আমায় হারাতে পারবে না!'

'সে দেখা যাবে,' চোলিও আলোর কাছে এসে বলস,
'চ্যালেঞ্জ করছ তো?'

'হ্যাঁ, চ্যান্সেঞ্জ করছি,' চোলির দিকে হাত বাড়িয়ে দিয়ে ভাসিল বলল। 'একটি ঘণ্টাও নত্ট করব না, এতটুকু দেরী নয়, ভেলাটাও এবার আগের চেয়ে দেড়গ'ল বড় হবে!'

কথাগ্রলো শ্রনে ব্রেড়া বেলানির্ক চমকে উঠল।

'রাজী,' সংক্রেপে কথাটা বলে চোলি ভাসিলের হাতটা
ধরে নেড়ে দিল।

ভারপর অনোরাও সব এগিয়ে এসে বার যার সঙ্গীদের চ্যালেঞ্জ করতে স্বর্ক্ করল। একজন খেড়ি হিসাবলিখিয়ে আগ্রনের কাছে বসে কেরাণীস্লাভ দক্ষভার সঙ্গে নামগ্রলা খাতায় টুকে নিতে লাগল: স্বতা বনাম চোলি, পপভিচ বনাম শ্রুণাক, সিরোভা বনাম মাদাই। প্রভ্যেকেই মিখাইলোর সমসাময়িক ভেলাওয়ালাদের ছেলে কিন্বা নাতি। বাপঠাকুর্দয়ে কেউ মারা গেছে, কেউ বা কাজ থেকে অবসর নিয়ে বিশ্রাম করছে। কিন্তু ভিস্সার তাদের নাম টিকে আছে। গালিচেঙ্কো যে নতুন জীবনের কথা বলল সেখানে এই নামগ্রলো নিজের স্থান প্রেরছে। হয়ত দনেৎস কয়লা এলাকার কোনখানে, কিন্বা

হয়ত খাস মস্কোতেই গালিচেওেকার মতো আবেকজন প্রচারক এই সব নামগ্রেলা তার লোকজনদের কাছে বলবে। কিন্তু বেলানিয়ুকের নাম সেখানে শোনা যাবে না।

ব্ংড়ো রাজার ব্কটা ধক্ করে উঠল, তার মনে হল সে যেন সংকৃচিত হয়ে ছোট হয়ে গিয়েছে। জনমানবহীন ফাঁকা রাস্তায় গাড়ি থেকে নামিয়ে দেওয়া মান্বের মতো নিজেকে তার বড় একলা মনে হল। জীবন থেকে সে যেন একেবারেই বিচ্ছিল হয়ে পড়েছে।

প্রতিযোগীদের নাম পর্যাদিন গ্রাম স্যোভিয়েতের নোটিশবোর্ডে টাঙিয়ে দেওয়া হল। কিন্তু বেলানিয়্বকের নামটা কেউ মিথাইলোকে পড়ে শোনাল না।

সারাদিন সারারাত মিখাইলো তার ঘরেই বন্ধ হয়ে রইল।
পাইপ বানাতে চেণ্টা করে কিন্তু হাত থেকে পাইপ থসে পড়ে
যায়। পরাদিন সকালবেলা সে বেশ কয়েকবার দরজায় খাটি
আটকে বাড়ির বাইরে বেরিয়ে পড়ল। কিন্তু প্রতিবারই চৌকাঠ
ছাড়িয়ে দশ পা গিয়েই আবার ফিরে এল। শেষপর্যন্ত সে
সাজ্যিই বেরিয়ে পড়ল। দুদিনে গ্রিশ কিলোমিটার পথ পার
হয়ে পেশছল এসে বনের ভিতর য়েঞ্জারের বাড়িতে।

বেশ কিছুক্ষণ সে বাড়িটার চারদিকে ঘ্রের বেড়াল, কিছুতেই আর মনস্থির করে ভিতরে ঢুকতে পারে না। শেষকালে উঠোনে বাড়ির কাজে ব্যস্ত একটি সতের বছরের ছেলে তাকে দেখল। একটা ঘাস চিবতে চিবতে সে পাহাড়ে লোকদের স্বভাবস্থাভ হালকা মন্থর গতিতে ব্রুড়োর দিকে এগিয়ে এল। তার চালচলন, সদ্য ওঠা দাড়িতে ভবা রোদে পোড়া মুখটি আর তার সর্ খাড়া নাক একেবারে পিওতরের মতো। কেবল গোল চিব্ক আর কিছুটা প্রুর্ ঠোঁটে মায়ের আদল আমে।

'য়্রকো আমায় তুমি চেন না?' ব্ডো জিজ্জেস করল, হাতদুটো তার যেন অসাড় হয়ে আসছে⊹

ছেলোট ব্যুড়োকে ভাল করে দেখে লাজ্যুক হাসি হেসে বলল, 'ঠাকুর্না?'

'হ্যাঁ হ্যাঁ, ঠাকুদাই তো রে,' চিনতে পারার মিখাইলো ভারী। খুসা।

দ্বজনে বাড়ির ভিতরে তুকল। থালিপা একটি মেয়ে তথন বে'টে চওড়া চুল্লীটা নিয়ে ব্যস্ত। ছ' আর ন' বছরের দ্বটি বাচ্চা মেঝের বসে একটা কুকুরের বাচ্চা নিয়ে খেলার মশ্পাল।

ওলিওনা ব্ডোকে দেখে চুল্লীর গায়ে হেলান দিয়ে দাঁড়াল। মিখাইলো এখানে তা সে ভাবতে পারেনি। প্রনা দিনের অন্যায়ের স্মৃতি এখনো তার মনে জাগ্রত। কিন্তু প্রথম যোবনের সেই দিনগুলোর স্মৃতির সঙ্গে মিশে যাওয়াতে তাদের জ্বালা গেছে কমে।

'বাবা বস্ন,' ওলিওনা বলল।

মিখাইলো একবার নাতির দিকে আরেকবার তার পূর্বতনা

প্রবধ্র দিকে তাকাতে তাকাতে ধারে ধারে আসন গ্রহণ করলঃ

আরেকটি ছেলে এল। মুরকোর চেয়ে বছর তিনেকের ছোট। অপরিচিত লোকটিকে মমস্কার জানিয়ে সে দবজার কাছেই দাঁড়িয়ে পড়ল।

'তোমার?' ওলিওনাকে মিথাইলো জিজ্ঞাস করল।

'আমার। ইগ্নাৎ বেশির ভাগ সমরেই কাজে বেরিয়ে যার।
ও আর য়ৢরকোই আমায় ঘরের কাজে সাহার্য করে। এই দেখ,
দাঁড়িয়ে রয়েছি, আপনার নিশ্চয়ই খুব খিদে পেয়েছে, এতোটা
পথ এসেছেন!'

'না, না, একটুও খিদে পারনি,' মিখাইলো মাধা নেড়ে বলল। আসলে কিন্তু সে সতি।ই ভীষণ ক্লান্ত, তার ভিতরের স্বকিছ্যু যেন শ্রকিয়ে গেছে।

ওলিওনা কিন্তু তার কথা কানেই তুলল না। কিন্তু রুটি আর এক কাপ দুখ এনে দিল। মিথাইলো কন্পিত হাতে দুখের কাপটা ছুংয়ে হঠাৎ তার পত্রবধ্র দিকে মুখ ভূলে তাকাল।

'ওলিওনা, রা্রকোকে আমার দিয়ে দাও!' ওলিওনা একপা পিছিয়ে গেল:

'বাবা, কী বলছেন আপনি!'

য়ারকো লাল হয়ে উঠল . অভূত অপ্রস্তুত অবস্থায় পড়ে সে একবার মায়ের দিকে একবার ঠাকুর্দার দিকে তাকায়। 'ওলিওনা, তোমার তেঃ আরো তিনটি আছে, রুরকোকে আমায় দিয়ে দাও!' মিখাইলো আবার বলল। তারপর জ্বরাগ্রস্ত কুন্দের মতো ভেঙে পড়ল নিঃশব্দ কালায়।

* * *

মে মাসের মাঝামাঝি একদিন মাক্সিম্ গালিচেপ্কো আর আমি পাহাড়ের কাঠকাটার জায়গা ছেড়ে নিচে নামছি। বেশ সন্ধ্যা হরে গেছে। দ্জনেই ভাষণ ক্লান্ত। আর দাঁড়াতে পারছি না। গ্রামকেন্দ্রে বাওয়া তো অসম্ভব ব্যাপার। এত রাত্তিরে কারো বাড়িতে আশ্রয় চাওয়া চলবে না। গালিচেপ্কো বলল, কাছেই মিখাইলো বেলানিয়ুকের কু'ড়েমর, সেখানেই রাত কাটান ভাল।

বৃদ্ধে তো আমাদের সাদর অব্যর্থনা জানাল। কিন্তু ঘরে টোকার সঙ্গে সঙ্গেই ফিসফিস করে কথা বলতে লাগল, যেন ভয়, পাছে কারো ঘৢম ভেঙে যায়। কেরসিন লাঠনের মিটমিটে আলোয় দেখতে পেলাম একটা চওড়া বেণি্ডর উপর কে একজন যেন শাৢয়ে আছে। সোনালি চুলে ভয় মাথাটা পিছনে একটু হেলে পড়েছে, য়রে বোনা গালিচার তল দিয়ে দেখা যাছে থালি পাদুটো।

'ঠিক আছে,' বুড়ো ফিসফিস করে বলল, 'ও হচ্ছে মুরকো বেলানিয়ক, আমার বাচ্চা নাতি ... একটা বড় ভেলা বানিয়েছে, তাই খুব ক্লান্ত। কাল কী ব্যাপার হবে জানেন তো! কাল মুরকো তার প্রথম ভেলা ভাসাবে, বুঝেছেন ই জীবনে এই প্রথম।' বুড়োর গলায় একই সঙ্গে আনন্দ আর উৎকণ্ঠার আভাস পেলাম।

'ওলিওনা শেষ পর্যস্ত দিরে দিল...' মিখাইলো বলল, 'একবছর ওকে স্বাকিছ্ শেখালাম, তীর দিয়ে সেই রাখভো পর্যস্ত নিয়ে গিয়ে প্রতিটি চড়া, প্রতিটি পাথর ওকে দেখিয়ে দির্মেছ ... ও খ্ব ভাল মাল্লা হবে!... যান আপনারা শ্রের পড়্বন ... আমি বসেই থাকব, আজ আমি কিছ্বতেই খ্বমতে পারব না।'

মিথাইলোর কাঠের বিছানায় শ্ব্রে পড়ামার দ্বস্থনে গভার ক্রান্তিতে অনিয়ে পড়লাম।

ব্য ভেঙে গেল কার হাতের ছেওঁওয়ায়। চোথ মেলে তাকালাম। পাহাড় অঞ্চলের সেই অস্তুত নীলচে ভোর। ঘরের আধআলো আধছায়ায় দেখতে পেলাম। মিথাইলো আমার উপর মু'কে পড়েছে।

'আমাদের সঙ্গে আপনারাও বোধ হয় যেতে চান নদীতে? গাতিয়ার* স্পন্স গোট খ্লে দিয়েছে। আওয়াজ শ্নেতে পাচ্ছেন?'

ব্রকাম এটা শ্ধ্মার একটা কথার কথা। মিথাইলোর আন্তরিক ইচ্ছে, আমরাও যেন তার নাতির প্রথম ভেলা ভাসান দেখতে যাই।

পাহাড়ে স্লাসগেটরক্ষক।

আমবা তখন ঘ্মে মরে যাচ্ছি, কিন্তু তব্ উঠে জামাকাপড় পরে বেরিয়ে পড়লাম । য়্রকো এর মধ্যেই একটা নতুন ছাগলের চামড়ার গ্রেম্ল কোট পরে তৈরী। কাঁধে একটা কুড্ল নিয়ে সে গেটের কাছে আমাদের জন্য অপেক্ষা করছে। কুড়্লের ডগায় একটা ছোট খাবারভরা কাপড়ের ব্যাগ। আমাদের দেখে য়্রকো মোরগের পালক গোঁজা টুপিটা খ্লে এগিয়ে এল।

'স্বপ্রভাত কমরেডরা।'

বেশ ধারিন্দ্র মর্যদোপ্রণ চালচলন। হাঁটেও বেশ হালক। পারে নিঃশব্দে।

'তারপর য়ৢরকো,' গালিচেঙেকা বলল, 'ভাসিল স্বতা তোমার চ্যালেঞ্চ গ্রহণ করেছে?'

রুরকো লজ্জা লজ্জা ভাব করে বলল, 'ভাসিল প্রথমে তো আমার উপর ক্ষেপেই আগ্রন — আমার মতো একটা বাকা ছেলের এত সাহস ওকে চ্যালেঞ্জ করি। তারপর ভেবেচিন্তে আমার নামের উল্টোদিকে নিজের নাম বসিয়ে দিয়েছে।'

'স্বতার সঙ্গে প্রতিযোগিতা খ্ব কঠিন কাজ!'

'তা জানিঃ কিন্তু ঠাকুর্দা বলেন কঠিন হলেও কিছু আসে যায় না।'

'কিছ' ভেব না বাছা, সব ঠিক হয়ে যাবে,' ব'ড়ো মাথা নেড়ে উৎসাহ দিয়ে বলল।

খাড়া পথ। পাহাড়ের উপরে আকাশটা যেন উল্টোন বাচির মতো। পশ্চিমের আকাশে সব্দুজ ঘন রঙের মধ্যে কয়েকটা তারা তখনো মিটমিট করছে। পালকের মতো দুটো সর্ ছোটু মেঘ আকাশের আলোকিত প্রদিক ঘে'ষে ভেসে চলেছে। মেঘ দুটো প্রথমে ছিল ধ্সর, তারপর হলদে হতে স্বর্ করল, শেষকালে হঠাৎ সোনার রঙে ভরে গেল। পাহাড়ের কিনারার ঘন বন ক্রমণ স্বচ্ছ হয়ে এল, মনে হল দুর থেকেও ব্রিধ গাছগুলোকে গোণা যায়।

লক্ষ্যে যখন পেশছলাম পাহাড়ের মাথাগুলোয় তখন রোদের বান ডেকেছে, কিন্তু নিচে তখনো স্যাহসৈতে অন্ধকার বিমর্ষ ভাব। পাহাড়ের জলাশয় থেকে গাতিয়ার জল ছেড়ে দিয়েছে। শ্বেত তিস্সা ফেশপ ফুলে উঠেছে। ভারী ডেলাগুলো সজ্জীব প্রাণীর মতো অথৈর্য হয়ে উঠে ঢেউরের উপর দ্বাতে স্বর্করেছে। এখানে ওখানে ভেলার মাল্লাদের সাদা সার্ট আর টুগির চমক। শেষ মৃহ্তে দেখে নেওয়া হচ্ছে সব ঠিকঠাক আছে কিনা।

ব্দের মিথাইলো দ্হাতে লাঠির উপর ভর দিয়ে দাঁড়িরে। চোথদ্টো তার বন্ধ। নদীর ভর•কর গর্জন শানছে নাকি অন্য কোন শব্দের আশায় রয়েছে, তা বলা মুশকিল।

'ঠাকুর্দা, এবার যেতে হয়,' য়ৢরকো বলল। যাবার সময় ঠাকুর্দা কিছু বলবে ভেবে সে অপেকা করে রইল, বৢড়ো কিন্তু একেবারে নিশ্চুপ, চোখদৢটো তখনো বস্ধা অস্কের মতো হাতড়ে হাতড়ে য়ৢরকোর হাতটা টেনে নিয়ে একবার একটুখানি চাপ দিল। 'চিলি!' য়্রকো আমাদের বলল। 'ভাগ্য সদয় হক!'

জলের ধারে গিয়ে এক মুহুর্ত থেমে যুরকো একলাফে ভেলায় উঠে গেল। তার সঙ্গী সেখানে মস্ত লগি নিয়ে তার জন্য অপেক্ষা করে য়য়েছে।

হঠাৎ নদীর ব্ক ভরে একটা একটানা দীর্ঘ চিৎকার আর কুড্বলের ঘা জেগে উঠল। ব্রুড়া মিখাইলো চমকে উঠে চোখ খ্লল। ভেলা বেখে রাখার খোঁটা করেক জনে তাড়াতাড়ি খ্লে দিল। কাঁপতে কাঁপতে ভেলা ভাটির ম্থে ভেসে চলল। ভেলার মাল্লারা লগিগ্লো তুলে নিল যেন বন্দ্ক নিয়ে কুচকাওয়াজ করছে। তারপর কাঠের পিছল গা বেয়ে ভেলার সামনের দিকে ছুটে গিয়ে লগিগ্লো ছুপ্ করে একঝটকায় জলের ব্লেক নামিয়ে দিল। ভীষণ জোর জল ছিটকে উঠল। ভেলাটা সমান হয়ে নদীর মাঝখানে চলে গেল।

ব্দ্যে বেলানির্ক করেকম্হ্র দ্রে সরে বাওরা ভেলাটার দিকে চেয়ে রইল। তীরের আর সবার মতো সেও হাত নাড়তে লাগল। তারপর হঠাং সে হাতের লাঠিটা ছেড়ে দিরে তীরের সবাইকে পিছনে ফেলে পাথরের খোঁচার হোঁচট খেতে খেতে ভেলার পিছন পিছন ছুটতে স্ব্রু করল। সেই সঙ্গে চেলাতে লাগল:

'আমি চললাম . শ্বছ, চললাম!'

বলিরেখায় ভরা মুখটা আবেগ উত্তেজনায় আর বার্ধক্যের চাতুরীতে উন্থাসিত। তার পক্ষে দৌড়ন বড় কঠিন। কিন্তু বুড়ো কিন্তু বেড়ো কিন্তু বেড়ো কিন্তু বেড়ো কিন্তু বেড়ো কিন্তু থামল না, প্রাণপণে ছুটে চলল। সামনে সব কিন্তু চোখের জলে ঝাপসা। বুড়ো কলপনায় ভাবছে তর তর করে বয়ে য়াওয়া ভেলাটায় যে দাঁড়িয়ে আছে সে তো র্রক্যে নয়, মিখাইলো নিজেই — শ্বেড তিসসা তাকে বয়ে নিয়ে চলেছে ভোরের আলোয় নেয়ে ওঠা দ্রে উপত্যকার দিকে।



মণিকাণ্ডন

স্নেগোভেৎস হোটেলের সামনে একটা কাঠের গ**্রা**ড়ির উপর বসে আছে এখানকারই ছ্বতোর মিথাইলো স্মুজেনিৎসা।

বয়স বাটের কাছাকাছি। পাকাচুল ছোটখাট পরিষ্কার পরিচ্ছন লোকটি। মুঠির সমান ছোটু মুখটি দাড়ি কামাবার সময় জায়গায় জায়গায় কেটে গেছে। প্রত্যেক কাটার উপরে সয়ত্বে সিগারেটের কাগজ আঁটা।

দিনটা রবিবার। সমুজেনিৎসা তাই তার প্রনো-ধাঁচের চোঙা ট্রাউজার আর পিছনে নীচের দিকে গোল করে কাটা ছোট কোটেটা পরেছে। এক সময়ে স্বাটটার রঙ ছিল কালো কিন্তু বয়স বাড়ার সঙ্গে সঙ্গে তার গায়ে লেগেছে সব্জের ছোপ।

স্মুজেনিংসা এক ঘণ্টার উপর ঐভাবেই বসে আছে। সোজা গির্জা থেকে এসেছে। নিশ্চয়ই কারো জন্য অপেক্ষা করছে।

জনুন মাসের শেষদিক। পরিত্বরে দিন। সাব-কাপে খিয়ার সমতলে এখন ভ্যাপসা গরম। চারপাশে পাহাড়ের ঘের দেওয়া স্নোভেংস কিন্তু মাত্র স্বলপ উষ্ণ। গতরাত্রের ব্তিটর ফলে চারদিক ঝকঝক তক্তক করছে। দ্রেরর সব কিছ্কে মনে হচ্ছে হাতের কাছেই।

পাহাড়ের গায়ের ঘাসে ঢাকা মাঠগুলো হোটেলের উঠোন থেকে স্পন্ট দেখা যায়। গিরিছার পর্যন্ত একেবেক উঠে যাওয়া রাক্তার দুপাশে বেড়ার উল্জ্বল সাদা খুটি। রাস্তাটা আর পাহাড়ের পায়ে চলা পথগুলোও নানা রঙে সেজেছে, পাহাড়ে গ্রামগুলোর মেয়েরা সব বিচিত্র রঙের রুমাল স্কার্ট আর এপ্রন পরে স্লেগোভেংসের দিকে আসছে। কিন্তু এমন স্কুদর দিনের আনন্দ স্মৃক্তেনিৎসার কাছে বিস্বাদ হয়ে গেছে। সংসাবের সঙ্গে তার বনছে না, দ্বঃখ তার হৃদয় কুরে থাছে।

স্মাজেনিংসার দঢ়ে প্রতায়, এতদিন পর্যস্ত সে কোন ভুল কাজই করেনি।

খ্ব বাস্তববৃদ্ধিসম্পন্ন হ',শিয়ার ব্যক্তি সে। সব কিছ্ অনেক বার ভাল করে দেখেশনে মেপেঝু'কে তবে সে কাজ করে। তা সত্ত্বেও প্রত্যেক কাজের আগে সে চিন্তিত হয়ে পড়ে। সবাই জানে হ',শিয়ার লোকের প্রতিই ভাগ্য স্প্রসার।

মিথাইলোর যখন অলপ বয়স তখন এই একই ভাগা এক ছুতোর কারখানার মালিক ভাসিলি স্থিজাকের কাছে তাকে পাঠিয়ে দেয় কাঠের কাজ শেখার জন্য। স্থিজাক তাকে তার ছার হিসেবে নেয়।

কাপড়ের আলমারি বল, খাট বল, সবই দ্বিজাক বানাতে জানত, কিন্তু কফিন কুশ আর গোরশ্থানের বেড়া ছাড়া সে কথনো অন্য কিছুতে হাত দিত না।

এই জাতীয় ব্যবসার বিরুদ্ধে মিখাইলোর কিছু বলবার ছিল না। কিন্তু যে মেয়েটিকৈ সে বিয়ে করতে চেয়েছিল সে আবার কফিন কুশ গোরস্থানের বেড়া দ্ব'চক্ষে দেখতে পারত না। স্মুজেনিংসাকে সে তাই হাঁকিয়ে দিল।

ওপ্তাদ তথন তার হতাশ চেলাকে বলল, 'কিচ্ছ্র ভেব না! আরে নতুন কাপড়ের আলমারি আর খাট কেনার ম্রেদ আর কজনেরই বা থাকে বল। লোকে বাপের কাছ থেকে পর্রনোটাই পায়। কিন্তু কফিন আর কুশ! এজিনিস বাবা, প্রত্যেকেরই চাই. সারা জীবনে একবার হলেও চাই . আর ঐ মেশ্রেটার কথা ভেবো না! আমরা তোমায় আরেকটি খ'র্জে দেব এখন!'

এখন আর সে মেরের নাম পর্যস্তি স্মা,জেনিংসা মনে করতে। পারে না।

শ্রিকাকের মেয়ে গাফিয়াকে সে বিরে করেছে। ব্রুড়ো শ্রিকাক মারা যাবার পর কারখানার মালিক হয়ে ব্সেছে।

এতে তার কোন ভূল হয়নি, সে তো আপনারাও ব্রথতে পারছেন।

শ্মুজেনিংসা একাই কাজ করেছে, কোন সহকারীর তার দরকার হয়নি। ধনদোলত সপ্তরের চেডা সে কখনো করেনি। চার্মান বলে নর, ঠিক বাগিরে উঠতে পারেনি। এখানেও তার কোন ভূল হয়ান। কাঠের ব্যবসায়ী শান্দর বেইলা রেগোভেংসে দোতলা এক বাড়ি তুলেছিল। ভেবেছিল নিজের জন্যই ব্যব্ধ তুলছে। কিন্তু শেষ পর্যন্ত বাড়িটা পার্টির জেলা কমিটির হয়ে গেল। শ্মুজেনিংসার ছোটু বাড়ি কিন্তু এখনো স্ম্রুজেনিংসারই আছে।

এমন কি তার কারখানার মাথায় কোনও সাইনবোর্ড নেই। প্রতিবেশী দক্তি স্তেপান ল্যুক্লার মতো নামের লোভ তার নেই। ল্যুক্কা কতবারই না সাইনবোর্ড বদলাল। অস্টো-হাঙ্গারিয়ানরা যখন এখানে ল্যুক্কা তথন জার্মান ভাষায় সাইনবোর্ড লাগায়। তারপর চেক ভাষায়। সেটাকেও বদলে হাঙ্গারিয়ান ভাষায় আরেক সাইনবোর্ড টাঙাতে হল। এখন সোভিয়েত আমলে ল্যুব্কা একেবারে নতুন সাইনবোর্ড লাগিয়েছে। এর পিছনে কত টাকা ঢালতে হয়েছে স্মুক্তেনিৎসা তা হিসেব করে দেখেছে।

শ্মুজেনিংসার যখন চল্লিশ বছর বয়স তখন তার শ্বীর একটি মেয়ে হয়। ভাক্তার বলেছিল গাফিয়ার আর কখনো ছেলে বা মেয়ে হবে না।

মিথাইলো তো ঘাবড়ে গেল: সে মারা গেলে তার কারখানার কুশ আর কফিন তবে কে বানাবে? কে চালিয়ে যাবে তার কাজ? মেয়ে দিয়ে তার কী হবে, সে ছেলে চায় ...

বেশিদিন তার দৃঃখ রইল না, শীগ্গির এই হতাশা সে কাটিয়ে উঠল। কারখানায় তুকে একটা ভাল দেখে শৃকনো পাটা বেছে নিয়ে সে বসে গেল বাচ্চার জন্য দোলনা-খাট বামাতে, নোটারীর ওখানে যেমনটি দেখেছে ঠিক সেইরক্মটি।

এই অসাধারণ আসবাবটি তৈরী করতে গিয়ে তো সমুজেনিংসা ঘেমেটেমে অন্থির। করেকদিন ধরে সে খাটটির পিছনে লেগে রইল। মেয়ে যাতে অন্তত দশবছর বয়স পর্যন্ত ঐ খাটেই শুতে পারে সে ব্যবস্থা তাতে রইল।

খাটটি তৈরী হবার পর কারথানার মাঝখানে বসিয়ে সে দ্'শা পেছিয়ে গিয়ে সেটার দিকে তাকিয়েই চমকে উঠল। সজীব মান্বের জন্য এই তার প্রথম কাজ। সেই কুশ আর কফিনের টুকরোর গাদার মধ্যে খাটটাকে অত্যন্ত সজীব আর উৎফুল্ল মনে হতে লাগল, ঠিক যেন মরা পাথরের বুকে একটি সব্বুজ ঘাসের শীষ।

এক অন্তুত দ্বঃখ সম্জেনিংসার মনটাকে দলিত করে আবার মিলিয়ে গেল।

মেরেটির নাম রাথা হল আমা। বাদামী চোথ আর কোমল পেলব মুখাবয়ব নিয়ে সে বড় হয়ে উঠল। আয়া শ্নল জীবনটা নানারকম পাপ আর বাধায় ভরা। ফলে সে একটু ভীত সন্বস্ত হয়ে উঠল। তাকে শেখান হল ভগবানকে ভয় কয়বে আর বাবামার কথার বিরুদ্ধে একটি কথাও বলবে না।

কিন্তু ভগবান তো সর্বাদা ব্যস্ত, তাই পাদরীমশাই আর বাবামাই আমাকে ভগবানের হয়ে স্বাকিছ্ব শেখাতে লাগলেন।

গাফিয়া — যেমনি স্বদ্পভাষী তেমনি বিপ্লেকায় — মেরেকে নিয়ে সে গিজয়ি যেত। সেখানে অনেকক্ষণ ধরে আধখানা দেয়াল জোড়া একটা কালো বোর্ডের সামনে দাঁড়িয়ে থাকত, বোর্ডের গায়ে নানারকম সব ভয়াবহ ছবি আঁকা। প্থিবীতে পাপ করলে নরকে কী শাস্তি ভোগ করতে হবে তার ফিরিস্তি। মেয়েটি ভয়ে আঁতকে উঠত। কিন্তু তব্ সে পাপ করত ... সে পাপী কারণ গিজয়ি দাঁড়িয়েও তার মনটা থেকে থেকেই ভগবানকে ছেড়ে মাঠের দিকে দেড়ি মারত ... হাঁসের পালকে ঢাকা সব্জ মাঠ — ক্ষেগোভেংসের ধার ঘে'ষে চলে যাওয়া ছোটু নদীটির তীরে। ওখানে হাঁস পালা হয়। ছোট ছোট মেয়েরা ঐ মাঠের উপর গোল হয়ে বসে কচি গলায়

গান গায়, নেকড়ার তৈরী প্রতুলদের দ্বলিয়ে দ্বলিয়ে ঘ্রুষ পাড়ায়। ব্যাপারটা পাপে ভরা হতে পারে কিন্তু মোটেই ভয়াবহ নয়।

শম্জেনিংসা তো মহাখ্সী, মেয়ে তার কেমন বাধ্য লক্ষ্মী।
মনে মনে সে শ্বপ্প দেখতে লাগল, আলা একদিন বড় হবে,
তার বিরে দিতে হবে বেশ নির্ভর্বোগ্য সচ্ছল অবস্থা ছেলের
সক্ষেই আলার বিয়ে দেবে। কিন্তু সে বহুদ্রের কথা, এখন
তা নিয়ে মাথা খামিয়ে লাভ নেই।

কিন্তু একদিন সকালে গাফিয়া ঘ্রুম থেকে উঠে তার স্বামীকে বলল:

'মিখাইলো, দেখ দেখ, আল্লা কেমন করে ঘুমছে।'

মিখাইলো তার পালকের বিছানা ছেড়ে লাফিয়ে উঠে খালি পায়ে ঘষটাতে ঘষটাতে দোলনা-খাট্টার কাছে এগিয়ে গেল। খাটটা তখন পায়ার উপর দাঁডিয়ে আছে, খাতে না দোলে।

আহ্বা সারা শরীর মেলে দিয়ে শ্রেছে। তার ছোটু পাদ্রটো খাটের বাইরে বেরিয়ে পডেছে।

'ছোট হয়েছে,' ক্যুজেনিংসা বউরের দিকে তাকিরে বলল। আজই প্রথম তার খেয়াল হল, মেয়ে তার বারো পার হয়েছে। আর পাঁচ বছর পরেই বিরের বয়স হয়ে যাবে।

কারখানার এক কোণে দোলনা-খাটটাকে তারা নিয়ে গেল। আল্লাকে পালকের গদি পাতা বড় খাট দেওয়া হল। ভাসিলি স্বিজাকই এককালে ঐ খাটে শৃত। সমুজেনিংসা আর গাফিয়া রান্নাঘরের পাশের ছোট্ট ঘরটার উঠে গেল। সেখানে মাচার উপরে তাদের বিছানা পড়ল।

বন্ধুবান্ধবদের সঙ্গে দেখা হলেই স্মুর্জেনিংসা আর তার বউ বলতে সুরু করল;

'আর ভাই ... বাড়ো হরে যাচিছ ... মেরেটারই বলো বিরের বয়স হয়ে গেল।'

সেই সঙ্গে উপযা্ক পারের সন্ধানও করতে লাগল। এ ছিল যেন খেলা, স্যত্নে পরের চোখ থেকে লাকোন। সাধারণত রবিবার দিনই এই মৃগয়া চলে। আহা তখন তার বান্ধবীদের সঙ্গে বেরিয়ে যার। বাবামা বাড়িতেই থাকে।

স্মুজেনিৎসা আর গাফিয়া দুটো চেঁয়ার নিয়ে গেটের কাছে গিয়ে বসে। যেন ফোটো তোলার জন্য পোজ দিছে আর রাস্তার লোকজন গাড়িযোড়া দেখে। রবিবারের এই বিনোদন স্মুজেনিৎসার কিন্তু নিজের আবিশ্কার নয়, — এটা স্লেগোড়েৎসের বহুনিদনের রীতি।

এত দিন সমুজেনিংসারা গেটের কাছে নিঃশব্দে ঘণ্টার পর
ঘণ্টা বসে থাকত। কিন্তু এখন আর তা দেখা যায় না। তারা
এখন বসে বসে ভাবে আন্নার হব্ ন্বামী হয়তো হবে ঐ
নোটারীটি, কিন্বা ব্যাংকের কেরাণীটি, নয়ত পনির তৈরীর
কারখানার মালিকটি। অবশ্য এদের প্রত্যেকেরই বয়সের সংখ্যা
থেকে গোটা পনেরক বছর তারা বেমালুম উড়িয়ে দিত। আর
আন্না তো তাদের কল্পনায় এর মধ্যেই অনেক বড় হয়ে উঠেছে।

'্যতদিন ওরা পরম্পরকে ভালবাসবে...' গাফিয়া দীর্ঘাস ফেলে বলত।

'আরে বোকা মেরে,' মিখাইলো ক্ষেপে উঠত, 'আমার বিয়ে করার সময় তোমার কী মনে হয়েছিল মনে নেই?'

* * *

কার্পেথিয়ার বৃকের উপর ঘনিরে এল দুরোগ।
বহুশতাব্দীর বড় বড় বটিচ আর সিকামোর নিজেদের মধ্যে
ধারাধারি করে ভেঙে পড়ল, শিকড়টিকড় শুক্ষ। দর্জি লায়ব্কা
থেকে থেকেই তার দোকানের সাইনবোর্জ পালেট চলল। গুদিকে
সম্ব্রেনিংসা বাড় থেমে যাওয়া, গোঁ ধরে থাকা জানিপার
ঝোপের মতো মাটি আঁকড়ে পড়ে রইল, এত দুর্যেগেও তার
গায়ে এতট্রু আঁচড় লাগল না।

ঝড়ের শেব আঘাতে ক্ষ্যুজেনিংসা যাদের আন্নার উপযুক্ত মনে করত তাদের অনেকেই কাং হয়ে গেল। নোটারীর জন্য — সে হার্টফেল করে মারা যায় — তাকে আবার কফিনও বানাতে হল।

কিন্তু ষতই অদলবদল হক স্মুজেনিংসা তা নিয়ে বাড়াবাড়ি রকমের কিছু মাথা ঘামাল না: খন্দের আর আল্লাকে নিয়ে আগেকার দুশ্চিন্তাই সবকিছুকে ছাপিয়ে রইল। স্মুজেনিংসার হাত দিয়ে সহজে প্রসা গলে না, প্রতিটি পাইপ্রসার উপর তার কড়া নজরঃ কিন্তু মেয়ের বেলা সে ছিল উদার হস্ত।

রেগোভেৎসের ঐ অঞ্চলে আহ্রার মতে ভাল জামাকাপড় আর কোন মেরের ছিল না। রবিবার কেন, অন্যদিনেও সে কনের মতো সেজে নেড়াত। প্রথম প্রথম বেচারী অত্যন্ত অস্বস্থি বোধ করত। কিন্তু ক্রমণ সরে গেল। সে ভাবতে স্বর্ করল এই রকমই হওয়া উচিত।

আমাকে কোন কাজ করতে দেওয়া হত না পাছে তার হাত
নগ্ট হয়ে যায়, নোংরা হয়ে যায়। হাতদর্টি জয়িদার বাড়ির
মেয়েদের মতো ফর্সা ধবধব্ করবে, পরিষ্কার পরিচ্ছম থাকবে,
তবে তো। আলস্যের মধ্যেই কাটত আমার নীরস দিনগ্রলা।
তার তর্গ মন ক্রমণ আলস্যের বশে সজীবতা হারাল। প্রার্থনার
বই ছাড়া আর একটি মাত্র বই ছিল তার সঙ্গী, বব্ল্স্কির
'ক্রমের বই'। ক্রমের ব্যাথ্যা পড়ত আর বইয়ে দেওয়া যাদ্রক্রে
রুটির ছোট ছোট গ্রাল ফেলে নিজের ভাগ্য দেখত।

আহার যখন সতের বছর বয়স তখন নভদিমভ্ নামে এক সাইবেরিয়ান সার্জেন্টকে তার মনে ধরল। রেগোভেংসের কাছেরই সীমান্ত ঘটিতৈ সে পাহারা দিত।

প্রতি রবিবার সাজে তাঁট ক্লেগোডেংসে আসত বাঁরর খেতে আর মেরেদের সঙ্গে আন্ডা দিতে। বে'টেখাট শক্তসমর্থ লোকটি। মুখে বেশ সরল ভাব। চার্ডনিটাও বেশ স্বচ্ছ আর সহজ। মেরেদের সঙ্গে ভাব করায় সে ছিল ওস্তাদ . কিন্তু কী কারণে যেন আলার বেলার সে লক্জা পেত, আলাও তার প্রশেনর জবাব দিতে গিয়ে এমন হয়ে যেত যে মুখ দিয়ে কথা বেরত না। সবাই ব্ঝতে পারল সাজে তিতৈক আলার মনে ধরেছে। তাই বান্ধবীরা কথাটা কানেকানে চারপাশে ছড়িয়ে দেওরায় এতট্ত দেরী করল না।

এই কানেকানের গ্রন্থব স্মুজেনিংসার কানে গিয়েও পেশছল। সে তো দ্র্ভবিনায় পড়ে গেল। সার্জেন্টিটকে মিথাইলোরও হয়ত পছল হতে পারত, কিন্তু আল্লার কী প্রয়োজন সে বিষয়ে তার নিজের একটা বিশেষ ধারণা আছে।

মেয়েকে সে ধমকে চেচিয়ে বলল, 'ও সব চলবে না, ঐ সার্কেন্টের কথা ভূলে যাও! ও তোমায় কীইবা দিতে পারবে? ওর না আছে বিস্তু না আছে পদমর্যাদা। নিজের পায়ে দাঁড়াতে ওর এখনো দশটি বছর লাগবে ...'

কেমন ছেলেকে আন্নার বিয়ে করা উচিত সে বিষয়ে সতিই সমুক্রেনিংসার নিজস্ব ধারণা আছে। এতদিন বাদের সে জামাই করার যোগ্য বলে মনে করে এসেছে তারা ঝড়ে কুপোকাং, সেকথা ঠিক। আন্না যদি দশ বছর আগে জন্মাত তবেই হয়েছিল আর কি, কথাটা ভেবেও সমুক্রেনিংসার গায়ে জার আসে। জয় ভগবান। এই ব্যাপারেও তিনি তাকে ভুলের হাত থেকে বাচিয়েছেন। এরাই যে সমুদ্রের একমাত্র মাছ তা তো নয়।

আজকালও বেশ যোগ্য ছেলে পাওয়া যায়, বেশ ভালভাবেই থেয়ে পরে থাকে তারা, স্বার্থাব্যদ্ধি তাদেরও কম নয়।

বাবার কড়া নিষেধ শ্নে আন্না কদিল কিন্তু তা অমান্য করার সাহস তার হল না। বাধ্যতা জিনিসটাকে তার মনের ভিতর তুরপন্ন চালিয়ে ওক কাঠে পেরেক মারার চেয়েও গভীরে চুকিয়ে দেওয়া হরেছে।

পর পর দু;রবিবার আন্নার দেখা না পেরে তৃতীয় রবিবার সার্জেণ্ট নভাদমভ বেরিয়ে পড়ল ছুতোর বাড়ির সন্ধানে।

স্মুজেনিৎসা সার্জেণ্টের সঙ্গে ভদ্রভাবেই কথা বলল। কিন্তু তাকে জানিরে দিল যে আন্নার ইতিমধ্যেই অন্য লোকের সঙ্গে বিয়ের ঠিক হয়ে গেছে, কাজেই আর কোন ছেলের সঙ্গে তার দেখা করার কোন প্রশ্নই এখন ওঠে না।

'তা তো বটেই, তা তো বটেই,' হতাশ সার্জেশ্টিট থেকে থেকেই বলে চলল।

তারপর মাথা নিচু করে বেরিয়ে গেল, সার্জেণ্টিটর জন্য সমুজেনিৎসার মনে এমন কি একটু দুঃখণ্ড হল।

'ছেলেটি মন্দ নয়,' নভাদমভের চলে যাওয়া দেখতে দেখতে দে ভাবতে লাগল, 'দেখ কী জাতের মানুষ তার প্রেমে পড়েছে!'

কিন্তু সঙ্গে সঙ্গেই ছেলেটির প্রতি কর্বায় স্মুজেনিংসা নিজের উপর রেগে উঠল। 'এরকম হলে হঠাৎ দেখব আন্নাকে কোনদিন হারিয়ে বসে আছি।' তারপর স্মুজেনিংসা সার্জেশ্টের কাছে বলা মিথ্যাটাকে যত শীগ্গির সম্ভব সতিঃ করে তুলতে। বন্ধপরিকর হল।

গাফিয়া ছুটল বুড়ী ঘটকীর কাছে। তারপর গেল নিজনিয়েতে তার আন্মীয়স্বজনদের সঙ্গে দেখা করতে। প্রত্যেকের কাছেই একটি নির্ভারযোগ্য ভাল জামাইয়ের অর্ডার দিয়ে এল।

এক সপ্তাহ গেল: হব্ জামাইদের আবিভবি হতে লাগল।
সম্জেনিংসা প্রত্যেককেই নির্দায়ভাবে ফিরিয়ে দিল। একজনের
বয়স বড় বেশি ('আন্না অন্যদের দিকে চোথ তুলে তাকাক, তাই
চাও ব্রিথ?'); আরেকজনের প্রেইতিহাস একটু সন্দেহজনক
('অন্যের ভার বাবা, আন্না কেন নিজের ঘাড়ে নেবে?'); তৃতীয়
জন এমন ভাব দেখাল যেন আন্নাকে বিয়ে করে সে
সম্জেনিংসাকে ধন্য করে দিছে ('আন্না নিজেই অন্যকে ধন্য
করে দিতে পারে')। যৌথখামারের সভাপতিও এসে হাজির,
কিন্তু লোকটা মাতাল ('এসব লোক আজ্বনল আর বেশিদিন
নিজেদের পদে অধিষ্ঠিত থাকতে পারে না')।

ব্যাপার বেগতিক। স্মাজেনিংসা বড় বিষয়। থেকে থেকেই সার্জেনিংসা ছবিটি তার মনে ফুটে ওঠে, — মাথা হে'ট করে বেচারী চলে যাছে। কিন্তু সঙ্গে সঙ্গেই আবার নিজের উপর রেগে ওঠে।

একদিন সন্ধ্যার দিকে স্মানুজেনিংসার বাড়িব দরজায় টোকা পড়ল। ভেরখনিয়ে গ্রাম থেকে তার জ্ঞাতি ফিওদর তানিনেংস এসে হাজির। তানিনেংস কোন এক অফিসে যেন শিংগ্ল্না বোল্ট কেনার কাজ করে। কিন্তু তার ভাব দেখে মনে হয় যেন সে একাই বিশ্বরক্ষান্ড চালিয়ে নিয়ে বেড়াচ্ছে। কথাবার্তা শ্নলে মনে হবে তার ঐ শিংগ্ল্ আরু বোল্ট না থাকলে সমগ্র মানবজাতি বোধ হয় বর্ধর হয়ে যেত।

'এই যে কুমে! তোমার বাড়িতে আজ রান্তিরটার জন্য অতিথি আমি!' তানিনেংস এমন জোরে চে'চিরে উঠল স্মুজেনিংসা যেন কানে শুনতে পার না। 'অফিসে একটা বিশেষ জরুরী কন্ফারেস্স্ হবে। হোটেসে আবার জায়গা নেই। তাই তোমার এখানেই এলাম। আমি কিন্তু একা নই কুমে, আমার এক বন্ধুও সঙ্গে আছে। ভেরখনিয়ের দোকানের সেল্স্মান। আরে ভিতরে এস না, কমরেড গিচ্কা!'

গ্রক্তরি নিমল্লণের অপেক্ষা না রেখেই তানিনেংস এক তেঠেঙে সিড়িকেমার্কা লোককে ভিতরে টেনে আনল। লোকটির বরস হিশের কাছাকাছি, স্টেকো লাবা মুখ। তার হাসিটা বড় স্কার। স্মুকেনিংসা সঙ্গে সঙ্গে ভেবে ফেলল, বেশ চালকে চতুর দেখছি! ব্যবসার ক্ষেত্রে হাসির অসীম মুল্য। হাসিছড়িয়েই যে কোন লোককে নাকে দড়ি দিয়ে ছোরান যেতে পারে!

শ্মুজেনিংসা তারপর খ্রিটেয়ে দেখল লোকটিকে। লক্ষ্য করল লোকটি পথচলার পোষাক পরেনি, — স্ফুটটা খাঁটি উলের না হলেও বেশ ভালভাবে ইন্দির করা। আর সার্ট দেখে মনে হয় যেন এইমার বদলে এসেছে।

স্মুর্জেনিংসা মনে মনে ভাবল, 'লোকটিকে আন্নার জন্যই আর্নেনি তো?'

তানিনেংস কিন্তু কিছা বলল না, স্মাক্তেনিংসাও কিছা জিজ্ঞেস করল না। কেবল ফিস্ফিস্ করে গাফিয়াকে বলে দিল আল্লাকে যেন কিছাকণ পরে অতিথিদের নমস্কার করতে পাঠিরে দেওয়া হয়।

'ভেরখনিরেতে তো আপনাকে কথনো দেখেছি বলে মনে পড়ে না,' সবাই বসলে পর সমুক্তেনিংসা বলল গিচ্কাকে।

'আমি তো এই সেদিন মাত্র এলাম, এখনো এক বছরও হয়নি,' গিচ্কা বলল।

'অনেক দ্র থেকে আসছেন বৃঝি ?'

'না, স্বালিয়াভা থেকে।'

'স্বালিয়াভার চেয়ে ভেরখনিয়ে আপনার বোধ হয় বেশি প্রছন্দ ?'

'ঘটনাচক্রে আর কি,' কথাটা এড়িয়ে গিয়ে জবাব দিল গিচকা।

'ওর স্থা মারা যায়,' তানিনেংস বলে উঠল।

'সেটা ঠিক,' গিচ্কা বলল, 'ওখানে থাকতে ভাল লাগল না।'

স্ম্জেনিংসা সমবেদনায় মাথা নাডল কিন্তু মনে মনে বলল,
'মিথো কথা। প্রথিবীর সব বিপত্নীকই যদি জায়গা বদল করতে

সূর, করে তবেই হয়েছে আর কি.? দোকানের ভার নিয়েছিল, সময় হতে সরে পড়েছে।'

স্মুজেনিংসা নিন্দা করছিল না অনাদের করিংকর্মতায় সে খ্ব খ্সী হয়, যদিও নিজের তার ঐ গা্ণিটর বড়ই অভাব। 'আপনি ভাহলে অনাথ বলা্ন?' স্মুজেনিংসা একটু থেমে বলল।

'না না, ও বিপত্নীক,' তানিনেংস আবার বলে উঠল।

'লোকটা নিশ্চরই বিয়ের তালেই এসেছে,' সম্জেনিংসা
নিশ্চিত হল।

গিচ্কাকে তার ভালই লাগল। 'মোটেই বোকা নয়, বেশ ধান্দাবাজ লোক। অবশ্য দেখতে ভাল নয়, তাও ঠিক। কিন্তু তার ফলে আন্তাকে তার আরো বেশি ভাল লাগবে। তাছাড়া ওর চাকরীটিও বেশ লাভজনক, নিজেও তো তুমি গাফিয়াকে বিয়ে করেছিলে। গাফিয়াই বা কোন স্ক্রেরীটা! প্রথম প্রথম তো তাকালে পিলে চমকে যেত। তারপর ক্রমশঃ অভ্যাস হয়ে গেল, এখন তো কিছুই মনে হয় না।'

আরা এল। অতিথিদের নমস্কার জানিয়ে নিলিপ্তিভাবে জানলার কাছটার গিয়ে বসল। মেয়ের উপক্তিতে গিচ্কার মুখ দিয়ে আর কথা বেরতেই চার না। এই লম্জার ফলে গিচ্কার অস্বস্থি আয়ো বেড়ে গেল।

আছে৷ এই ব্যাপার, গিচ্কাকে দেখে স্মুজেনিংসা ভাবতে

লাগল, 'এমনিতে তো বেশ বলিয়ে কইয়ে লোক, ব্যবসায়ও বেশ দক্ষ, কিন্তু ... আলার কাছে তুমি জব্দ থাকবে '

গিচ্কা থেকে থেকেই চোরাচোখে আন্নার দিকে তাকায়, আন্না কিন্তু একবারও ফিরে তাকায় না। সে জানলার কাছে বসে অলসভাবে জানলার তাকে টবে বসান ফুলগাছের শ্কনো পাতা ছি'ড়ে চলেছে।

জানলা দিয়ে পাহাড় আর তার বৃণ্টি-ধোরা অফলা মাঠ দেখা বার। আলার মনে পড়ল, তিন বছর আগে সে বখন ইন্কুলে পড়ত ছাত্রছাত্রীরা ছেগোভেংসের সব বাসিন্দাদের সঙ্গে এই মাঠে গিরে আপেলের চারা লাগার। যে দশহাজার আপেল গাছ তারা লাগিয়েছিল এবার প্রথম তাদের ফুল ফুটেছে, তার মধ্র গন্ধ বসস্ত সন্ধার এই ঘরেও এসে পেশছছে।

গিচ্কাকে রাভিরটা রালাখরের পিছনের খ্পরিটার থাকতে দেওরা হল। গাফিয়া শ্ল আলার খরে। স্মুজেনিংসা আর তানিনেংসের শোবার ব্যবস্থা হল কারথানায় কাজের বেণিডে।

তানিনেৎসের টর্চের আলোয় ওরা শোবার জোগাড় করছিল। কারখানার অন্ধকার কোণেও একটু স্থান আলো পড়েছে। দোলনা-খাটটা চোখে পড়তে তানিনেশ্য বলে উঠল:

'ওটা কী?'

'দোলনা-খাট।'

'প্রনো ব্যবসা ছেড়ে দিলে নাকি?'

'না, না। ওটা আন্নার। কিনবে নাকি?'

'কেন বিক্রী করছ? আন্নার বিয়ে হবে তথন ওর দরকারে লাগবে।'

'কিন্তু কে ওকে বিয়ে করবে বল?' স্মুজেনিংসা এমন একটা ভাব করল যেন সে কিছুই বুঝুতে পারেনি।

'তার মানে? গিচ্কা করবে! সে খারাপটা কিসের?' 'না, খারাপ তো বলিনি।'

'ওর সঙ্গে বিয়ে দিলে পশুতে হবে না,' বেশ্বে শত্তে শত্তে তানিনেংস বলল। 'ওর টাকার হিসেবটা আমি অবশ্য কবিনি, কিন্তু ভেরখনিয়েতে যার জায়গায় গিচ্কা এসেছে সে তো যাবার সময় বোঝাই মাল নিয়ে যায়।'

'তোমার গিচ্কা হয়ত বিয়ের কথাই ভাবে না?' স্মুজেনিংসা জিভ্ঞেস করল।

'বা, তুমি তো আচ্ছা লোক! আমি তোমার কাছে রীতিমত বিয়ের প্রস্তাব নিয়ে এলাম, আর তুমি এখন "হয়ত" "হয়ত" করছ!

কিছ্কেণ পর তানিনেংস মাক ডাকাতে স্বর্ করল, সে ডাক নিশ্চয়ই ভেরখভিনার অপর পারেও পেণিছেছিল।

তানিনেংসের ওপর স্মাকেনিংসার বিশ্বাস ছিল। কিন্তু তব্ব ভেরখভিনার অন্তত আরো দশজনকে গিচ্কার বিষয়ে জিপ্তাসাবাদ করে তবে সে মনস্থির করল।

'হাাঁ হাাঁ, সে কথা ঠিক,' সবাই বলেছে, 'লোকটি ভাল, বেশ ধীরন্থির শান্ত। সেলসম্যানও খাব ভাল ... যা চাও তাই ও জ্বগিয়ে দেবে। ওর আগে যে কাজ করত সে যে অনেক জমিয়েছিল সে কথাও সতিয়।

তারপর গিচকা তো তার ঘটকদালালকে পাঠাল। সকাল থেকে রাত পর্যন্ত আনার সে কি কানা, আত্মহত্যার ভয় পর্যন্ত সে দেখাল। সাজেশ্টে মভাদিমভ দেখা যাচ্ছে সত্যিই তার হৃদয় কেড়ে নিয়েছে। তারপর বিয়ের পালা...

* * *

...আর এখন জনুন মাসের এক সন্কর দিনে ক্ষাজেনিংসা হোটেলের সামনে একটা কাঠের গাঁড়ির উপর বসে বসে গালাগাল দিছে তানিনেংসকে — কেন সে গিচ্কাকে তার বাড়িতে এনেছিল; গালাগাল দিছে নিজেকে — কেন সে লোডে পড়েছিল; আর দিছে আন্নাকে — কেন সে এত তাড়াতাড়ি কানা থামিরে শেষ পর্যন্ত বাপমারের কথা মেনে নিরেছিল।

মেরেরা সব দলে দলে কিশ্বা একা একা উঠোন পার হয়ে হোটেলের দিকে চলেছে। এরা সবাই এ জেলার দৃংধওয়ালী। রেগোভেংসে সভার যোগ দিতে এসেছে। স্মৃজেনিংসার চোথের সামনে দিয়ে চলেছে ফুল আঁকা স্কাট্, শার্ট আর জ্যাকেট।

ক্ষা,জেনিংসা সতর্ক হয়ে রয়েছে। চোথ কুচকে সে প্রতিটি দলকে ভাল করে দেখছে। যার অপেক্ষায় সে যসে আছে হঠাং তার সন্ধান মিলল !

সে তার বান্ধবীদের সঙ্গে উঠোনে গাদা করা ই°ট আর

বালির স্ত্পেকে বেড় দিয়ে চলেছে। হাতে পাকান খাতা। একটু মোটাসোটা হয়েছে, বেশ একটা উৎস্ক ভাব। র্মালের তল থেকে এক গোছা চুল বেরিয়ে এসেছে। চুলের গোছটাকে সে ফু' দিয়ে উড়িয়ে দেয়, র্মালটার তলে টেনে দেয় কিন্তু তব্ সেটা অবাধ্যের মতো আবার বেরিয়ে আসে।

'আহা যা!' ক্যুজেনিংসা ডেকে উঠে দাঁড়িয়ে পড়ল।

আন্না থেমে গিয়ে বান্ধবীদের ছেড়ে ব্যুড়োর দিকে এগিয়ে এল।

'কী থবর বাবা,' একটা দীঘনিঃশ্বাস চেপে সে বলল, 'আবার এখানে এসেছেন?'

'কী করব বল? তুই তো আমার পর নস ' স্মাজেনিংসা গলা নামিয়ে ফিস্ফিস্ করে বলল, 'ওকে ছেড়ে চলে আয়, ছেড়ে চলে আয় ...'

'কেন বাবা?' আমা কাঁধ ঝাঁকিয়ে বলল। 'আপনায় তো বলোছি আমি বেশ সুখে আছি ওর সঙ্গে।'

'স্থে?' স্মাজেনিংসা বিমর্ষ এক হাসি হেসে বলল, 'স্থের আর কী রইল বল? অন্য যারা ব্যবসায় নেমেছে, তারা কত পর্যসা করল, কিন্তু ওর নামে তো একটা কানাকড়িও নেই। অন্যদের বউরা কেমন পায়ের উপর পা তুলে দিবিয় আরামে রয়েছে, আর ও কিনা বউকে যৌথথামারে গরা দোরাবার কাজে পাঠায়

'আমি তো নিজেই গেছি।'

'তা তো হবেই, স্বামীটা যে দ্ববেলা গ্রাসাচ্ছাদনের ব্যবস্থাও করতে পারে না!'

'দুজনে মিলে তা করব,' আলা বলল।

বাবার জন্য তার দ্রংথ হয়, কিন্তু সেই সঙ্গে বাবার কথায় তার বির্নিক্তও লাগে। তার কথাগ্লো বে আমার পক্ষেই অপমানজনক সে বাবা ব্রুতে চায় না। আমা ঠোঁট দুটো কামড়ে নিজেকে সামলে রাখল পাছে ব্রুড়ো মান্বটিকে কড়া জবাব দিয়ে বসে। কিন্তু স্মুক্তেনিৎসার রাগ বেড়ে চলল।

'লোকটা আমাদের মাঝখানে এসে দাঁড়িয়েছে আলা! এখানে এলি, হোটেলে এলি, অথচ ভোর নিজের বাড়িঘর বাবামার কাছে এলি না। ভোর ফিওদরই বৃথি ভোকে বারণ করে দিয়েছে?'

'না,' আনা বলল, 'আমি নিজে থেকেই এসেছি। আমার স্বামীকে আপনি গালাগাল দেবেন, আমি তা শ্নেতে পারব না।'

'তা কী করব বল — তোর স্বামীর কাছে গিয়ে হাঁটু গেড়ে প্রার্থনা ভিক্ষা করতে হবে? এই তোকে শেষবারের মতো বলে দিলাম আলাঃ ওকে ছেড়ে দিয়ে চলে আয়! বাচা যদি হয় তার ভারও আমরাই নেব ... ঐ ফিওদর তোকে কী মন্ত্রই করেছে কে জানে?'

'আমরে জীবন ও চিত্তাকর্ষক করে তুলেছে।' 'চিত্তাকর্ষক ?' স্মুজেনিংসা জিজেস করে হতভদ্ব হরে চেষে রইল। এতদিন সে জেনে এসেছে জীবন ভালো হয়, সমৃদ্ধ হয়, কিন্তু চিত্তাকর্ষক?

'সে আবার কোন ধরণের জীবন?' আল্লা দীর্ঘনিঃশ্বাস ফেলল।

'বাবা, আপনি অনেক পিছিয়ে পড়েছেন। গর্ব ছিল জীবনে কখনো কোন ভুল করেনিন। কিন্তু বাবা, সারাজীবনে হয়তো কেবল একটিমার ব্যাপারেই আপনি ভূল করেনিন, আমার বিষের ব্যাপারে!'

...দিনের শেষে থামারের লরীগ্রলো দ্বধওয়ালীদের ফিরিয়ে নিয়ে যাবার জন্য হোটেলের সামনে এসে দাঁড়িয়েছে। সম্জেনিংসা দেখল আলা ড্রাইভারের পাশে গিরে বসল — এর মধ্যেই তার লরীতে বেয়ে ওঠা কণ্টকর হয়ে উঠেছে। 'তার মানে বেশী আর দেরী নেই,' সম্জেনিংসা ভাবছে। 'আবার দোলনা-খাটটা বেচে দিতে যাছিলাম ...'

লরীগুলো শেষ পর্যস্ত রওনা হল, ধুলোর মেঘে সব কিছু গেল মিলিয়ে।

ধ্লো থিতিয়ে যাবার পর আমাকে নিয়ে যাওয়া লরীটা আবার দেখা গেল। এবার অবশ্য নদীর ওপারে। আঁকাবাঁকা পথ বেয়ে ধাঁরে ধাঁরে গাঁড়ি মেরে চলেছে। একবার এক মোড়ে অদ্শ্য হয়ে যায় তারপর হঠাং আবার কয়েক মিটার দ্রেই আরেকটু উ'চুতে দেখা দেয়। এই ভাবেই চলেছে সেই গিবিদারের দিকে।

সমুজেনিংসা কিন্তু তথনো সেই কাঠের গ্র্ডির উপর বসে। ভীষণ মন খারাপ। হরত কারো কাছে গিয়ে সব দুঃখ খুলে বললে মনটা হালকা লাগত। কিন্তু হঠাং সে ব্রুল, এই বিশেষ দুঃখটি প্রকাশ করার মতো কেউ নেই। তার জামাই ফিন্তদর গিচ্কা দেখা গেল সং লোক, এ নিয়ে তো কেউ তাকে সমবেদনা জানাবে না, দুঃখ বোধ করবে না ...



কৰ্তব্য

অনেক রাত্রে কে যেন এসে হোটেলে উঠল। অন্ধকারে ঘরের ডিভর সে নড়াচড়া করছে, আমার পাশের ফাঁকা বিছানাটার শোবার জন্য তৈরী হচ্ছে।

আধ্যুমন্ত অবস্থায় শ্বনতে পাচ্ছি নতুন লোকটি তার জমে যাওয়া ব্যাতি চুল্লীর কাছে ঝুলিয়ে দেবার চেন্টা করল, ব্রীফ্কেসটা – নাকি ফীল্ড্ব্যাগ — ব্যালশের তলে ঢুকিয়ে দিয়ে বিছানায় বসে মোটা বুটগ্লো খুলতে সুরু করল।

বর্ষতি আর বৃটজোড়ায় কড়া হিমের গন্ধ। হিমে বোধ হয় একেবারে জারিয়ে গৈছে, ভামাকের গন্ধে লোকের জামাকপেড় বেমন হয়।

প্রোপ্রির জেগে গেলাম। বিরক্তির সলে মনে পড়ল তিন্দিন ধরে চলেছে জান্বারীর সেই সংঘাতিক বরফঝড়। পাহাড়ের গ্রামগুলোয় গাড়ি ঘোড়া হাঁটাচলা সব বর।

আমার প্রতিবেশী শ্বরে পড়ল। তার শরীরের ভারে কর্ণ আর্তনাদ তলে ঝুলে পড়ল বিছানটো।

স্বাকিছ্ তারপর নিশ্চুপ । আমার চোথে খুম নেই। শারে শারে ঝড়ের শব্দ শার্নছি, যে ঝড় মাঝরাত্তিরে আমার এই নতুন পড়শাকৈ এখানে নিয়ে এসেছে। লোকটি নিশ্চয়ই কোন কাজে এসেছে।

তারপর ভাবতে স্বর্ করলাম ছোটু সাধারণ একটি কথা 'কর্তব্য' অথচ তার কী অসীম শক্তি। এই একটি কথা, ইচ্ছা ও সমরের কথা না ভেবে লোককে কাজে উষ্ক্ষ করে, দূর্বলকে শক্তি জোগার, শান্তশিষ্ট লোককে একরোখা করে তোলে। একটা আদেশ দেওরা হল, অর্মান লোকেরা হয় হে'টে নয় গাড়ি চড়ে বেরিয়ে পডল কোথায় কে জানে। একেক সময় এমন সব বাধা বিঘা জয় করে, নিজের ইচ্ছায় বেড়াতে বেরলে লোকে ধা কক্ষনো পারত না। এই সব ভাবতে ভাবতে ঘর্মিয়ে পড়লাম।

যথন ঘর্ম ভাঙল তথন পর্রোবেলা হয়ে গেছে। ঘরের
ভিতর আমি আর নবাগত লোকটি ছাড়া আর কেউ নেই।

লোকটি তথম খাটের ধারে বসে মগের চারে চুম্ক দিচ্ছিল — মিলিসিয়ার এক কটুর মেজর, মাধাটা পরিজ্কার করে কামান, ভুর্দুটো লালচে।

চোথাচোথি হল। দ্বজনেই হাসলাম। দ্বজনেই কেমন একটু যেন অস্বস্থি অন্ভব করলাম। দ্বজনেই দ্বজনকে অনেক দিন থেকেই দেখে এসেছি, কিন্তু কখনো আলাপ হয়নি।

'জগণটা ছোট!' বলে মেজর তার ফোলা বসন্তের দাগওয়ালা হাতটা বাড়িয়ে দিল। 'আমার নাম ভেপান্টক, ইভান রোমানভিচ।'

ত্তেপান্যককে দেখে মনে হল, যারা ব্দির দীপ্তির জ্যারে বা হঠাৎ দৈবক্রমে উপরে ওঠে সে তাদের দলের নয়। সে হচ্ছে তাদেরই দলে যারা বহুবছর ধরে মাথার ঘাম পায়ে ফেলে কাজ করে তবে উপরে ওঠে। এ জাতের লোক খ্ব বিশ্বস্ততার সঙ্গে খ্টিরে কাজ করে চলে, এদের কাজে ব্দির পরিচয়ও পাওয়া যায়, কিন্তু স্কা অন্ভূতি জিনিসটা এদের কাছে থেকে কেউ আশা করে না।

'এখানে বেশ ক্য়দিন থাকবেন?' 'না, যাবার পথে এলাম,' স্তেপান্যুক বলল, 'সপ্তাহ খানেক হল এই জেলায় এসেছি। আর একটা গ্রামে এখনো যাওয়া বাকি আছে।'

মে গ্রামের নাম করল সেটা আমি যেদিকে যাব সেইদিকেই পড়ে। কিন্তু ঝড়ে আমি আটকা পড়ে গেছি।

শ্লেগোভেৎসে হয়ত আরো কয়েকদিন থেকে যেতে হবে, এই আশংকা জানালে পর দ্রেপান্যক বলল, 'আপনার কথা স্বতন্ত্র। আপনার সময় আপনার নিজের হাতে। অথচ আমার হাতে মাত্র দ্বটি দিন আছে। আজকেই ওথানে যাবার চেন্টা করব।'

'কী করে যাবেন?'

'কাঠবওয়া গাড়ি ওদিকে যাবে। কাল রারেই ওদের সঙ্গে ব্যবস্থা করে নিয়েছি।'

'তবে আমিও আপনার সঙ্গে যাব।'

'আচ্ছা,' মেজর রাজী হয়ে বলল ৷ 'সঙ্গী পেলে হিমও গ্রম হয়ে ওঠে।'

চা শেষ করে মেজর উঠে পড়ল গাড়ির তদারকীতে।

দাড়িকামান আর জামাকাপড় পরা সারতে সারতেই মেজর ফিরে এল। দ্বেণ্টার মধ্যেই একসার কাঠবওয়া গাড়ি রওনা হবে। ড্রাইভাররা হোটেলের সামনে এসে হর্ণ দেবে বলেছে।

মেজর আর আমি ঠিক করলাম এই ঘরেই বসে থাকব। কারণ স্থেগোভেৎসের চায়ের ঘরের কথা মনে করে দম্জনেবই কাঁপনুনি দিয়ে জবুর আসার জোগাড। 'সত্যিই, চায়ের ঘরটা মোটেই তেমন ভাল নয়,' মেজর বলল। 'অথচ ওটার উন্নতি ঘটাতে কিছ্বই তেমন লাগে না।'
'কিছ্ব না, কিছ্ব না,' আমি বললাম। 'শ্বেধ্ থন্দেরের প্রতি কিছ্ব বিবেচনা, কিছ্ব সন্মান..'

মেজরের মুখ কালো হয়ে গেল। লালচে ভুর্দুটো কে'পে উঠে ধারে ধারে একসঙ্গে হয়ে গেল।

'এ সব আমাদের ত্যাগ করতে হবে,' মেজর বলল, 'এই দপ্তরীদস্তুর কেমন এ'টে থাকে, তার ফলে মান্য শেষ পর্যস্ত একেবারে চাপা পড়ে যায়, অথচ আমরা বলি, মান্য কথাটাই নাকি গরের বিষয় ...'

এর পরে কথাবার্তা আর জমল না। মাঝে মাঝে এটা ওটা নিয়ে দ্একটা কথা বলি বটে, কিন্তু তারপর থেমে যাই, — তাতে কোন উৎসাহ উন্দীপনার সাড়া পাওয়া যায় না। মনে হল স্তেপান্যকের মাথায় তথন অন্য কিছু ঘ্রছে। সে কথাই সে যেন সারাক্ষণ ভেবে চলেছে। হয়ত কথাটা আমাকে বলার ইচ্ছেও তার আছে, কিন্তু নিজেকে সামলে নিছে।

ভদ্রলোককে নিজের মনে থাকতে দেব ছির করে বহুবার পাতা উল্টোন একটা পত্রিকা টেনে নিতে যাব হঠাৎ স্তেপান্যক হাত নেড়ে আমায় থামিয়ে দিল।

'শ্বন্ব একবার কী ঘটেছিল। আমিও জড়িয়ে পড়েছিলাম .. হয়ত এজাতীয় ব্যাপার আগেও ঘটেছে, তব্ থেয়াল করিম। যা হোক আপনাকে বলি ব্যাপারটা ... 'এই আঞ্চলিক অফিসে নিযুক্ত হবার আগে শ্লেগোভেৎসের কাছেরই এক জেলার কাজ করতাম। সেই মিলিসিয়ারই চাকরী, আবার সি আই ডি বিভাগেই। কাজটা আমার মোটেই মনোরম নয়। মাঝে সাঝে জীবনের এমন কদর্য দিকের সংস্পর্শে আসতে হয়, এমন নোংরা পাঁক ঘাঁটতে হয় য়ে, বিশ্বাস করবেন না, বাড়ি এসে হাজারবার লান করেও মনে হয় তখনো লেগে আছে। 'যা হোক ঐ জেলায় তো কাজ করছি, এমন সময় একটা চরির কেস্ এল।

'ব্যাপারটা স্বা্হল এই ভাবে, এক যৌথখামারের দ্বস্তা শস্য একদিন গারেব হরে গেল। তারপর হঠাং আশেপাশে বেদম চুরির হিড়িক পড়ে গেল। বোঝা যায় এই সব চুরিডাকাতির জন্য একটি লোকই দায়ী। লোকটি সাহসী, এমন কি মরীয়াও বলা যেতে পারে, সেই সঙ্গে চোথে ধ্লো দেওয়ায় দক্ষ। চোরের 'হস্তাক্ষর' দেখে বোঝা যায় সে অনভিজ্ঞ, পেশাদার নয়, কিন্তু তব্ কিছুতেই তাকে ধয়া যায় না। শ্ব্রু লক্ষ্য করে দেখলাম খামারের কামার জিপ্সি ছেকেরাটা করেকদিন থেকে বেশ নবাবী করে বেড়াছে — এস্তার মদ খাছে আর টাকা ছড়াছে। কিন্তু এখানে বলা দরকার, ওই ছেকেরাটি কাজ করত অতি চমংকার, বেশ ভাল সং ছেলে, ফ্রিবাজ। আর যদেশ্রর কাজে ছিল সর্বদক্ষ।

'ভেরথভিনায় যৌথখামার ব্যবস্থা চাল্ম হবার একেবারে প্রথম দিন থেকেই সে এই খামারে রয়েছে। তার আগে সে থাকত "প্যারিসে" নিজ্নিয়ে গ্রামের বাইরে জিপসি পাড়াব চলতি নাম। দশটা ছোট ছোট মাটির কু'ড়েঘর — এই হল "প্যারিস"… জিপসিরা পেট চালাত গ্রীষ্মকালে বাড়ি তৈরীর খড়ের সঙ্গে মাটি মিশিয়ে, অন্যানা ঋতুতে লোহার কাজ করে।

'এই ছেলেটি একদিন যৌথখামারে এসে বলল:

'''আমার কিছু কাজ দিন, পর্রোনো জীবন আমার কাছে অতিষ্ঠ হয়ে উঠেছে।''

'"তা তুমি কী করতে পার?"

'"সব কিছু পারি," ছেলেটি বলল।

'সত্যিই সব দিকেই তার বেশ গুণ ছিল। মুহুতের মধ্যে সে সবিকছ্ বুঝে ফেলত, শুকনো গাছে আগন লাগার মতো আর কি, চোথের পাতা ফেলতে না ফেলতেই প্রুরোটা গাছ দাউদাউ করে জনলে ওঠে। আর কাজ করার খাঁইও তার সাংঘাতিক। একটা সাধারণ এক্সেল তো মাত্র ঝালাই করবে, কিন্তু তাতেই সে সারা কামারশালাকে মাতিয়ে তুলত।

'এই ছোকরা কামারটিকেই আমরা সন্দেহ করতে লাগলাম। সন্দেহ নর, কিন্তু — কী করে বাোঝাই — পাহাড়ে চারণভূমির ব্যাপার জানেন তো: চমৎকার দিন একটুকরা মেঘ বা এতটুকুও হাওয়া হয়নি, তব্ব ব্ভো রাখাল কোথা থেকে গদ্ধ পেয়ে য়য় ঝড়জনের সম্ভাবনার।

'এই কামারটির কথা আমি শ্নেছিলাম, কিন্তু তখনো ওকে চোখে দেখিন। তাই ঠিক করলাম ওর সঙ্গে আলাপ করব। 'স্নেগোভেংসে ওকে ভাক পাঠান হল। ছেলেটি যখন ঘরে
ঢুকল, ওর দিকে তাকিয়ে হাঁ হয়ে গেলাম, মুখ দিয়ে কথা
সরল না . . একটুও বাড়িয়ে বলছি না অমন স্পূর্য আমি
আর কখনো দেখিনি, অথচ ভেরখভিনায় সোন্দর্থ কিছু দুর্লভ
নয়। কিন্তু এই ছেলেটির বেলায় প্রকৃতিমাতা নিশ্চয় বলেছিলেন,
"এই নাও, অবাক হয়ে চেয়ে দেখ আমার স্ভিটকে! কেমন?"

'দীর্ঘকায় সম্ব্রত ছেলেটি আমার সামনে দাঁড়িয়ে, এককাঁধে জ্যাকেটটি ঝোলান। রঙ অন্প ময়লা, কিন্তু তাতে কালোর চেয়ে সোনালি ভাবটাই বেশিঃ বাদামী চোপদ্বটো জ্বলছে যেন হাপরের স্ফুলিঙ্গ ছিটকে এসে তার চোথে পড়েছে, তারপর নিভে না গিয়ে সেখানেই রয়ে গেছে, আর ভেতরের কী এক বাতাসের তরঙ্গে সর্বদা দীপ্ত হয়ে রয়েছে।

'অত্যন্ত আকুলভাবে ব্যরবার মনে মনে বলতে লাগলাম — এ ছেলৈ যেন চোর না হয়।

'অবশেষে নিজেকে সামলে নিয়ে জিজেস করলাম:

'"মেদ্ভিয়ানিংশ্কি দোকানের চুরির বিষয়ে আপনি কিছ্ জানেন?"

'"জ্লানি," ছেলেটি শান্তভাবে জবাব দিল।

'"অক্টোবর যৌথখামারের ?"

'"জানি।"

'প্রত্যেকটি চুরির কথা জিস্তেস করলাম। প্রত্যেকবার সে বলল, "জানি।" '"এ সব কে করেছে বলতে পারেন?" ওর দিকে না তাকিয়েই বললাম কথাটা।

'"আমি।"

'সাঁ করে যেন কে আমার গায়ে চাবুক কষিয়ে দিল।

'মনে হল বোধ হয় ভূল শ্রেছি। হয়ত মানেটা ঠিক ব্রুতে পারিনি। কিন্বা হয়ত আমার সঙ্গে মজা করার জন্যই বলেছে কথাটা। কিন্তু না, ওর দিকে তাকিয়ে দেখলাম, সত্যি কথাই বলছে। আগের মতোই সে শাস্ত, এমন কি নির্দিপ্ত। কেন জানি না তথন জিজ্জেস করে বসলাম:

' 'আপনাদের খামারের দূবস্তা শস্য?"

'হঠাৎ ছেলেটি এমন একটা ভাব করে উঠল যেন তাকে ভীষণ একটা কিছ্ম যা দিয়েছি, রাগে তার চোখদনুটো জনুলে উঠল।

'"না!" ফোঁস ফোঁস করতে করতে সে চেচিয়ে উঠল, "ও বস্তা আমি চুরি করিনি!"'

মেজর থামল, নেড়া মাথাটা একবার জোরে ঘসে নিল। একটু থামার পর ধীরে ধীরে বলল:

'ব্যাপারটা হল এই। বস্তাদ্রটো একেবারে অদৃশ্য হরে। গেল. যেন উপে গেছে।

'থামার কমিটি সভা ডেকে প্রচুর মাথা ঘামিয়ে বের করতে চেন্টা করল: কে নিতে পারে বস্তাদ্বটো। সভাপতির ম্বথানা তো রাহির চেয়েও অন্ধকাব, পার্টি সম্পাদক তো একবাঁও জলে। "সন্দেহ করার মতোও কেউ নেই," সে বলল। তখন ফোরম্যানদের একজন উঠে বলল, "ঐ জিপসিটা ছাড়া আর কাকেই বা সন্দেহ করা যায়?"

পেলাকটিকে কেউ সমর্থান করল না কিন্তু (সেটাই সবচেয়ে প্রধান ব্যাপার) কেউ তাকে দমিয়েও দিল না। এদিকে স্বাই জানে জিপ্সি ছেলেটি সং, চমংকার কাজের লোক। এরকমই হয় একেক সময়...

'ছেলেটি তার প্রতি এই অন্যায়ের কথা শান্ন অপমানে লাল হয়ে উঠল বিদমেজাজী লোক। "তোমরা তাহলে আমায় চোর বলৈ মনে কর, আছো, তবে আরো কিছ্ন দেখ!" ক্ষেপে গেল সে। তারপর সারা হল একের পর এক চরি ...

'খামারের এই ইতিহাস শানে ছেলেটির প্রতি আমার এমন প্রচণ্ড রাগ হল, কী আর বলব, রাগের চোটে আর চুপ করে বসে থাকতে পারলাম না:

"তুমি একটা অম্ক তম্ক সেম্ক, তুমি একটা হতভাগা ইত্যাদি ইত্যাদি… তুমি মোটেই ক্ষমার যোগ্য নও। আমার যদি ক্ষমতা থাকত তবে তোমায় চুরির জন্য নয়, নিজের আত্মসন্মানকে এইভাবে ধ্লোয় মিশিয়ে দেবার জন্য সাজা দিতাম। আমার কাছ থেকে এতটুকুও দয়া পেতে না। কার জন্যে তুমি একাজ করছ? ঐ বোকা ফোরম্যানটার জন্য? এতই দরাজ হয়েছ যে নিজের সন্মানটাকেও হাডে ফেলে দিলে? আর একি শ্র্যু একা তোমার সম্মান ? তোমার স্বজাতিরা নতুন জীবনের পথ বের করছে, কাজটা মোটেই সহজ নর, আর তুমি ওদের এরকম ক্ষতি করলে . ঐ ফোরম্যান তোমায় জিপসিটা বলেছিল, কিন্তু প্রশ্কিন, গোর্কি আর তলস্তয় জিপ্সিদের বিষয়ে কী লিখে গেছেন তা জান? জিপসিরা গ্লী, স্বাধীনতাপ্রিয় আর মর্যদাবোধসম্পন্ন বলে তাদের কত প্রশংসা তাঁরা করে গেছেন, তা তুমি জান? না না, আমার কাছ থেকে করণা আশা কর না!.."

'সত্যিই, এ ব্যাপারে কর্ণার কোন প্রশ্নই উঠতে পারে না। লোকটিকৈ বাঁচাতেই হল। চুরি জিনিসটা মদ খাওয়া বা জ্রাখেলার মতো মান্ধকে পেয়ে বসে, অভ্যাস ইয়ে বায়, নেশা ধরে, অভ্যাস কাটান বড় সহজ ব্যাপার নয়।

'করেকদিন পরেই এই মামলার শন্নানী স্বর্ হল। আমিও আদালতে গেলাম জজের প্রতিটি প্রশেনর উত্তর ছেলেটি দিল অত্যন্ত অনিচ্ছায়। তার শেষবক্তব্য তো সে একেবারেই বলতে রাজী হল না। আমার দিকে আড়চোথে তাকাতে লাগল, যেন আমিই স্বাকিছ্র জন্য দায়ী।

'ঘটনাটা ঘটে প্রায় ছ' বছর আগে। ও জেলা থেকে আমি উজগরদে বদলী হয়ে যাই। আর সত্তির বলতে কি, ঘটনাটা ক্রমে ভূলে যাই। তারপর হঠাৎ ভেবে দেখনে, এই গত সপ্তাহে, অফিসে বসে কাগজপত্তর দেখছি এমন সময় দরজায় টোকা পডল। '"আস্ন্," আমি বললাম।

'দরজা খুলে গেল। ভিতরে ঢুকল আমার প্ররোনো বশ্ধ, সেই কামার ছেলেটি।

'"আমায় আপনি চেনেন কমরেড মেজর?"

'"তা চিনি বই কি। ফিরেছেন তাহলে।"

'''হর্যা, মেয়াদ ফুরস্বা।''

'"তা আপনার জন্য কী করতে পারি বল্নে?"

'আমার দিকে একবার অভুত ভাবে তাকাল ছেলেটি। কী বলবে ভেবে পেল না।

'"কিচ্ছা না কমরেড মেজর। আমি কেবল ... এই পথ দিয়েই যাচিছলাম ... অত্যন্ত দাঃখিত, আপনার কাজের ব্যাঘাত করলাম।"

''ঠিক আছে, ঠিক আছে।"

'এইটুকুই। ও তো চলে গেল। আমিও আমার কাজে লেগে গেলাম। কাজ করে চলেছি, লিখছি, পড়ছি আর ভিতরে ভিতরে একটা উৎক'ঠা জেগে উঠছে। মনটা থেকে থেকেই ঐ জিপসির দিকে ছুটে যাছে। "ও কেন এল? এত কন্ট করে আমার খ'লে বের করেছে, এর একটা কারণ আছে নিশ্চরই। আমার সঙ্গে দেখা করার জনা ও খুব উৎস্ক ছিল... হয়ত ওর সাহায্যের প্রয়োজন? কিন্তু জিজ্জেস তো করলাম, ওর জন্য কিছু করতে পারি কিনা, ও বলল কিছুই দরকার নেই... তব্ নিশ্চয়ই কোন কারণে এসেছিল।" হঠাৎ ভীষণ বিশ্রী লাগতে লাগল, অত্যন্ত লজ্জাবোধ করলাম। পথ দিয়ে আপন মনে ভাবতে ভাবতে চলার সময় হঠাৎ কেউ আপনায় নমস্কার করল, অথচ আপনি তখন এতই চিন্তামগ্ন যে ফিরে নমস্কার করলেন না। অনেক পর ব্যাপারটা আপনার খেষাল হল তখন যেরকম বিশ্রী লাগে এও ঠিক সেইরকম ... "আপনার জ্বন্য কাঁ করতে পারি?"... কিন্তু ও তো আমার কাছে সাহায্যের জন্য আসেনি। আমার কাছে ও কিছ্বই চাইতে আসেনি। কেবল দেখা করতে এসেছিল। কাউকে "এমনি" দেখতে ষাওয়াই একেকসময় অত্যন্ত অর্থবহ হয়ে ওঠে কারো কারো কাছে। আর আমি কিনা তাকে এরকমভাবে অভ্যর্থনা করলাম।

'বারান্দায় বেরিয়ে এলাম। কিন্তু সে তথন চলে গেছে রান্তার দৈড়িলাম, কোথাও তাকে দেখা গেল না। এখন কী করি? ঠিক করলাম ওকে খাঁলে বের করতেই হবে। ওর এই দাক্ষিগ্যের উপযাক্ত প্রতিদান দিতে হবে।'

স্তেপান্কে তার গল্পের শেষে আরো কী যেন যোগ করতে যাচ্ছিল, কিন্তু ঠিক সেই সময়েই ড্রাইভারের হর্ণের দীর্ঘ চাপা আওয়াজ ভেসে এল।

'ঐ আমাদের ভাকছে,' মেজর লাফিয়ে উঠল। 'জামাকাপড় পরে নিন।'

... এক দণ্টারও উপর তিনটে কাঠবওয়া গাড়ি ইঞ্জিনের প্রচন্ড গর্জন তুলে বরফঢাকা পাহাড়ে রাস্তা দিয়ে গড়িড় মেরে এগিয়ে চলেছে। দ্বেগোভেংস থেকে কতদ্বে এসেছি তা একবার আঁচ করার চেণ্টা করলাম, কিন্তু সে অসম্ভব ব্যাপার। বাতাস শীস্ দিয়ে সপাং করে চাব্ক চালিয়ে বরফকুচির ঝড় তুলছে। সেই দুর্ভেদ্য বরফের মেথের কী মারাত্মক হিমশীতল কামড়।

গাড়িব কামরায় আমাদের জায়গা হল না। মেজর আর আমি খোলা পাটার উপরেই বদেছিলাম। মারাত্মক শীতে জমে ঠান্ডা হয়ে গোছি।

'এখনো বে'চে আছেন ?' স্তেপান্যুক থেকে থেকেই জিজেস করতে থাকল।

'এখন পর্যস্ত তো আছি,' কোনরকমে চাপা স্বরে উত্তর দিয়ে
মনে মনে নিজেকে গালাগাল দিরে চললাম, 'কী দরকার ছিল
আসবার? ও যাচ্ছে — ওর কাজ আছে, আমার কী দরকার
ছিল? রেগোভেংনে থাকলেই তো হত!'

সময় তিকিয়ে তিকিয়ে চলেছে, এর আর যেন শেষ নেই।
এটা সেটা নানা কথা ভাববার চেন্টা করতে লাগলাম, কিন্তু
ভাবনাগ্রলোও ঠান্ডায় যেন জমে গেছে। স্লেগোভেৎস হোটেলের
আমার সেই কোণটাকে তখন সাক্ষাৎ স্বর্গ বলে মনে
হচ্ছিল।

'এখনো বে'চে আছেন?'

'সেরকমই তো মনে হচ্ছে .'

অবশেষে রিজ পেরল ... আমাদের ডাইনে রাস্তার ঠিক ধারে একটা লম্বা কুশ চোথে পড়ল, যীশ, খ্লেটর একটা মচে পড়া টিনের প্রতিকৃতি তাতে লাগান। তারপর বরফে ঢাকা একটা কী যেন চলে গেল, হরত ঘাসের গাদা নরত কারো বাড়ি। 'এই তো!' মেজর হঠাৎ চে'চিয়ে উঠল। 'বোধ হয় পে'ছি গেছি!'

উঠে পড়ে চরেদিকটা একবার দেখে নিল, তারপর ড্রাইভারের কামরার চালে দমাদম কিল মারতে স্বর্ করল। 'কী হল?' মাথা বের করে ড্রাইভার জিজ্ঞেস করল।

'এখানে থামাও গাড়ি!' তারপর আমার দিকে ঘুরে মেজর বলল, 'আচ্ছা, তবে আসি, নমস্কার। সেই কামার ছেলেটির খোঁজ করব। শুনেছি সে এখানেই যৌথখামারে কাজ করে।'

লরীটা থেমে গেল। ত্তেপান্যক ধপ করে লাফিয়ে নেমে পড়ে তার ফীল্ড্ ব্যাগটা নেড়ে বিদায় জানাল।

আমি সেই একই খোলা পাটায় বসে একা একা চলতে লাগলাম, কিন্তু সাজ্যি বলছি, ঠাপ্ডাটা আর আগের মতো অসহ্য মনে হল না।



वद्रभा

রেগোভেৎসের উপকণ্ঠে আসতেই ভীষণ ঝড়বৃণ্টি স্র্ হয়ে গেল।

চারিদিক অন্ধকার। বৃণিউর পর্দার আড়ালে পাহাড়গ**্**লো ঢাকা পড়ে গেছে। ধ্লোর প্রচণ্ড ঘ্রি রাস্তা থেকে লোকের ফেলে যাওয়া ছে°ড়া কাগজের টুকরে। আর কাটা ঘাসের গোছা উড়িয়ে নিয়ে চলেছে। ব্লিটর প্রথম ফোঁটা পড়ল রাস্তার। এক মূহুতের মধ্যেই রাস্তার গা বিচিত্র ফোঁটায় ভরে গেল।

বৃষ্ণির হাত থেকে বাঁচার জন্য কাছের বাড়িটার দিকে আমরা দোড় মারলাম। কাঠের গাড়িত্ব বাড়ি। বহু পর্বনো কালের চালটা সব্জ শ্যাওলায় সম্পূর্ণ ছেয়ে গেছে। রাষ্টার সেভেলের নিচেই বাড়িটা দাঁড়িয়ে। মাটির গায়ে কয়েকটা সি'ড়ি, পাশটা পাথরের তৈরী, চলে গেছে দরজা পর্যস্ত।

লাফ দিয়ে বাড়িটার প্রবেশপথে ঢুকেছি এমন সময় অন্ধকার চিরে চমকে উঠল বিদ্যুৎ। মনে হল কেউ যেন রূপকথার দেশের গাছের সোনার আঁকাবাঁকা শিকড় মাটি থেকে উপড়ে এনে আকাশে ছাডে দিয়েছে।

মাটি কে'পে উঠল, মুবলধারে বৃগ্টি নামল।

প্রবেশপথ থেকে ঘরে ঢোকার দরজাটা আধন্তেজান। মনে হল ভিতরে কেউ নেই। তব্ দরজার সামনে থেমে হাঁকলাম:

'আসতে পারি?'

'নিশ্চয়ই,' কে যেন ধরা গলায় জবাব দিল, 'আসন্ন।' রুক্স্যাক আর লাঠিগনুলো বাইরেই রেখে দিলাম। পাহাড়ের

চারণভূমিতে রাথালদের কাছে গিয়েছিলাম, রুকস্যাক আর লাঠিগুলো যাত্রাপথে খুবই কাজ দিয়েছে। আমরা খরে ঢুকলাম।

বেশ সাজান গোছান খর, কিন্তু বন্ধ যেন ফাঁকা ফাঁকা। আসবাবপত্র বলতে তো কেবল একটা টেবিল, দন্টো বেণি আর চুল্লীর কাছে একটা বিরাট কাঠের খাট। বছর ষাটেকের একটি লোক খাটের উপর বসে। হাড় বের করা গোমড়া মুখ। কাঁধের উপর একটা ছাগলের চামড়ার কোট চাপান, পাদ্বটো ফিতে না লাগান ভারী বুটের ভিতর ঢোকান।

গৃহকতার মুখ দেখে মনে হল আমরা আসার তাঁর মনে কোন ভাবেরই উদ্রেক হয়নি, এমন কি সাধারণ কোত্তলও নর।

'বস্বন,' ভদ্রলোক বললেন। গোঁফে ঢাকা ম্থের ভিতর একটা দরে তৈরী লম্বা পাইপ প্রের ধ্যপান করতে লাগলেন।

ঝড় একেবারে খরের চালের উপর দিয়েই গর্জন করে ছুটে চলেছে। একেকবারে বাজ যখন পড়ে তখন কাঠের ব্যাড়িটা থরথর করে কে'পে ওঠে, দেয়ালে ঝোলান ছোট্ট তাকটার সামান্য বা বাসনপত্তর রয়েছে সেগ্রেলা ঠংঠাং আওয়াজ তোলে।

ভদ্রলোক কিন্তু বেন সম্পূর্ণ নির্লিপ্ত। আমরা বা ঝড় — কারো প্রতিই তাঁর কোন খেয়াল নেই। থেকে থেকেই কেবল কাঁধের কোটটা সোজা করে নেন, আর অভ্তভাবে দ্বহাত দিয়ে ধরে এক পায়ের উপর আরেক পা তুলে দেন।

'আপনি কি অসক্স্থ?' আলাপ স্কর্ কররে চেণ্টায় বললাম। 'হাাঁ,' ভদ্রলোক বিশেষ গা না লাগিয়ে বললেন। 'কী হয়েছে?'

ভদ্রলোক আমায় একবার দেখে নিসেন। বোধ হয় উত্তরটা দেওয়া উচিত হবে কি না সেটাই সমঝে নিলেন। তারপর কিছ্ব অনিচ্ছার সঙ্গেই বললেন। 'পাদ্বটো নিয়ে ভুগছি।'

'অনেকদিন থেকেই ভুগছেন?' আমাদের দলের ডাক্তারী ছার্চাট বলে উঠল। উজগরদে তার বাস: রোগীকে তথন তথ্যনি সাহায্য করার জন্য সে বিশেষ উৎসক্তন।

বুড়ো ভদ্রলোক ছেলেটির দিকে নিলিপ্তিভাবে তাকিরে। রইলেন।

'ট্রেপ্তে থাকতেই স্কুর্ হয়, সেই প্রথম জার্মান্যুদ্ধে।'

খাঁটি রুশী ধাঁচের কথা: 'জার্মানযুদ্ধ'। রাশিয়ার অভ্যন্তরে এখনো বুড়োদের মধ্যে 'জার্মানযুদ্ধ' কথাটা প্রচলিত।

'আপনি এখানকার লোক নন?' আমি জিজ্ঞেস করলাম। 'এখানকারই লোক, তবে রাশিয়া থেকে এসেছি।' 'এখানে অনেকদিন আছেন কি?'

'১৯১৫ সাল থেকে। যুদ্ধবন্দী।'

'তরেপর আর বাড়ি ফিরে গেলেন না কেন?'

'এমনি,' ভদ্রলোক কাঁধ ঝাঁকিয়ে বললেন, 'এখানকার লোকরা তো আর আমাদের পর নয় ... বিয়ে করলমে ... ছেলেপ্রেও হল... দেশে আমার কেউ ছিল না!'

'আপনি কোন অণ্ডল থেকে আসছেন?' জিজ্জেস করল আরা মাম্বিয়াঃ পশ্বপালনবিদ সে, ওই আমাদের রাখালদের কাছে নিয়ে গিয়েছিল।

'আমি স্মলেনস্কের লোক,' ব্র্ডো একটু চাপা স্বরে বললেন, 'প্রনেভো গ্রামে বাড়ি।' আমি চমকে উঠলাম।

'ওগ্রিজ্কভোর কাছে কি? এই গেল বছরই তো আমি সেখানে গিয়েছিলাম।'

গৃহকতরি মুখে কোন বিকার নেই। আমার কথা তাঁর মনে কোনই রেথাপাত করতে পারল না। অথচ পরে তাঁর সংক্ষিপ্ত কাটাকাটা জবাব শুনে জানতে পারলাম ভদুলোক প্নেভাতেই জন্মোছলেন। এমন কি কুড়ি বছর বয়স পর্যন্ত, তার মানে মিলিটারীতে ডাক পড়ার আগে পর্যন্ত সেখানেই ছিলেন।

ভদ্রলোক নিজে আমাদের কোনরকম প্রশ্নই করলেন না।
আমাদের প্রশন ফুরিরে যেতে যে খ্রুব দ্বঃখ পেলেন তাও মনে
হল না। এ কি জীবনে বহা ঘা খাওয়া মান্বের উদাসীনতা?
ভিতরের সর্বাকছ্ যার ক্ষতবিক্ষত হয়ে অসাড় হয়ে গেছে,
কোন আনক্ষই, এমর্নাক স্মৃতির আনক্ষও সেই অসাড়তাকে
আর ভেদ করতে পারে না। নাকি নিষ্টুরভাবে বিশ্বত মান্বের
সতর্কতা? কিম্বা হয়ত অস্কৃতার ফলেই ভদ্রলোক বৈরাগ্যের
সেই স্তরে এসে পেশিছেছেন যেখানে অস্কৃতা ছাড়া আর কোন
কিছ্র প্রতিই তাঁর সাড় নেই? হয়ত এ স্বাকছ্ মিলিয়ে
এরকম্টা হয়েছে?

এরপর থেকে আমরা কেবল নিজেদের কথা বলৈ চললাম — হোটেলে চিঠিপত্তর কিছু, পড়ে রয়েছে কি; আসছে কলে আবার ভাক্তারী ছাত্র য়ুরি লকতার বক্তৃতা আছে শ্লেগোভেৎসের কাছে তার নিজেরই গ্রামে; পাহাড়ে চারণভূমিতে যৌথখামারের পাল চরায় যে রাখালরা তাদের অভাব অভিযোগ ইত্যাদি নানা কথা বলে চললাম, আমাদের স্বল্পভাষী গৃহকর্তার প্রতি কোন নজর দিলাম না।

ঝড় তখন গিরিদ্বারের ওপারে পেশছেছে। ছোট্ট জানলাটা দিয়ে দেখতে পাচ্ছি ঝড় তার পিছন পিছন টেনে নিয়ে চলেছে বৃল্টির ধোঁয়াটে ধারা। অন্ধকার ফিকে হয়ে এল। পাহাড়ের উপরে নীল আকাশের একটি রেখা ফুটে উঠে ক্রমণ ব্যাপকতর হয়ে উঠল। এক ঝলক রোদও দেখা দিল, কিন্তু ঝির্মির এক পশলা খ্রিমাখা বৃল্টি তখনো পড়ে চলেছে।

এবার বেরন যেতে পারে। গৃহকর্তাকে বিদায় জানালাম। তিনি পাইপ ফুকতে ফুকতে মাথাটা একবার নেড়ে দিলেন।

বৃত্তি একেবারেই থেমে গেল। বাইরেটা গ্রম আর ভ্যাপসা। ছোট ছোট জলধারা রাস্তা বেয়ে ঝরে পড়ছে। উচ্ছল তাদের কলকণ্ঠ। উত্জ্বল তারা সোনার রোদ মেখে। রাস্তায় জমা কাদা জলের ভোবা আর এইসব জলধারা লাফিয়ে লাফিয়ে পার হরে আমরা সহরের কেল্টের দিকে এগিয়ে গেলাম। আলা মাম্লিয়া বাড়ি চলে গেলা। আমরা হোটেলে ফিরে গেলাম।

স্ববিদ্ধা গোছগাছ করা, কাপড় ধোওয়া, নিজেরা তৈরী হয়ে নেওয়া, এতেই প্রায় এক ঘণ্টা কেটে গেল। লকতা তার গ্রামে যাবে, আমি ঠিক করলাম তাকে চোমাথা পর্যস্ত পেণছে দিয়ে আসব। নিচে নামার জন্য ঘর ছেড়ে বেরিয়েই খাড়া কাঠের সিণ্ডির মাথার আমরা অবাক হয়ে দাঁড়িয়ে গেলাম: এক হাতে লাঠির উপর ভব দিয়ে, আবেক হাতে সিণ্ডির বেলিং ধরে উঠে আসছেন সেই ভদ্রলোক ঝড়ের সময় যাঁর বাড়িতে আমরা আশ্রয় নিয়েছিলাম।

বহা কণ্টে একপা একপা করে ভদ্রলোক উঠছেন। কী রকম ভরানক কণ্ট করতে হচ্ছে তা বেশ ব্রুবতে পারছি। হাড় বের-করা মুখটা ঘামে ভিজে গেছে; চোথের উপরেও দরদর করে ঘাম থরে পড়ছে। ঘরে কাটা স্কুতোয় তৈরী সার্টের হাতা দিয়ে ভদ্রলোক থেকে থেকে ঘাম মুছছেন।

তাঁর আগমন এতই অপ্রত্যাশিত, এমনকি অবিখাস্য যে, আমরা দ্বজনেই অপ্রস্তুত হয়ে স্থাণ্র মতো দাঁড়িয়ে রইলাম।

নিশ্চরই অত্যন্ত জর্বী ব্যাপার। নইলে কি এই অস্ক্ ভদ্রলোক বিছানা ছেড়ে এত কণ্ট করে হোটেল পর্যন্ত আসেন? ওঁর বাড়ি থেকে হোটেলটা এক কিলোমিটারের কম তো নয়ই। আমাদের দেখে ভদ্রলোক থামলেন। হাঁপাতে হাঁপাতে

'পন্নেভোতে কখন গিয়েছিলেন?' 'গত গ্রীত্যে।'

জিজ্জেস করলেন:

'গ্রীষ্মে ...' ভদ্রলোক ধরা গলায় বলে উঠলেন। তারপর এক পা পিছিয়ে গিয়ে চোখ কু'চকোলেন, যেন দ্রে কিছ্ম একটা দেখার চেণ্টা করছেন কিন্তু চোখ ধাঁধান রোদের জন্য দেখতে পারছেন না।

'ওখানে একটা টিলা আছে,' অবশেষে ধীরে ধীরে বলে চললেন, 'ছোট বেলায় সেখানে কত নাক্ল্বোন খেলেছি… টিলাটার ঠিক তলে একটা ঝবণা। ঐ ঝবণার কাছে ছিল আমাদের বাড়ি … আহা, কী স্কেরই না ছিল!..'

আর কিছু বললেন না, ছুরে গিয়ে সি'ড়ি বেয়ে খোঁড়াতে খোঁড়াতে নামতে সূরু করলেন।

... লকতার গলার স্বরে আবার ইহজগতে ফিরে এলাম। আমার হাত ধরে সে বলল, 'বলন্ন, সতি)ই কি জায়গাটা খুব সুক্রে?'

'খ্বই স্কর!' আমি বললাম যদিও মনে মনে পরিজ্ঞার দেখতে পাচ্ছিলাম সেই বিশ্রী মরচে রঙের টিলাটা, জলাভূমির মাঠের মধ্যে প্রায় অদৃশ্য ঝরণাটা আর সেই পাংলা অন্ক বনের ভিতর হঠাং গজিয়ে ওঠা একটা নেড়া কুংসিং গ্রাম। মনে পড়ল প্নেভোর অধিবাসী সবাই এখন এর চেয়ে ভাল জায়গায় সরে যাবার কথা ভাবছে।



এতো সবে আরম্ভ

5

ব্দে ভাসিল য়াৎসিনা ছ মাস হাসপাতালে ছিল। প্রতিদিনই তার অবস্থা খারাপের দিকে যাচ্ছিল। ভাস্তাররা আর কিছুই করতে পারছিল না। য়াৎসিনা তখন তার গাঁয়ে ফিরে যাবার অনুমতি চাইল, ভেরখভিনাতেই সে মরতে চায়।

মরতে সে ভয় পায় না, স্বর্গরাজ্যের উপর আস্থা রেথেই সে মৃত্যুর জন্য অপেক্ষা করছে।

ভাসিল ভাবতে লাগল, 'সারা জীবন এত দুঃথকণ্ট ভোগ করেছি — না আছে ঘরবাড়ি, না আছে নিজের জমিজমা, গোরুঘোড়া, - এর ক্ষতিপ্রেণ নিশ্চয়ই কোথাও না কোথাও ঘটবে ... সারা জীবন তো কেবল অজানা অচেনাদের দ্বারে দ্বারে কাজ মেগে বেভিরেছি ...'

'কিন্তু তব্ সে ওস্তাদ কাঠুরে। অমন ওস্তাদ বড় একটা দেখা বায় না। ভাসিল য়াংসিনার সঙ্গে গাছ কাটায় পাল্লা দিতে পারে সাব-কাপেথিয়ান পাহাড়ে এমন আর কে আছে?!

'মেরী মা'র কোন দেবদতে নিশ্চয়ই এসব টুকে নিয়ে হিসেব করে রেখেছে হঠাৎ একদিন সে বলে উঠবে:

"দেবমাতা, পাসেকি গ্লামের এই ভাসিল রাংসিনা লোকটি জীবনে কী দুঃথকণ্টই না পেয়েছে!" তারপর দেবদতে আরো বলবে, "দেশে সোভিয়েত রাজ্যের প্রতিতঠা হবার পর য়াংসিনাকে বাঁধা কাজ দেওয়া হয়, আর দেওয়া হয় দেড় হেক্টার জামি, এমন কি একটা বাড়িও। তাই জীবনের শেষ দিকে বেচারী একটু স্বন্তির নিঃশ্বাস ফেলবার সুযোগ পায়…"

'য়াংসিনা তখন নিজেই অনুমতি নিয়ে উঠবে।

'সে বলবে, "ভগবানের নাম করে বলছি, জীবন সত্যিই এখন অনেক সহজ হয়ে এসেছে। কিন্তু রাংসিনার একটি মেয়ে আছে, তার নাম আলা সবাই জানে সোন্দর্যের অভাবে মেয়েটির বিয়ে হচ্ছে না। সে প্রভাব অবশ্য য়ার্ণসিনার চোখে ধরা পড়ে না, তবে অন্যেরা বলে। হতে পারে হয়ত সাত্যই ওর কোন সোন্দর্য নেই — স্টেকো মূখ, চোখদ্টো দেখে মনে হয় এইমার ব্রথি কে'দে উঠল, এর্মান লাল। অন্যেরা এজাতীয় দ্বর্ভাগ্যকে চাপা দেওয়ার জন্য যোতুক দেয়। য়ার্ণসিনাও তার সারা জীবন এই যৌতুকের কথাই ভেবেছে ..."

'শেষ প্রযান্ত একটি যোগ্য পাত্র পাওয়া গেছে মনে হল।
ইভান শেকেতা। বাড়ি তার চোর্নয়ে গাঁয়েঃ বাবা তার
য়াংসিনারই বন্ধ আন্দেইে মারা গেছে। ইভান বেশ লম্বা চওড়া
শক্তসমর্থ স্বদর্শন ছেলে, কিন্তু তারও কোন বাড়ি ঘরদোর
নেই। ভগবান যথন কাঠের কলে কিছু অর্ডার পাইয়ে দেন,
ইভান শেকেতা তখন কাঠ কাটতে যায়। তা নাহলে পাহাড়ের
গায়ে ভেড়া চরায় নয়ত ধনী কর্তা মিকলা ভাগার বাড়িতে
ছুটকো ছাটকা কাজ করে। তবে সব কাজই অন্যের জন্য।

'ব্ডো শেকেতা বে'চে থাকতে দুই বন্ধুতে একটি বোঝাপড়া হয়েছিল। ঠিক ছিল রাংগিনার মেয়ে যদি যৌতুক হিসেবে ছোট্ট একটুকরো জামি, একটা বাড়ি আর একটা গর দিতে পারে, তবে ইভান তাকে বিয়ে করবে। ইভান নিজেও তখন তার স্বীকৃতি জানিয়েছিল। হয়ত বাবার মতে অমত করবে না, এই ভেবেই রাজী হয়েছিল, কিম্বা হয়ত অন্যের বাড়িতে থেকে থেকে সে তখন অতিঠ হয়ে উঠেছে। এমনকি পাথিয়াও নিজের বাসায় থাকে।

যা হোক, য়ার্ৎসিনা তথন যৌতুকের জন্য আবেদন নিবেদন সন্বন্ করল কী চেণ্টাই না করল, কত সব অচেনা জায়গায় ঘ্রের বেড়াল' কিন্তু কিছুই ফল হল না হাজার চেণ্টামেচি কর, মাটির গায়ে আঁচড় কাট কিছুতেই লাভ হবে না! সোভিয়েত সরকার না এলে ভাসিল য়ার্ৎসিনার হয়েছিল আর কি! আয়াকে তবে সে কী দিয়ে যেত? কিন্তু এখন সে তার যৌতুকের জন্য দেড় হেন্টার জমি আর একখানা বাড়ি পেয়েছে— সোভিয়েত সরকার দিয়েছে। এসবই তো আয়ায়ই। পাছে মেয়ের যৌতুক ভেন্তে যায়, সেই ভয়েই তো য়ায়্সিনা যৌথখামারে যোগ দেয়িন। দেবদ্ত হয়ত একথাটা জানে না যে, যৌথখামারে যোগ দিতে হলে নিজের জমি দিতে হয়। জিমই যদি রইল না তবে আর মেয়ের বিয়ের যৌতুক দেবে কী করে?

এইসব ভাবতে ভাবতেই য়াংসিনা চলেছে আন্নার ভাড়া করা যোড়ার দেলজে চড়ে শ্লেগোভেংস ছেড়ে তার নিজের গাঁয়ে। পরিব্দার হিমেল সকাল। রাস্তাটা ছোটু উপত্যকার পাক থেয়ে ক্রমশ উপরে গেছে। সম্পূর্ণ বরফে ঢাকা খাড়া পাহাড়গলো চারদিকে ভীড় করে দাঁড়িয়ে। বনগলো — গ্রীম্মকালে তারা দ্বর্ভেদ্য — এখন বেশ পাংলা হয়ে গেছে। বনের উপরে, ঠিক আকাশের তলেই পাহাড়ের মাঠগলোর বরফের এমন দ্বাতি যে তাকান যায় না, চোথে রীতিমত লাগে। দেলজের পাশে চলেছে আন্না। তার চওড়া স্বল্প কু'জো-কাঁধ পিঠটা ষাৎসিনার চোখে পড়ছে। রানারগন্নো ক্যাঁচকোঁচ আওয়াজ তুলেছে, ঘোড়াগন্নো ঢিমে তালে পা ফেলে চলেছে। মেয়েটি লম্বা ডাল নিয়ে তাদের ছোটাবাব চেণ্টা করছে।

'আলা,' বৃড়ো বলে উঠল, 'এ ঘোড়াদ্বটো কার?' 'মিকলা ভাগার,' ফিরে না তাকিয়েই উত্তর দিল আলা। 'কত টাকা দিলি ?'

'আশি, আসা যাওয়া নিয়ে।'

'আশি রুবল,' বুড়ো প্রায় নিঃশব্দেই প্রতিধর্নন করে উঠল। এত বেশি খরচ করার জন্য তার ক্ষোভ হল ...

খোলা হাওয়ার জন্য নাকি মেয়ে তাকে তার গাঁরে নিয়ে যাছে, আবার সে তার নতুন বাড়িটি দেখতে পাবে — এখনো তাতে ভালরকম অভ্যস্ত হয়নি, — একথা মনে হওয়ায় ভালিলের ব্যথটো যেন মরে এল। 'ইহজগং' আবার ব্যুড়ো রাংসিনাকে হাতছানি দিয়ে ভাকতে লাগল।

'আহ্বা !'

'কী, বাবা?' আলা এবার ঘুরে তাকাল।

মেরের মারা ভরা মৃথটা ভাসিলের চোখে পড়ল। মনের মধ্যে ফুটে উঠল মেরের প্রতি একটা অপরাধের ভাব। কথনো তাকে একটা মিণ্টি কথা ভাসিল বর্লোন, সেই একেবারে বাচ্চা বরসের পর থেকে; কথনো জিল্ডেস করেনি আলা কী চার, কী তার ভাবনা। সারা জীবন দ্বজনের মধ্যে শৃধ্যু কাজ প্রতিদিনের রুটি আর শীতকালের গরম জামা নিয়েই কথা হয়েছে. একথা ভেবেই ব্ডোর গা শিউরে উঠল, গায়ের ফার কোট সত্ত্বেও সে কে'পে উঠল। অথচ এই বিরাট প্থিবীতে এই মের্ফেটিই তার একমাত্র আপনার জন।

'আনা, চার্রাদকের সব খবরাথবর আমার বল। গ্রামে নতুন কী কী ঘটল ?' মেয়েকে জিজ্ঞেস করে ভাসিল দীর্ঘনিঃশ্বাস ফেলল।

'বলার আর কীই বা আছে?' আমা আনিছার **সঙ্গে উত্তর** দিল। 'ওরা সব পরিকল্পনা করছে।'

'সে জানি ওরা বনের মধ্যে পরিকলপনা গড়ছে,' মেয়ের উত্তরে অসপ্তৃত হয়ে ব্ডো বিড়বিড় করে বলে উঠল, 'কিন্তু গ্রামের কী খবর?'

'সবখানেই ওরা আজকাল পরিকল্পনা করছে — বনে যৌথখামারে, সবখানে।'

'যৌথখামারে নতুন কী হয়েছে শ্বনি ?' রাংসিনার কানদ্রটো শোনার আগ্রহে খাড়া হয়ে উঠল।

'ওরা বলছে জমি কম, কিন্তু আয় নিচু-জমির খামারের চেয়ে কম হওয়া উচিত নয় '

'হা, ওরা তবে ঐ চেণ্টা করছে!'

কিন্ত আহ্না যেন কথাটা শনেতেই পেল না।

সে বলে চলল, 'গুরা মোমাছি পালনও স্বা; করতে চায়। এর মধ্যেই মোচাক বানান স্বা; করে দিয়েছে।' 'হতেই পারে না, সতিয় নাকি?' বিশ্ময়ে বুড়োর বিষম লেগে গেল।

'লাভ আরো বাড়াবার জন্য বসস্ত এলে ওরা গোরার কাজও সারা করবে .'

'তার মানে? গোরার কাজ মানে?' রাংসিনা জিজেস করল।
'গোরা ভগবানের স্থি। কী তুই বাজে বকছিস?'

'বাজে বকছি না বাবা, মিথ্যে কথা কেন বলব বল,' আল্লা একটু আহত করেই বলল, 'লেগোভেংস না কিয়েভ থেকে জ্ঞানীগ্রণী পশ্ভিতরা এসে সবকিছা ব্রিয়ে দিয়ে গেছেন . কামারের মেয়ে কালিনা সিজাক্ সেদিন আমার কাছে এসেছিল । ওই এখন ভেয়ারীর তত্ত্বাবধানে আছে। সিজাক্ এসে বলল, "আল্লা একটা দরখান্ত পাঠিয়ে দাও আমাদের ভেয়ারী ফার্মে যোগ দেবার জন্য। তোমায় পড়াশ্রনার জন্য পাঠিয়ে দেব সবকিছা শৈখে এসে আমাদের ফার্মেই তুমি কাজ করবে।" পরশানিক ক্রেকজন ক্মসমল সদস্যও এসেছিল ...'

'ওসব শর্নিস না!' আতঞ্চে রাংসিনা বালিশে দ্ব'হাতের ভর দিয়ে কিছুটা উঠে বসল। 'থবরদার ওসব শ্রিনস না, ব্রুলি ? নিজের জমি না থাকলে তোর অবস্থা হবে কাটা ভালের মতো। জমি ছাড়া কৈ তোকে বিয়ে করবে বল ?' ব্রুড়োর তো দমবন্ধ হয়ে যাবার জোগাড়। 'তোর বয়সী অনা মেয়েরা এতদিনে ছেলের মা হয়ে গেছে। জমি থাকলে স্বামী প্র সবই হবে! ওসব কামারের মেয়ের কথা শানে চলিস না, খবরদার আলা!'

'তা জানি,' আন্না বলল, 'অত চে'চাচ্ছেন কেন? আমিও ওদের ঐ কথাই বলে দিয়েছি আমি আসছি না।'

ব্ৰড়ো শান্ত হল, কিছ্কণ দ্বজনেই চুপচাপ।

রাংসিনা চারদিকে তাকিয়ে একবার দেখে নিল, কেউ শ্নেছে কিনা ওদের কথা, তারপর আবার বলল:

'ইভান তোর সঙ্গে দেখা করতে এসেছিল?'

আহার মূখ লাল হয়ে গেল, চোখদুটো নামিরে নিল।
'আপনি হাসপাতাল যাবার পর একবার মাত্র এসেছিল,'
মূদুখবরে বলল।

'কিছু বলল?' বুড়ো উৎসুক হয়ে উঠল।

'বেশির ভাগ সময় চুপ করেই ছিল। আপনার কথা একবার জিজ্ঞেস করল, তারপর বসে বসে পাইপ টানতে লাগল। গায়ে সব্জ ফ্ল্যানেল লাগান নতুন কোট, পায়ে নতুন ব্ট। এখন কাঠুরেদের কারখানার চুকেছে কেবল ওর দলের কথাই বলে গেল ... আমাদের ছেলেদের সঙ্গে ইভানের ছাটির দিনে চোর্নয়েতে দেখা হয়েছিল, ও তাদের খ্ব বীয়রটিয়র খাইয়েছে।'

এ থবর শ্ননে রাৎসিনা তো হতবাক। 'ও ওদিকে হাসপাতালে পড়ে আছে আর এদিকে ইভান শেকেতার এত উন্নতি! কিন্তু এতে অবাক হবার আর কীবা আছে। রাৎসিনার নিজের জীবন, তার ডাইনে বাঁষের প্রতিবেশীদের জীবন, বলতে গেলে সারা সাব-কাপেথিয়ারই জীবন মাঝদরিয়ার স্রোতে পড়া ভেলার মতো বয়ে চলেছে, এত দ্রতবেগে বে, তার সঙ্গে তাল রাখাই ম্শ্কিল। ইভানেরও সেই একই অবস্থা...'

য়াংসিনার মনে উৎকণ্ঠা দেখা দিল। 'ব্জো শেকেতা এখন মাটির তলে। ইভান কি তার কথা রাখবে? যে কাল পড়েছে তাতে ছ'মাসই এখন অনেক সময়। তার উপর ইভানের আগেকার জীবন এখনকার তুলনায় তো কিছুই নয়।'

ভাসিলের উদ্বিগ্ন হদয় আশ্বস্ত হতে চাইল।

'তাতে কী এসে যার, তাতে কী এসে যার,' ব্রভার রক্তহীন ঠোঁটদ্রটো ফিসফিস করে বলে চলল, 'নিজের জমি ছাড়া ইভানের কিছ্রতেই চলবে না!.. নতুন জ্বতো আর নতুন জামার মাথাও গোঁজা যায় না, চাষবাসও করা চলে না,' ব্রড়ো রাংসিনা নিজেকে সাস্ত্বনা দিল। তবে সাস্ত্বনাটা নিজের জন্য ততটা নয় যতটা মেয়ের জন্য।

আহা মুখ ঘ্রিয়ে নীরবে কে'দে ফেলল। কারা তার বেশি আসে না, কিন্তু এবার আর সে নিজেকে ধরে রাখতে পারল না। সে কি বাবার জনাই দ্ঃখিত, নাকি ইভানের প্রতি তার অকৃতার্থ প্রেমের জন্য আহত? বাবা হয়ত না ব্রে শ্নেই মনে পড়িয়ে দিয়েছে ইভান তাকে ভালবাসে না, দ্জনের বাবা এ বিয়ের ঠিক করেছিলেন বলেই সে রাজী হয়েছিল। ঘোড়ার পিছন পিছন হাঁটতে হাঁটতে আলা তার নিঃসঙ্গতার কথা ভাবতে লাগল। হঠাৎ কেন জানি না, মনে পড়ে গেল গ্রামের লাইব্রেরীতে শীতের সন্ধ্যাবেলায় এক তর্ণ শিক্ষকের পড়ে শোনান একটি গণ্প।

'কমসমল সদসারা ঘরে ঘরে গিয়ে এই গলেপর আসরে যারা আসতে চায় তাদের নিমন্ত্রণ জানিয়ে এসেছিল। আয়ার জানলায়ও তারা টোকা মেরেছিল। লাইরেরাঁতে বসে আয়ার প্রথম প্রথম বড় অস্বস্থি লাগছিল। কিন্তু শিক্ষকটি ইতই পড়তে লাগলেন, আয়া ততই ছোটু খনির সহর ক্রাস্নদনের অলপ বয়সী মেয়েদের কথা শুনে ব্যাকুল হয়ে উঠল। হাসিখাসি ভয়ভাবনাহীন ঐ মেয়েরা জানে না, কী ভীষণ দুর্যোগ ঘনিয়ে আসছে। জার্মানরা সহর দখল করে ফেলল, জীবনের ধারা গেল পালেট। বইয়ে যা বলা হয়েছে তা সত্যিই সাংঘাতিক। আয়া অনুভব করেছিল ঐ সব ছেলে মেয়েদের গলপ — তারা কা করে ফেন তার অত্যন্ত আপনার হয়ে উঠেছে — মৃত্যুতেই ব্রুঝি শেষ হবে। কিন্তু তা সত্তেও তাদের সারা জীবন আলোম ভরে উঠল, ভরে উঠল বয়ুরে আর এক মহান স্কুরে, যে স্ব্রের সম্বান আয়া নিজে কখনো পারনি।

'কিন্তু ঐ ছেলে মেয়েদের কথা হঠাৎ এখন মনে পড়ল কেন?'

আন্নার মন তখন ব্যাকুল হয়ে উঠেছে, সে কে'দে ফেলল .

প্রায় ভরদ্পনুরে বছর পনেরকের একটি ছেলে ঘোড়া ছ্রিটয়ে চলেছে পাহাড়ে কাঠুরেদের ছাউনিগ্রলোর দিকে। ছেলেটিকে দেখে চতুর্থ দলের কাঠুরেরা কাজ থামাল। প্রায় খাড়া ঢালরে গায়ে বড় বড় বীচ্ গাছগ্লোর ইম্পাত রঙের গায়্ডির মাঝখানে বরফের উপর দাঁড়িয়ে তারা সবাই ভাবতে লাগল সংকীর্ণ গিরিবছের মধ্যে দিয়ে ছ্রেট আসা ছেলেটি কী খবর নিয়ে আসতে পায়ে।

ছেলেটি ঘোড়া থামিয়ে মাথাটা পিছনে হেলিয়ে দু'হাত মুখের কাছে তুলে টেনে টেনে চেচিয়ে ডাক দিল:

'শে-কে-তা !.. ই-ভান্ !'

যাকে ভাকা হল সে লোকটি হচ্ছে রোদে পোড়া গায়ের রঙ, সর্বাকা ভূর্ এক কাঠুরে। চোখদ্টো তার বাদামী, একগোছা ঘামে ভেজা চূল টুপির তল থেকে বেরিয়ে পড়েছে। কুড্বলটা গাছের গা;ড়ির উপর বসিয়ে দিয়ে সে চেচিয়ে উঠল: 'আমিই শেকেতা! কী দরকার?'

'ব্রুড়ো রাণ্সিনা মরে যাচ্ছে, আপনাকে একবার দেখা করতে বলেছে।'

শেকেতার ভূর, কু'চকে গেল।

কী কাপ্ড,' সে মৃদ্ভাবে বলল।
ইভান শেকেতা বুড়ো য়াংসিনাকে খুবই শ্রদ্ধা করত, তাকে

তার বাবার মতোই মনে করত। হঠাৎ তার মনে পড়ল, তাদের একজন পরিশ্রম আর বার্ধক্যে ঝাঁকে পড়েছে, আরেকজন শক্ত সমর্থ সজীব জোয়ান এদিক ওদিক কাজ থাঁজে বেড়াচ্ছে এখন বাড়া মরতে বসেছে। অবশা ও যে বেশিদিন বাঁচবে না তা ইভানের জানা ছিল — বহু দিন থেকে লোকে সে-কথা বলছে, কিন্তু তব্ শেকেতা গভীর দঃখ পেল। সেই সঙ্গে দেখা দিল বাড়ো ভাসিলের প্রতি তার অপরাধবোধ, কারণ এই মাম্ম্ব্র লোক্টির কাছে ইভানকে স্বাকিছ্ব খালে বলতেই হবে। এই চিন্তার ইভানের দ্রুক্টি আরো তাঁর হয়ে উঠল। ছেলেটিকে তার জন্য অপেক্ষা করতে বলে চিৎকার করে ইভান ফোরম্যানের কাছে ছাটি চাইতে চলে গেল।

ছাউনিতে গিয়ে জামাকাপড় বদলে সে পাহাড়ে পথ বেয়ে নেমে এসে ঘর্মাক্ত ঘোড়াটায় চড়ে বসল। তারপর ছেলেটিকে তার পিছনে টেনে নিয়ে রওনা হল।

পথের প্রথম অংশটা ইভান বুড়োর কথাই ভেবে চলল।
ভাবতে লাগল মৃত্যু কি সতিয়ই অবধারিত, মানুষকে অমর
করে রাখার জন্য কিছু করা যায় নাকি। পথের দ্বিতীয়
অংশটায় — চোনেরে থেকে পাসেকি পর্যন্ত — ইভান ভাবতে
লাগল সত্যি কথাটা এই মুমুর্য্ লোকটির কাছে কী ভাবে
বলবে যাতে বুড়ো তাকে বুঝে, তার উপর রেগে না যায়।
কিন্তু সেরকম কোন উপায়ই বের করা গেল না।

পথটা বন ছেডে একটা উপত্যকায় গিয়ে পড়ল। তারপর

উঠল টিলার গা বেয়ে। পার্সেকি গ্রামটা এখন ইভানের চোথের সামনে ছড়িয়ে আছে।

ষার্থসিনাব বাড়ির কাছে কেউ ছিল না, চির্মান দিয়ে অলসভাবে ধোঁয়া কুণ্ডলী পাকিয়ে উঠছে। ইভান ব্রুঞ্ল ওর দেরী হয়ে যায়নি, য়ার্থসিনা বে'চে আছে।

কাঠের গিজটোর কাছে এসে ইভান সেই ছেলেটির কাছ থেকে বিদায় নিল। য়াংসিনার বাড়িটা সেখান থেকে কিছুটা দূরে। ইন্ডান হে'টেই এগোল। তার বিশ্বাস বুড়োর সঙ্গে দেখা করাটা যদি আরো ফিছ্কুণের জন্য পিছিয়ে দেওয়া যায় তবে হয়ত সব কিছু আপনা থেকেই ঠিক হয়ে যাবে। মৃত্যপ্রত্যাশী লোকটির কাছে কিছু বলার আর দরকার হবে না। এই ভাবনা থেকে নিজেকে মুক্তি দেবার জন্য ইভান তার বনের কাজের কথা ভাবতে লাগল : সঙ্গে সঙ্গে হালকা লাগল কিন্তু একটা নতুন আশংকা আবার তাকে জন্মলাতে সারা করল : য়ারভেৎসের কঠিরে দল, তার চোর্নয়ের দলের সঙ্গে প্রতিযোগিতা চালিয়েছে, য়ারভেৎসের দল্টা বলে দিয়েছে তারা এত দরে এগোবে যে তাদের হাত নেড়ে বিদায় জানান ছাড়া চোর্নয়ের দলের কাঠুরেদের আর কিছু করার থাকবে না। তবে এ আশংকাটা বেশ মনোরম। ইভান ভাবল এ না থাকলে জীবনটা বিফল বিস্বাদ হয়ে যেত এই সব ভাবতে ভাবতেই ইভান গিয়ে পে^{ণা}ছল রাণ্সিনার বাড়িতে। স্বল্পালোকিত প্রবেশপথে আন্নার সঙ্গে দেখা হল।

শ্বলপালোকিত প্রবেশপথে আন্নার সঙ্গে দেখা হল। কেউ কারো দিকে না চেয়ে নমস্কার করল। আন্না ভাকে ঘরে নিয়ে গেল, কিন্তু নিজে ঢুকল না, প্রবেশপথেই দাঁড়িয়ে রইল।

ঘরটা বেশ গ্রম। গ্রমোটে দমবন্ধ হয়ে আসে। তার উপর আবার ওয়ুধের গন্ধ ভেড়ার চামড়ার কোটে ঢাকা বুড়ো রাংসিনা একটা উ'চু কাঠের খাটে শ্রের আছে। মাথা পিছনে হেলান। বোঝা যাছে না কী করছে, ঘ্রমছে না সিলিং'এর দিকে একদ্ভেট তাকিয়ে আছে। ইভানের পায়ের চাপে কাঠের মেঝে আওয়াজ কবে উঠল, য়াংসিনা কিন্তু তব্যু একটুও নড়ল না।

ইভান বিছানার কাছে এসে দাঁড়াল, কী করবে ব্রুতে পারল না। এমন সময় ব্রুড়ো নড়ে উঠে সিলিং থেকে ইভানের দিকে চোথদ্রটোকে নামাল। নিম্প্রাণ নিম্প্রভ চোথ, কোন অভিব্যক্তির ছাপ নেই।

'ইভান নাকি?' য়াংসিনা চাপা গলায় বলল।

'হ্যাঁ, আমি ইভান,' রাংসিনার উপর ঝ্রুকে পড়ে ইভান বলল, 'আমায় ডেকে পাঠিয়েছিলন, আমি এসেছি।'

'ঠিক, তোমায় ডেকেই পাঠিয়েছিলাম,' য়াৎসিনা যেন মনে করতে চাইছে কেন সে ইভানকে ডেকে পাঠিয়েছে। মনে পড়ার সঙ্গে সঙ্গেই চোখদ্বটো যেন একটু জনুলে উঠল, কোটের তলে নড়ে চড়ে কনুইয়ের উপর ভর দিয়ে সে কিছুটা উঠে এল।

'আমি মরতে বসেছি ইভান, দেখতেই তো পাচ্ছ,' বিশ্মরের সুরে সে বলে উঠল, 'কী কিছা বলছ না যে'

এসময়ে সাধারণত যা বলা হয়ে থাকে ইভান ভাবছিল

সেরকমই একটা কিছা, বলবে, 'না, না, কেন আপনি ওরকম বলছেন! আপনি ভাল হয়ে যাবেন, আরো কিছা, দিন বে চে থাকবেন! কিন্তু এবকম মিথাা কথা তার মৃথ দিয়ে কিছা, তেই বেরল না তুপ করে দাঁড়িয়ে দাঁড়িয়ে হাতে ধরা টুপিটায় গোজা ফারের ডালের কাঁটাগ্লো ভাঙতে লাগল।

'তাতে কিছু না,' য়াংসিনা বলল, 'ব্ঞোরা মরবে, জোরানরা বে'চে থাকবে, এ তো হতেই হবে ...'

তারপর ইঠাৎ নিজের কাজের কথা মনে করে শক্তি সঞ্চর করে বহু চেন্টায় একপাশে হেলে য়াংসিনা বালিশের নিচে হাতড়ে একটা কাপড়ের মোড়ক বের করল। হস্তদন্ত হয়ে সেটাকে খ্লতে আরম্ভ করল, যেন পাছে দেরী হয়ে য়য় এই ভয়ঃ মোডকটার ভিতরে কিছা টাকা ছিল।

'এই যে ইভান, গোরা বা ঘোড়া যাই কেন তার টাকা,' দ্রুত ফিসফিস করে বলে একহাতে ব্যুড়ো টাকাটা বাড়িয়ে দিল, দার্বল হাতটা তার তখন থর থর করে কাপছে। 'গাড়ি কেনার জন্য হয়ত যথেণ্ট হবে না। সেটা তুমি নিজেই কোনরকমে করে নিও... এর বেশি আর আমি কিছ্ই করতে পারলাম না... অত্যন্ত দাঃখিত ...'

ইভান তখন ঘেমে উঠেছে, ঠোঁটদ্বটো তার অবশ হয়ে গেছে। এক মিনিট আগেই একটা মিথ্যা কথা ব্রুড়োকে সে কিছুতেই বলতে পারেনি, এখন সত্যি কথাটাও বলতে সাহস পেল না। টেবিলের উপর টুপিটা রেখে ইভান স্যত্নে রাংসিনার হাত থেকে টাকাটা নিয়ে দ্বার গ্লেল। তারপর টাকাটা ট্রাউজারের পকেটে ঢুকিয়ে একটা সেফ্টিপিন আটকে দিল।

ব্বড়ো একটা স্বস্থির নিঃশ্বাস ফেলল। তারপর ভীষণ ক্লান্তিতে ব্যালিশের উপর পড়ল ঢলে।

ইভানের মন তথন গভীর দ্বংখে ভরে উঠেছে। চুপ করে সে দাঁড়িয়ে আছে শেষ আশীর্বাদ বা শেষ উপদেশের অপেক্ষায়। কিন্তু আশ্চর্যের বিষয় সেরকম কিছুই বুড়ো বলল নাঃ

হঠাৎ য়ার্ণাসনা বলে উঠল, 'ব্যাও ইভান, আমি একটু ঘ্রমব। আন্নাকেও বলে দিও, আমি একটু ঘ্রমব।'

য়াংসিনা সত্যি সত্যি সঙ্গে সংক্রই ঘ্রিময়ে পড়ল। নিঃশ্বাস পড়তে লাগল সশব্দে ঠেকে ঠেকে .

ইভান পা টিপে টিপে বেরিয়ে গিয়ে দরজাটা বন্ধ করে দিল। প্রবেশপথে আলা তার জন্য দাঁড়িয়েছিল. সে তাকে একটিও প্রশন করল না, ইভানও তাকে কিছ্ই বলল না। ইভানের ইচ্ছা তক্ষ্মণি চলে যায়, কিছু তা সে পায়ল না। রোদজল খাওয়া তামাটে চামড়ার তলে তার গালের মাংসপেশীগলো তখন নড়ছে। জগংশান্ধ সবার উপর তখন সে ক্ষেপে গেছে। বুড়োকে যে কথা সে বলতে পারেনি সেকথা আলাকেই বলত আর একটু হলে, কিছু আলার চোখের দিকে তাকিয়ে শান্ত হয়ে গেল। আলার চোখদ্টি তার কাছে কী যেন চাইছে। ইভানের রাগ যেনন হঠাং জনলে উঠেছিল তেমনি হঠাংই মিলিয়ে গেল।

'আন্না,' টুপিটা ভূব, অবধি টেনে দিয়ে ইভান বলল, 'যদি কিছ, হয়, মাকভিৎস কাঠুরে-ছাউনিতে খবর দিও, ওদের চার নম্বর দলে আমি কাজ করছি '

পিছনের উঠোন পর্যস্ত আল্লা ইভানকে এগিয়ে দিল। বনে যাবার পথে পড়তে হলে ওখান দিয়ে কম হাঁটতে হয়। কণ্ডির উ'চু বেড়াটা একলাকে ইভান পার হয়ে গেল, নতুন সাদা জ্যাকেটটা একবার খোলা হাওয়ায় কেবল ঝাপটা মায়ল। হয় খোলা জায়গায় আসার জনাই নয় তো লাফটার ফলে একটু উৎসাহিত বোধ করায় ইভান হঠাং হেসে ঘ্রের দাঁড়িয়ে আল্লার দিকে তাকিয়ে আদরের স্করে বলল:

'আহা, বেশি ম্যড়ে পড় না ... এর উপর আর কার হাত আছে বল ...'

এর দুদিন পর ভাসিল রাংসিনা মারা গেল। আহা তার বাপের মৃত্যুকে শান্তভাবেই মেনে নিল। একফোঁটাও চোথের জল নয়, চিংকার নয় দেখে সবাই অবাক। কেবল মুখটা তার আরো লম্বাটে হয়ে গেল, আরো ছাচলো।

আন্না স্বকিছাই করল নিজে। ছাতোরের সঙ্গে কফিনের দাম নিয়ে দরকবাকষি, তারপর নিজে হাতে বাড়োকে নাওয়ান, পোষাক পরানো, স্বই। তার কারণ অনাের কাছ থেকে জাবনে কথনাে সে কােন সাহায্য পায়নি। সে কয়িদন আনা বাইরে যাই করাক মনে মনে কিন্তু সে ভার বাবার কথা মােটেই ভাবছিল না, ভাবছিল ইভানের কথা। প্রথমে মনে হয়েছিল

এতে পাপ হবে, তাই ইভানের চিন্তাকে সে মন থেকে দ্র করে দেবার চেন্টা করেছিল। কিন্তু সে চিন্তা আবার কথন আপনা থেকেই চুপি চুপি এসে তার মন জ্বড়ে বসেছিল। শেষ পর্যন্ত সে তাতে গা ভাসিয়ে দিল। মনে মনে আশা রইল হয়ত তার এই পাপ ক্ষমা করা হবে।

অন্ত্যেগ্রির পরে ইভান আল্লাকে বলল পরের শনিবার সে দেখা করতে আসবে ৷

সমাধিক্ষের থেকে ফিরেই আহ্না শনিবারের জন্য প্রস্তুত হতে লেগে গেল। দেয়ালগালো চুণকাম করল, চুল্লীতে আগন্দ ধরাল, যেন ইভান এক সপ্তাহ পরে নয়, আজই এসে পড়বে।

কামারের মেয়ে কালিনা সিজাক — ব্রকদ্রীট তার নিটোল ভরাট, চুলগুলো লালচে — এসে আমাকে জিজ্জেস করল:

'তোমার হয়ত একা থাকতে ভয় করে। ওকথা বলতে কোন ইতস্তত কর না আমরা কমসমলের মেয়েদের বলে দেব, তোমার সঙ্গে প্রথম কয়েকটা রাত্তির তারা কাটিয়ে যাবে। নয়তো আমি নিজেই আসব।'

তার প্রতি এই দরদ আহার মনকে নাড়া দিয়েছে; অন্য সময় হলে সে সানন্দে কালিনাকে তার সঙ্গে থেকে যেতে বলত কিন্তু এখন সে মাথা নেড়ে বলল:

'না, তার কোন দরকার নেই। আমি ভয় পাই না ...'

ইভানকে নিয়ে তার ভাবনা ক্রমণ দ্বঃসাহসী হয়ে উঠল। এব মধ্যেই সে তাদের যুক্তমজীবনের অন্তরঙ্গ ছবি খুটিয়ে দেখতে স্বর্কু করেছে। দরজার পাশে এই পেরেকে ইভান তার নতুন জ্যাকেট ঝুলিয়ে রাখবে, ঐ জানলা দিয়ে আলা দেখবে ইভান কাজ শেষ করে বাড়ি ফিরছে, এই টেবিলে বসে দ্বজনে মিলে রাতের খাওয়া খাবে ...

উঠোনে বেবিয়ে এসে আলা দেখল গেটের একটা তক্তা আলগা হরে ঝুলে রয়েছে। অভ্যাসবশে সে প্রবেশপথের দিকে ঘ্রর দাঁড়াল, একটা হাতুড়ি আর পেরেক এনে গেটটা ঠিক করবার জন্য। কিন্তু একটা কথা মনে হওয়ায় সে থেমে গেল, 'ইভানের জন্য রেখেছি ওটা।' এমনকি ইভান তক্তাটার গায়ে পেরেক মারছে, এই ছবিটা আরো স্পন্ট করে দেখার জন্য সে চোখদ্রটোও ব্জে ফেলল।

অলসতার অভ্যাস আহার নেই। কিন্তু এখন সে ঘণ্টার পর ঘণ্টা বেণিতে বসে কেবল ঐ কথাই ভাবতে থাকে — কণ্ডির বৈড়ার কাছে ইভান তাকে কেমন করে বলেছিল, 'বেণি ম্বড়ে পড় না।' আর কেউ কখনো তার সঙ্গে এমন ছেহের কথা বলেনি, এমনকি বাবাও না ...

٥

প্রেরা সপ্তাহটা কাঠুরেদের পাহাড়েই কাটে। রাখিরে ঘ্নয় ছার্ডানতে, কেবল রবিবার দেখা করতে আসে ব্যাড়র লোকজনদের সঙ্গে। আসামাত্রই গ্রামে হৈহল্লা পড়ে যায়। কাঠুরেদের কারথানার লরীগনুলো সাধারণত শনিবার দিন সন্ধ্যায় সবাইকে পেণছে দিয়ে যেত আবার সোমবার ভোরবেলা তাদের নিয়ে যেত। কিন্তু ইভানের যে শনিবারে আসার কথা সেদিন কোন লরী এসে পাসেকিতে পেণছল না, পরদিন সকালেও না, দক্ষ্মুরের থাবারের সময়েও না। শেষকালে আকাশে প্রথম তারা ফোটার সময় তারা গ্রামে এসে পেণছল।

আহা শ্নতে পেল একটা লরী এসে তার বাড়ির দরজায় থামল । জানলার নিচে বরফ ভাঙার শব্দ শোনা গেল। ধড়াস করে দরজার আওয়াজ। ঘরে ঢুকল ইভান ।

আমা এতদিন ইভানের অপেক্ষাতেই বসে ছিল। কিন্তু সেই প্রতীক্ষা ফুরতে সে এমন অপ্রস্তুত হয়ে গেল যে আলো জনুসাবার জন্য দেশলাই কাঠিটাও ধরে রাখতে পারস না।

'আমি জন্মলাচ্ছি,' ইভান অন্ধকারে হাতড়ে হাতড়ে টেবিলের কাছে গিয়ে নিজেই আলোটা জন্মলাল। ঘরের ভিতর হিম আর বনের এক সম্পর গন্ধ ইভান বয়ে নিয়ে এসেছে।

পলতেটা ভালভাবে ধরতে গোধ্বির অন্ধকার ঘরের কোণে সরে গেল। ইভান বেণিওতে বসে পড়ে তার পাইপটা ধরিরে নিল। আল্লা তথনো টেবিলের কাছে দাঁড়িয়ে ইভানের দিকে একদ্দেট চেয়ে আছে।

'ইভান, তোমার নিশ্চরই থিদে পেয়ে গেছে,' আশ্লার মুখে শেষপর্যস্থ কথা ফুটল, 'দড়িাও, তোমার খাবার আনছি।'

'কিছ্ব প্রয়োজন নেই,' ইভান বলল, 'আমার খিদে পায়ন।'

একটু থেমে আবার বলল, 'কাল বাত থেকেই আসার চেণ্টা করছি, কিন্তু আটকা পড়ে গেলাম. য়ারভেংসের লোকগ্রলো আমাদের হারিয়ে দেবার জন্য উঠে পড়ে লেগেছিল, এমনকি এগিয়েও গিয়েছিল। তার কারণ আমরা আমাদের কাজটাকে অত্যন্ত সহজভাবে নিয়েছিলাম পার্টির মুখ্য সম্পাদকও সেই কথাই বলল, আমরা খ্বই গা ছেড়ে দিয়ে কাজ করছি। "তোমরা কেবল নজর রাখছ তোমাদের উৎপাদ যাতে কমে না বায়, উৎপাদ বাড়ানর দিকে তোমাদের নজর নেই," পার্টি সম্পাদক বলল। ঠিকই বলেছে। এই তো হয়,' ইভান দ্রুংখের সঙ্গে বলল, 'ভালো সবসময় ভালো থাকে না!'

'কিচ্ছ্ ভেব না,' ইভান উৎসাহে জালে উঠল, 'পরের বার ওদের দেখিয়ে দেব। ভগবানের নাম করে প্রতিজ্ঞা করছি, সারা বনটাকে নাচিয়ে ছাডব!'

'আরা জান, আমাদের দলগুলো ঠিকভাবে সংগঠিত নর,' ইভান বলে চলল, 'আমার কথাই ধর না: গাছ কেটে ভালপালা ছে'টে তাকে চালানের ওখানে নিয়ে যাওয়া, সব আমায় একা করতে হয়। এতে কত সময় যায় তা একবার ভেবে দেখ!'

ইভান তার উত্তেজনার আত্মহারা, আহ্মার মনেও সেই উত্তেজনার ছোঁয়া লাগল।

'সবাইকে ঠিক জায়গা মতো বসাতে হবে,' ইভান বলল, 'একদল গাছ কাটবে, আবেকদল ডালপালা ছাঁটবে, তৃতীয় দল গাছগুলোকে চালনের জায়গায় নিয়ে যাবে ' তাছাড়া আমাদের মাথায় আবেকটা ব্দ্বিও এসেছে,' অনেকক্ষণ থেমে থেমে কথাটা ইভান এমনভাবে বলল যেন কী একটা গোপন কথা বলছে। বোঝা গোল খ্ব একটা বড় কথা সে আলাকে বলার জন্য অধীর হয়ে উঠেছে। 'আমরা চাই ভেরথভিনার সব কাঠুরেদের চিঠি পাঠাব। সে চিঠিতে আমাদের প্রতিজ্ঞা জানান থাকবে — নির্দিণ্ট সময়ের মধ্যে উৎপাদের পরিমাণ।' ইভান চুপ করে গিয়ে জ্লোর জ্যোর পাইপ টানতে লাগল। 'একথা কাউকে বল না কিন্তু। এ নিয়ে এখনো কথা বলার সময় হয়নি, চিঠির খসড়াটা এখন শুধ্য ভাবছি।'

ইভান চোথ তুলে তাকাল। তারপর হঠাৎ আমাকে সামনে দাঁড়িরে থাকতে দেখে যেন এই প্রথম মনে পড়ে গেল সে তো এসব কথা বলার জন্য এখানে আসেনি, এসেছে সম্পূর্ণ অন্য কাজে। সেটা মনে পড়তেই তার আগ্রহ গেল নিভে।

ইভানের হঠাং দ্রুকুটি আন্নার চোথে পড়ল। একটা অমঙ্গলের আশংকা তার বুকে চেপে বসল।

'দাঁড়িয়ে আছ কেন আলা,' মেয়েটির দিকে না তাকিয়েই ইভান বলল, 'বস...'

আঁহা ধারে ধারে বেঞ্চির উপর বসে পডল।

'আমার উপর রাগ কর না আহা,' ইভান আদরের স্রের বলল, 'তোমার কাছে আফি মিথ্যে কথা বলতে চাই না তোমার প্রতি আমার কোন ভালবাসা নেই, কোনকালে ছিলও না.. বাবা সে কথা ভেবে দেখেননি। স্বাই যা করে তিনিও তাই করেছিলেন। একটা বাড়ি পেলেই তো হল! আমি কিন্তু কিছ্তেই তা করতে পারি না। আমি কেন আমার জাইননটা নন্ট করব সআমায় তুমি খারাপ ভেব না আল্লা। আমি চাই না তুমি অস্থেই হও আমিও ব্যাপারটা হল এই...'

ইভান থামল।

কিছ্কেণ পর পকেটের সেফ্টিপিন খ্লে য়ার্থসনার দেওয়া টাকাটা টেবিলের উপর রেখে দিল।

'পর্রো টাকাটাই এখানে রয়েছে। মৃত্যুশব্যায় তাঁকে আর দর্ভবিনায় ফেলতে চাইনি, তাই টাকটো তখন নিয়েছিলাম। তাঁকে তখন সতিয় কথাটা বলতে পারিনি। তুমি হয়ত ভাবছ সতিয় কথাটা এখন বলা আমার পক্ষে খ্ব সোলা, তাই না?'

আমার সারা শরীর তখন অসাড় হয়ে গেছে। দৃঃখ বা ব্যথা কিছুই সে ব্রুবতে পারছে না। নিজের প্রতি কর্ণা, ইভানের প্রতি ঘ্ণা, তাও নয়। তার তখন একটিমাত ভয়: স্বকিছু আজ ভেঙে পড়ে গেল, তার এতদিনের স্বপ্ন আর আশা কে যেন কান্তে দিয়ে মুড়িয়ে কেটে দিল — সেটা একসঙ্গে উপলক্ষি

'তুমি কি আর কাউকে খ'জেছ?' আহার গলা কে'পে উঠল।

'না এখনো কাউকে খ'্জিনি,' ইভান উঠে পড়ে বলল, 'একদিন সে নিজেই আসবে ... তোমারো তাই হবে .' আন্না চুপ। কাঁধদনুটো তার ঝুলে পড়েছে, অপ্রনুরিক্ত চোখদনুটো একটি লক্ষ্যে সোজা তাকিয়ে আছে: আলোর হলদে শিখাটার দিকে। ইভানের চলে যাওয়ার শব্দও তার কানে এল না।

8

তিনদিন আলা ব্যড়ির বার হল না। একা একা বসে রইল, না রইল কোন ভাবনা, না রইল কোন বাসনা। তৃতীয় দিনের শেষাশেষি এই নিঃসঙ্গতা অসহ্য হয়ে উঠল। কী করবে ভেবেনা পেরে সে ঘরের ভিতরেই পায়চারি স্ব্র্ক্ত করে দিল। সন্ধ্যার দিকে কাঁধের উপর একটা কাল্যে শাল ফেলে সে ব্যড়িছেড়ে বেরিয়ে পড়ঙ্গ। গ্রামের লম্বা রাস্ভাটা দিয়ে ধাঁরে ধাঁরে পাদুটোকে টেনে নিয়ে চলতে লাগল।

বেশ ঠাপ্ডা। গ্রাম এর মধ্যেই ঘ্রিমরে পড়েছে। শ্রুপক্ষের নতুন চাঁদ সাদায় মোড়া পাহাড়ের অনেক উপর দিয়ে ভেসে চলেছে। তার আলোয় উল্জবল বরফের চ্র্ণা। গাছগ্রলো চুপ করে দাঁড়িয়ে, হিমে জমে গেছে। পাংলা ভালগ্রলো যেন কালো পেটওয়ালা সাদা শ্রেয়েপোকা।

গ্রামের শেষ গ্রান্তে এসে পড়ল আন্না, পথে কারো সঙ্গে দেখা হল না। চারিদিক জনশ্ন্য নিস্তর্ক। সেই নিস্তর্কতার মধ্যে কেবল শোনা যাচ্ছে বরফম্ব্রু পাহাড়ে নদীর ক্ষীণ কলধ্বনি, মনে হচ্ছে হাতে রুপোর প্রসা নিয়ে কে যেন ঝন্ ঝন্ করে বাজিয়ে চলেছে।

যে নিঃসঙ্গতা আলাকে বাড়ির বাইবে এনেছিল, সেই
নিঃসঙ্গতাই তাকে আবার প্রামে ফিরিয়ে আনল। তুবারকণায়
মোড়া ঘ্মন্ড গ্রিস্টিমারা বাড়িগ্রেলা পেরিয়ে সে হে'টে
চলল। কোন কোন বাড়ির জানলার তখনো আলো দেখা
যাছে। আলার প্রচণ্ড ইছল হল কোনো জানলায় টোকা মারে।
কিন্তু তারপর কাঁ বলবে, এত রাত্তিরে আসার একটা কারণ
তো দিতে হবে। নিজের বাড়ির যত কাছে এসে পড়ে, নিঃসঙ্গতা
ততই অসহ্য হয়ে ওঠে। একটা ভাঁষণ বোঝার মতো সে
নিঃসঙ্গতা যেন তাকে মাটিতে মিশিয়ে দিতে চাইছে, অথচ
আলা চাইছে খাড়া হয়ে দাঁড়িয়ে দম নিতে। কেন করছে তা
বোঝার আগেই আলা কামারের খোদাই করা ছোটু কাঠের
বারান্দা আর খড়ের চালওয়ালা বাড়ির দিকে দোড়ে গেল।
জানলাগ্রেলা অন্ধকার। মিকলা সিজাক আর তার লালচুল মেয়ে
কালিনা তথন ঘ্নিয়ের পড়েছে। কাঠের ছোটু সাঁকোটা পার
হয়ে আলা সামনের বারান্দায় ছুটে গিয়ে টোকা মারল।

ছোট্ট বরফজমা জানলাটায় চমকে উঠল আলো, দরজার আডালে শোনা গেল পায়ের শব্দ।

"(本 ?'

'আমি।'

দরজা খ্লে গেল। রাত্রিবাস পরে কালিনা বেরিয়ে এল, চোখদ্বটো তার ঘ্নে ভরা, হাতে একটা আলো।

'আলা তুমি? কিছ্ব হয়নি তো?'

'না, না, কিচ্ছ্ব না ।' আল্লা হাঁপাতে হাঁপাতে বলল, 'একা থাকতে কী রকম ভয় করতে লাগল।'

… খাটের উপর পা তুলে বসল কালিনা, হাঁটুর উপর চিব্বকের ভর দিয়ে। তারপর প্রেমের গলপ শোনায় মেয়েদের স্বভাবসিদ্ধ সম্প্রকট কোত্হল নিয়ে সে শ্বনতে লাগল আলার কথা। কিন্তু আলার প্রতিটি কথার সঙ্গে সঙ্গে তার কোত্হল কমে আসতে লাগল। কালিনার গাব্লাগোব্লা টোল পড়া হাসিখ্লি মুখটা ক্রমেই বিষয় হয়ে উঠল। বিছানার পিছন থেকে একটা ভেড়ার চামড়ার কোট টেনে নিয়ে কাঁথের উপর চাড়িয়ে দিল।

ইভানের সঙ্গে তার ব্যাপারটার সমস্ত কথা যথন আহা কিছুটা ইতন্ততের পর কালিনাকে জানাবে বলে ঠিক করে, তখন তার স্থির বিশ্বাস ছিল যে, কালিনা নিশ্চয়ই তার হয়ে ইভানের নিশ্বে করবে।

কালিনা কিন্তু একটা দীর্ঘনিশ্বাস ফেলেই চুপ করে রইল। তারপর বলল:

'কী বলব আশ্লা, তা তো জানি না। যদি বলি কাল্ডটা যতটা ভাবছ ততটা খারাপ নয় ৩বে নিশ্চয় তুমি বিশ্বাস করবে না... কিন্তু ইভানকেও তো দোষ দেওয়া চলে না। সে ঠিকই করেছে। যাকে সে ভালবাসে না তাকে বিয়ে করে কেন জীবনটা নগ্ট করবে? আগেকার দিনে বাবারা জোর করে বিয়ে দিয়ে দিত, হয়তো বা অভাবে পড়ে — কিন্তু সে দিন চলে গেছে। ভূমি নিজেই বল না...'

আহার হংস্পশ্দন পর্যন্ত থেমে গেল। বন্ধর কাছ থেকে এমন কথা শ্নবে ভাবতেও পারেনি। কালিনা আর ইভান — দ্বজনেরই মুখে এক কথা শ্নে আহা বিস্মিত হয়ে গেল, যেন ওরা দ্বজনেই এমন কিছু জানে যা তার অজ্ঞাত।

'আমি তবে কী করব?' আলা অসহায়ভাবে জিজ্ঞেস করল।
'তার কথা আর ভেবো না... আর তুমি... তোমার এখন
অন্যভাবে বাঁচতে হবে, প্রুরনো জীবন্যালা বদলাতে হবে!'
কালিনার মুখে আবার সেই স্বাভাবিক দ্বভূমির ভাব ফুটে
উঠল। 'আলা, তুমি আমাদের ভেরারীতে যোগ দাও। দেখবে
তোমায় কোন আফশোস করতে হবে না, জীবন একেবারে
বদলে যাবে। সত্যি বলছি।'

'খালি ঐ যৌথখামার আর ডেরারীর কথা!' আলা মনে মনে চটে উঠল। 'পুরো পাঁচটি বছর আমিও কাউণ্টের ওখানে গোরুর তদারক করেছি। সেটাও কাজ, এটাও তাই, কোন তফাৎ নেই।'

'জান, আরো উত্তরে, কন্দ্রোমার কাছে,' কালিনা বলে চলল, 'কোন কোন গোর, দিনে ষাট লিটারেরও বেশি দুধ দিছে!' 'ও সব বাজে বড়ফট্রাই!' আল্লা বলল।

'বড়ফট্টাই ?' কালিনা জবলে উঠল। 'যে মেয়েরা ঐ গোরাদের ভার নিয়েছে তাদের ফোটো পর্যান্ত আমার কাছে আছে, বড়ফট্টাই বললেই হল!'

বিছানা থেকে সড়াৎ করে নেমে কালিনা একটা ছোটু কাঠের বার খুলে বের করল রুমালে মোড়া একগাদা ফোটো, নববর্ষের পোস্টকার্ড — তাতে চকচকে রঙ লাগান দেবদ্ত, পাঁহকা থেকে নেওয়া ছবির পাতা — ধারগুলো ক্ষয়ে গেছে। পহিকার ছবির পাতাটা কালিনা স্বত্নে টেবিলের উপর মেলে দিল।

সাদা ওভার-অল পরা হাসিম্খ মেয়েরা আহার দিকে তাকিয়ে রইল। আরেকটা ছবিতে দেখা গেল কতগ্রলো যাড়ে গর্দানে যোটা গোর্। বহুদ্রের অজানা সহর কন্যোমার কাছে কোথায় যেন ছবিগ্রলো তোলা হয়েছে। ছবির নিচের লেখাগ্রলো কালিনা পড়তৈ সূত্র করল।

'বেশ পড়তে পারে তো,' আমা মনে মনে ভাবল, একৈবারে যে ঈর্ষাশ্ন্য ভাবেই তা বলা যায় না। কিন্তু একথা সে আঁচ করতে পারল না যে, কালিনা বহুদিন আগেই প্রত্যেকটি লাইন মৃথস্থ করে ফেলেছে।

আন্না টেবিলের কাছে এগিয়ে এল। কন্দ্রোমার ভেয়ারীর মেয়েরা কীভাবে চ্যাম্পিয়ন গোর্ মিন্ংকা, স্কুদরী আর চেরীর যত্নআতিঃ দেখাশোনা করে তাই শ্নতে লাগল। 'আমবাও এরকম গোর্ পেতে পারি, তাই না ?' কালিনা বলল, 'আমাদের হয়ত যথেন্ট থৈয়' নেই ? সাহায্য পাব না ? তুমি আর আমি ওই কন্দ্রোমায় গিয়ে ওদের কাছ থেকে উপদেশ নিয়ে আসব...' আলাকে সে ব্কের কাছে জড়িয়ে ধরল। 'আলা! একবার ভেবে দেখ — প্রত্যেকটি যৌথখামারে একটা করে ডেয়ারী আর প্রত্যেকটা ডেয়ারীতে মিন্থকার মতো একটি করে গোর্। আমাদের মাঠে মাঠে এরকম কত স্কুদ্রী চরে বেড়াবে। "কার গোর্ই?" ভালমান্যেরা স্বাই জিজ্ঞেস করবে। তার উত্তরে শ্রুনবে, "পাসেকির গোর্, ওদের নিজেদের ডেয়ারীর গোর্।"

এক মৃহ্তের জন্য আল্লা কালিনার কথার মল্মাঞ্চ হরে গেল। মনে হল কালিনা কেন, সে নিজেও দেখতে পাচ্ছে লম্বা লম্বা ঘাসের মাঝখানে চরে বেড়াচ্ছে বড় বড় মোটাসোটা গোর, আর সবাই জিজ্ঞেস করছে, 'কাদের গোর, ?' কিন্তু হঠাং মনে পড়ে গেল তার জমিটার কথা, তার স্থের নিশ্চরতার জন্য বাবা যা বহুকণ্ট সহ্য করে লাভ করেছিলেন। সে জমি দিয়ে দেবে? কথনোই না! জমি বাদ দিয়ে আলা দাঁড়াবে কোথার? তার তো তাহলে কাটা ভালের হাল হবে। আর ইভান যদি মত বদলার, তথন? তথন সে তাকে কী দেবে? কে তাকে তথন সাহায্য করবে? না না, সে হবে না, জমি আঁকড়ে পড়ে থাকতে হবে, জমি সে কাউকে দেবে না, কথনো না, কিছুতেই না!

কালিনার কথায় প্রায ভজে গিয়েছিল, একথা ভেবেই আহা দাবুণ ভয়ে শিউরে উঠল ।

'সব মিথে৷ কথা ৷' আন্না হঠাৎ বলে উঠল, 'সব বাজে কথা!' গলা চড়িয়ে ক্ষেপে গিয়ে ছবির দিকে আঙ্কল দেখিয়ে বলল, 'এর সবটাই বামনে! গুরকম কোন সহরই নেই!'

তারপর বিদায় না জানিয়েই বেরিয়ে গেল।

Č

লেগোভেংসের হাটের দিনে আলা একটা গোর্ কিনল। গলায় দড়ি বাঁধা খয়েরী রঙের রোগা গোর্টা তার কর্রীর পিছন পিছন চলতে লাগল পাসেকির রাস্তা ধরে। সন্ধার আগেই বাড়িতে পেণছবে এই ছিল আলার ইচ্ছা। কিন্তু মত বদলে রাত্তিরটা সেটল্মেণ্টেই কাটিয়ে গেল। তারপর গোর্নিয়ে হে'টে গ্রামে যখন নিজের বাড়ির উঠোনে পেণছল তখন দ্বুপ্রের খাবার সময় হয়ে গেছে। লোকে তো তার গোর্বদেখে অবাক, এমন কি গ্রাম সোভিয়েতের সভাপতি পর্যন্ত বারান্দায় বেরিয়ে এসে চে'চিয়ে উঠল:

'দেথ কী বোকা মেয়ে, হেমন্তে আবার কেউ গোর কেনে!'
আলা কিন্তু সেকথা কানেও তুলল না। তার তখন
মহাগর্ষ নিজের গোর হয়েছে, স্বাই দেখছে গোর্টা কেমন
দপ ভরে শিং নাডতে নাডতে কর্তীর পিছন পিছন আসছে
।

এর পর আল্লা মিকলা ভাগার ওখান থেকে একটা প্রনো গাড়ি আর সেই গাড়ি ভার্ত ঘাস নিয়ে এল। সবটা টাকা তার হাতে ছিল না, তাই ভাগাকে বলে এল বসত্তে ভাগার ওখানে কাজ করে সে বাকি টাকাটা শুধে দেবে।

সেই ঘাস ভর্তি গাড়িও আমা ভরদ্পুরে গ্রামের ভিতর দিয়ে চালিয়ে নিয়ে এল। সবাই আবার হাঁ করে চেয়ে রইল তার গাড়ি আর ঘাসের বোঝার দিকে। ঘাসগ্লো নামিয়ে গ্রাছয়ে আমা গাড়ি সারানর কাজে লেগে গেল। নতুন কাঠের দশ্ড কেটেকুটে তৈরী করল, কাঠের ফালি সমান করল। উঠোনে সারাদিন তার কুড়্লের ঠুকঠাক খটখট সবাই শ্নতে পেল। আমা কাজ করে আর থেকে থেকেই ছুটে গিয়ে গোয়াল ঘরে গোর্টাকে দেখে আসে। গোর্টা মোটেই কিছ্ স্লুলর দেখতে নয়, কিছু তা নিয়ে আমার দ্বর্ভাবনা নেই। তার ধারণা, কালিনা যে জগতে তাকে টেনে নিতে চেয়েছিল তার আর নিজের মধ্যে এক দ্বন্তর বাধার স্টি সে করেছে। এ বাধা পেরন যায় না! আমা তাই ভেবে ভারি খ্সী। কালিনার সঙ্গে একবার দেখা হলে মন্দ হত না, কামারের মেয়েটা এবার বলে কী?

কিন্তু দেখা হওয়াতে দেখল কালিনা আগের মতোই বন্ধতাবাপন্ন। তার কথায় বা চেহারায় কোথাও আন্নার কাজেব নিন্দেও দেখা গৈল না, সমর্থনিও না। এমনকি ডেয়ারীর বিষয়েও সে কিছুই বলল না। যদিও আন্না শুনেছে, দূরে উত্তরে অবস্থিত কন্দ্রোমার কাছের সেই খামার থেকে কালিনা তার চিঠির জবাব পেয়েছে।

কিন্তু ঘরকল্লা আর সাংসারিক ঝামেলাতেও আলার সেই নিঃসঙ্গতা আর বিষয়তা দ্র হল না। তার জীবনের তো আর কোনই বদল হল্লান আগের মতোই এখনো তার জীবন সমান নিঃসঙ্গ, সমান নিরানন্দ। আগে যদি জীবনটা একঘেরে লাগত, এখন তা আরো ক্রেশকর হয়ে উঠেছে...

ইভানকে পার্সেকতে আর দেখা গেল না। তার স্মৃতিও আন্নার মনে আর তেমন ভীষণ আর তীব্র করে বাজল না। কিন্তু আন্না তাকে একেবারে ভূলতে পারল না, ভূলতে চাইলও না।

শনিবার রাত্তিরে কাঠের কারথানার লরীগালো তার জানলার পাশ দিয়ে চলে যায়। আলা এখনো অপেক্ষা করে থাকে, হয়ত কোন একদিন কোন একটা লরী এসে থামবে তার বাড়ির দোরগোড়ায়। লরীগালো প্রতিবারই তার বাড়ি পার হয়ে চলে যায়, থামে না। গ্রাম সোভিয়েতের ময়দানে তাদের ইঞ্জিনের শব্দ সে অনেক পর শানতে পায়। শানতে পায় ঘরমন্থা কাঠুরেরা নিজেদের মধ্যে চে'চিয়ে চে'চিয়ে কথা বলতে বলতে চলেছে।

এমনকি ব্যর্থ প্রতীক্ষার এই মৃহ্ত্গ,লোও আলার কাছে দুম্লা মনে হতে লাগল ...

জানুঝারীর গোড়ার দিকেই মাকভিৎস পাহাড়ের পাঁচটা গ্রামে গ্রুজব ছড়িয়ে পড়ল — স্থানীয় কাঠুরেরা ভেরখভিনার অন্য সব কাঠুরেদের চ্যালেঞ্জ জানাবে। পরের রবিবার তারা স্বাই মিলে একটা চিঠি লিখবে অন্যদের কাছে।

খবরটা পাসেকি গ্রাম সোভিয়েতে এসে পেণছল। স্থানীয় প্রচারকরা: কালিনা সিজাক প্রভৃতি কমসমল সদস্য আর শিক্ষক শিক্ষয়িত্রী দ্বজন তাদের নিজের নিজের পাঁচঘরী প্রচার অঞ্জে খবরটা ছডিয়ে দিল।

গ্রামের খবরদার র্রকো পেতেলিংসা আশি বছরের ব্রুড়া হলে কী হবে, এখনো বেশ শক্তসমর্থ! আগে সে ছিল কাঠুরে। এখন তার তিন ছেলে বনে কাজ করে। নাতির মুখে খবরটা শ্নে বুড়ো গ্রাম সোভিয়েতে গিয়ে দুহাত নেড়ে চেচাতে লাগল:

'ধন্যবাদ, ধন্যবাদ আপনাকে কমরেড সভাপতি ! যথন কোন ক্ষতির খবর ঘোষণা করতে হয়, কিম্বা কোন সভার বা সিনেমার তথন য়ৢরকো পেতেলিংসার ভাক পড়ে। কিন্তু এরকম একটা খবরের বেলায় য়ৢয়কো পেতেলিংসাকে বাদ দেওয়া হয়। বেশ বাবা, আপনায় অসংখ্য ধন্যবাদ ! এখন থেকে ভাই, আপনি নিজের হাতেই ঢ্যাঁড়া পেটাবেন এই নিন ঢ্যাঁড়া !..'

রাগের চোটে লাল হয়ে সে ঘাড় থেকে পর্রনো ঢ্যাঁড়ার প্ট্যাপটা খুলতে লেগে গেল। ব্যজ্যের হাঙ্গামার হাত থেকে রেহাই পাবার জন্য সোভিয়েতের সভাপতি পেতেলিৎসাকে তাড়াতাড়ি গ্রামের মধ্যে এই খবর পেণছে দিতে বলল যে, রবিবার চোর্নায়ে কাঠুরেদের করেথানার দপ্তরে চ্যালেঞ্জের চিঠিটা লেখা হবে, সভায় যারা আসতে চায় তঃদের আমন্ত্রণ জানান হচ্ছে।

ব্রুড়ো পেতেলিংসা সঙ্গে সঙ্গে শান্ত হয়ে গেল। বেশ একটা গ্রুগন্তীর চালে বেরিয়ে পড়ে ঢাড়ো পেটাতে শ্রু করল।

কামারশালার কাছে এসে তামাক থাবার জন্য সে থামল।
চারপাশের বাড়ির গৃহকতারা এর মধ্যেই সেখানে এসে জড়
হরেছে। আহাও সে দলে ছিল। কাঠুরেদের মংলবটা সে আগেই
জেনেছে, তাই তার মনে হতে লাগল এই বিরাট ব্যাপারটার
সেও যেন একজন অংশীদার।

'দেখ কী কান্ড,' বিস্ময়ে মাথার পিছনটা চুলকতে চুলকতে কামার বলল, 'কী দরকার ছিল বাপন্ন, এমন দায়িত্ব হাড়ে নেবার ?'

'শেষকালে যদি কথা না রাখতে পারে, তথন কী হবে?'
চোথ পিটপিট করতে করতে জিজ্জেস করল এক ব্রুড়ো। তার
ছেলে আর নাতিরাও বনে কাজ করে।

'কুমে, আপনার জিভ যেন খলে পড়ে যার, কী অলক্ষ্ণে কথা!' বুড়ো খবরদার জনলে উঠল।

সবাই হেসে উঠল, কিন্তু তব্ প্রত্যেকের মনেই একটা চাপা আশংকা উ'কি মারতে থাকল গতবছর কার্মেনিংসের কাঠুরেরা অমন এক প্রতিজ্ঞা করে শেষ পর্যন্ত আর তা রাখতে পারেনি। সেকথাই সবার মনে পড়ল। কার্মোনংসের কাঠুরেদের বদনাম পার্সেকিতেও ছড়িয়ে পড়েছে। আবার কোথায় পার্সেকি আর কোথায় কার্মোনংস — যোড়ায় চড়েও এক দিনের বেশি পথ!

কাঠুরেদের প্রবনো অভ্যাসমত সিগারেটের টুকরোটা পায়ে পিষে পেতেলিংসা ঢ্যাঁড়ার কাঠিদ্বটো ভূলে ধরে বেরিয়ে পড়ল। তার কাঁপা কাঁপা গলা আর ঢ্যাঁড়ার আওয়াজ অনেকক্ষণ পর্যন্ত শোনা গেল।

'আমাদের কাঠুরেরা বোধ হয় অনেকদিন থেকেই ঐসব আঁচ করেছে,' বুড়ো চোথ পিট পিট করে বলন, 'আচ্ছা ধ্রত' ওরা! কাউকে কিচ্ছু জানায়নি!'

'ওরা আসলে নিজেদের ক্ষমতা যাচাই করে দেখছিল, তাই চুপ করেছিল,' বলল কামার।

'আমার স্বামীও কিচ্ছা বলেনি,' সঙ্গে সঙ্গে বলে উঠল একটি চটপটে মেয়ে, খালি পায়ের উপর গালোশ পরা, 'কেবল গত সপ্তাহে সে আর থাকতে না পেরে বলে ফেলেছিল, একটা মন্ত কিছাতে ওরা হাত দিয়েছে। ব্যাপারটা কী তা আর আমি জিজ্ঞেস করিনি।'

স্বাই একসঙ্গে কথা বলতে স্র্ করল। কারো বা স্বামী বনে কাজ করে, কারো বা ছেলে। কেবল আলা একা এদের বাইরে পড়ে। সবাই জানে য়ার্গসনার মেয়ের এখন আর বনের সঙ্গে কোন সম্পর্ক নেই। তাই তার সঙ্গে কেউ একটা কথাও বলল না।

অত্যন্ত ক্ষুদ্ধে সামার মুখ রক্তনাল হয়ে উঠল।

হঠাৎ সে চে'চিয়ে উঠল, 'আমি এ চিঠির কথা অনেক আগেই জানি! এক মাস আগেই ইভান শেকেতা একথা আমায় বলেছে!'

কথাটা বলেই গালোশ পরা মেয়েটির দিকে সে চ্যালেঞ্জের ভাবে তাকাল।

٩

রবিবার এল। ভার থেকে চোর্নয়ের পথ লোকেভার্তা।
আহা তার জানলা থেকে দেখতে পেল, কাঠুরে আর তাদের
বউরা রবিবারের সাজসভজা করে তার বাড়ির পাশ দিয়ে
চলেছে প্রুষদের পরনে ধ্সর ঘরে কাটা স্তোর জাকেট,
তাতে সব্জ বা কালো ফ্লানেলের কিনারা। মাথায় টুপি,
অবশ্যস্তাবী ছোটু ফার গ্লেছটি তার ফিতের গোঁজা মেয়েদের
পরনে গরম ফোলা গ্রনিরা* আর সাদা কুচি দেওয়া ভকাটা।

যে সব বুড়োদের পক্ষে চোন য়ে প্যস্তি হাঁটা সভব নয় কমসমল সদস্যা যোথখামারের খোড়ার গাড়িতে করে তাদের নিয়ে চলেছে। গলায় ঘণ্টা বাঁধা ঘোড়াগ্লো ঝিন্ঝিন্ শক্ষ

মেরেদের বহিবসি।

ভূলে প্ররো দমে ছুটে চলেছে প্রধারীদের গায়ে বরফের গ্রুডো ছিটিয়ে

রাস্তা ফাঁকা হলে পর আলা তার গ্রনিয়া পরে নিল, মাথায় বাঁধল রুমাল। তারপর বাড়ির দরজায় তালা মেরে বেরিয়ে পড়ল চোনায়ের পথে।

প্রায় ঘণ্টা দুয়েক পর সে পেণীছল কাঠুরেদের কারখানার দোতলা দপ্তরে।

সভা তখনো স্ব্ হয়নি: চারাদকের গ্রাম থেকে কাঠুরেরা দলে দলে স্বাই আসছে। দপ্তরের সামনের ছোটু ময়দানটায় কী ভীড় আর গোলমাল, যেন মেলা বসে গেছে।

এত লোকজন দেখে আলা ঘাবড়ে গেল। একটু ফাঁকা জারগার জন্য সে দরজার দিকে এগিয়ে গেল, কিন্তু বারান্দার পা দিতেই চোখে পড়ল ইন্ডান একদল তর্গের মাঝখানে দাঁড়িয়ে কী যেন বলছে। কী লন্বা বা বা, চওড়া কাঁধদ্টো দেখ, জ্যাকেটটা কী স্ন্দর করে পরেছে! টুপি আর নতুন জ্বতো জোড়াও স্ন্দর মানিয়েছে। কী খাসাই না দেখাছে! ইন্ডান হয়ত অন্ভব কয়ল, আলার চোখদ্টো তার দিকে দ্পরদ্ভেট চেয়ে কারণ একবার সে ঘ্রে তাকাল, কিন্তু কাউকে দেখতে না পেয়ে আবার গল্প কয়তে লাগল।

ওর দিকে না তাকিয়ে চলে যাওয়াই ছিল ভাল। কিন্তু আন্না তা করতে পারল না। ভিডের মধ্যে দিয়ে এগিয়ে গিয়ে সে একেবারে শেকেতার পাশে এসেই দাঁডিয়েছে। 'কী খবর ইভান,' বেশ নরম করে আন্ন্য ডাকল।

ইভান ফিরে একাল তাব মুথের সব <mark>আনন্দ হাসি</mark> একমুহুর্তে নিভে গেছে

'আমি যে এখানেই আসছিলাম তা নয়,' তার উপস্থিতির কৈফিয়ৎ দেবার জন্মই যেন সে তাড়াতাড়ি বলে উঠল, 'সেট্ল্যেণ্টের পথে একবার উ'কি মেরে গেলাম।'

দ্বজনে তারা গেটের দিকে এগিয়ে গেল, ভিড় সেখানে পাংলা।

'তারপর কেমন চলছে সবকিছ, আহা?' অনেকক্ষণ চুপ করে থাকার পর ইভান অবশেষে জিজ্ঞেস করল। 'ভালই।'

'আমাদের আজকের সভা দেখছ তো? হরত দপ্তরের ঘরে সবাইকে ধরবে না... ইস্কুলবাড়িতে সভাটা করতে হবে, সেখানে জায়গা বেশি.. তমি কি থাকবে. না খাবে?'

'দেখি, একটুখানি থাকতেও পারি...' আলা বলল, 'জ্যাকেটটা অমন করে ছি'ড়লে কী করে?' ইভানের হাতের নিচে একটা ফুটো দেখে সে হঠাৎ বলে উঠল।

'ভগবান জানেন,' লভ্জিত হয়ে ফুটোটা আঙ্ক দিয়ে নাড়তে নাড়তে ইভান বলল, 'মোটা হচ্ছি, তাই বোধ হয়।'

'খুলে ফেল জামাটা,' আহার গলা প্রায় শোনাই গেল না, 'আমি সেলাই করে দেব। ছ'ুচস্তুতো আমার সঙ্গে রয়েছে।' 'এইখানে সেলাই করবে, লোকজনের সামনে ^২' ইভান পিছন দিকে তাকিয়ে লজ্জায় রাঙা হযে গেল।

ঠিক আছে, ঐ ঘোড়াগাড়িগ্বলোর আডালে চলি,' আন্না বলল, 'ওথানে কেউ নেই।'

চকটার অন্যদিকে আমা এগোল। ইভান আমিচ্ছা সত্ত্বেও চলল তার পিছঃ পিছঃ।

গাড়িগালোর আড়ালে এসে ইভান জ্যাকেটটা খালে ফেলে
শাধ্ ভেন্ট পরেই দাঁড়িয়ে রইল। আলা তার রাউজের গায়ে
লাগান একটা ছাচ বের করল, তাতে লাবা সাতো পরান।
তারপর ছোড়া জায়গা সেলাই করতে বসে গেল। ইভান যদি
তার পাশে দাঁড়িয়ে থাকে, তবে সে খাসী মনে সারাদিন ধরে
সেলাই করে যেতে পারে।

'পার্সেকির লোকেরা বলছিল তুমি গোর কিনেছ, সত্যি নাকি?' কিছ্ক্লেগের নীরবতার পর ইভান জিজ্ঞেস করল। 'হাাঁ। সেইসঙ্গে একটা গাড়ি আর ঘাস... একবার দেখে বেও না, আসবে?' ক্লীণস্বরে জিজ্ঞেস করল আলা।

'আসব একদিন,' আহার মনে বাথা না দেবার জন্য ইভান বলল, 'সময়ই পাই না। আহা, তুমি কিন্তু ভূল করছ। তোমার উচিত যোথথামারে যোগ দেওয়া। তোমার গাঁয়ের লোকেরা বলছিল: "কেবল তিনজন এখনো বাইরে রয়েছে — তাদের দ্বজন ছিল এককালে কুকুলং, অনাটি হচ্ছে য়াৎসিনার মেয়ে!"

^{*} धनी हावी, श्रक्षद्व थांग्रिय हार करत।

'আমি আর কুর্কুলরা এক হলাম? কে বলেছে একথা?' আলা রেগে উঠল, 'আমার নামে এমন কথা রটায়, আচ্ছা নিল্ভিজ লোক তো সব!'

'কুর্কুলদের দলে হয়ত নেই, কিন্তু তাদের সহায় হয়েছে। সেটাও ঠিক।'

'যৌথখামারে গিয়ে আমি কী করব?' সেলাইয়ের উপর আরো ঝুকে পড়ে আলা বিষয়বদনে জিজ্ঞেস করল।

'অন্যেরা যা করছে।'

'আমার নিজেরই খামার আছে।'

'তা থেকে তুমি কী আনন্দটা পাও, বল?'

'ভগবানের কুপায় ঐ থামার থেকেই আমার অন্ন জনুটছে...'
'সেটা তো কথা নয়,' ইভান দীর্ঘনিশ্বাস ফেলে বলল, 'কী
করে তোমায় বোঝাই?.. সবাই একসঙ্গে হয়েছে, অথচ তুমি
আলাদা হয়ে রইলে, একেবারে একা, যেন অন্যদের চেয়ে তুমি
খারাপ।'

'খারাপ তো খারাপ, আমার তাতে কিচ্ছু এসে <mark>যায় না, বয়েই</mark>

সাহতোটা দাঁত দিয়ে কেটে জ্যাকেটটা একবার ঝেড়ে সে
মিঃশব্দে ইভানকে দিল।

'ধন্যবাদ,' ইভান স্বস্থির সংরে বলল, 'আছ্ছা, এবার তবে আমার যেতে হয় আহা। ছেলেরা আমার খোঁজ করতে সংরং করবে সতি। থেকে যাও, সেটল্মেন্টে যাবার প্রচুর সময পারে।' 'জানি না,' আলা দ্বংথের সঙ্গে বলল, যদিও ইভান তাকে থাকতে বলায় মনে মনে সে ভারি খুসী।

ইভান তার দলের সন্ধানে বেবিয়ের পড়ল। আহা ভিড়ের মধ্যে তার সচল টুপিটার দিকে তাকিয়ে দাঁড়িয়ে রইল — ফার গুচ্ছ লাগান পিছনে ঠেলে দেওয়া টুপিটা।

সভাটা সত্যিই ইস্কুলবাড়িতেই হল। দুটো ক্লাসঘরের মাঝের দরজাটা রইল খোলা, ডেস্কগ্লো সব একপাশে ঠেলে সরিয়ে দেওয়া হল। কিন্তু তব্ বারান্দায় দাঁড়িয়ে ঘাড় গলা বাড়িয়ে ভিতরে তাকান ছাড়া অনেকের অন্য উপায় রইল না।

সভার প্রেসিভিয়াম যেখানে বসেছে, আহা গিয়ে সেই ঘরে এককোণে ভেন্ফের এক প্রান্তে বসার জায়গা করল। তার পাশেই বসেছে পাসেকি গাঁরের খবরদার ব্রুড়ো পেতেলিংসা, ভোরবেলায় সে চোনারিতে এসে পেণিছেছে।

ইভান বসেছে প্রেসিভিয়ামে। একপাশে তার কাঠের ছাউনির ভারপ্রাপ্ত নেমেশ — লালগাল লোকটি, এখনও যেন যৌবনে ভরা, আবেক পাশে এক দশসেই ভদ্রলাকে, মন্ত মুখ আর স্বচ্ছ ধ্সের খ্সিভরা চোখ। সে র্সিড্জা, কমিউনিস্ট পার্টির আগুলিক কমিটির মুখ্য সম্পাদক।

রুনিংকার পাশে বর্দোছলেন এক মাঝবরসী টাকমাথা ভদ্রলোক, গলায় উলের মাফলার জড়ান। এ লোকটিকে আনা আগে কখনো দেখেনি। ভদ্রলোককে দেখে আনার কেমন কর্ণা হল। বিষয় চেহারা দেখে মনে হয় গাঁর খুব গুরুত্র কোনো অস্থ আছে। ভদ্রলোক থেকে থেকেই ফিরে সম্পাদককে হেসে হেসে কী যেন বলছিলেন। কিন্তু তাঁর হাসিটাও কেমন র্গ্ন। 'দাদ্ব, ঐ টাকমাথা ভদ্রলোকটি কে ²' আলা পেতেলিৎসাকে জিজ্ঞেস করল

'ডাকাত,' খবরদার খবর দিল। 'সেকি, যাঃ!'

'সত্যি বলছি ডাকাত,' পেতেলিংসা আবার বলল, 'ওর পিছনে যে য়ারভেংস কাঠের ছাউনির লোকেরা বসে রয়েছে ওরা প্রত্যেকেই ডাকাত। ও হল ওদের সর্দার!'

'কেন, ওরা কি খ্নখারাপী করেছে?' আলা সন্ধি সনুরে জিজ্ঞেস করল।

'না,' খবরদার মাথা নেড়ে বলল, 'সত্যি বিনা মিথ্যা আমি কখনো বলি না। কিন্তু ওরা দ্বার আমাদের দলকে হারিয়ে দিয়ে পতাকা নিয়ে গেছে। এখন আবার তৃতীয়বার হারাতে চায়, আমাদের লম্জা দিতে চায় লোকগ্লো খাঁটি গ্লুডা!'

আহা হেসে উঠল:

'কিন্তু এতে তো গ্ৰুডামির কিছু নেই!'

তব্ এরপর থেকে মাফলার জড়ান সেই লোকটার প্রতি আন্না আর কোনরকম সহান্তুতি অন্তব করল না। এমন কি নেমেশ লোকটাকে সিগারেট দেওয়ায় আন্নার বিরক্তি লাগল।

ঘরে প্রচুর গোলমাল, লোকেরা আসন নিচ্ছে, চে'চিয়ে এ ওকে ডাকছে। ব্দিঙেকা ইতিমধ্যে চেয়ার ছেড়ে উঠে গেছে টোবলের কাছে দাঁড়িয়ে সে সযক্তে লাল টোবিলকাভারটাব ভাঁজগুলো ঠিক করতে করতে সবার দিকে তাকিয়ে আছে আগ্রহ ভরে। কাউকে যেন খ্রুজছে। অবশেষে অনুচ্চ স্বরে বলে উঠল

'ক্মরেডরা !'

তারপর আরো প্রত্যয়ের সঙ্গে বলতে স্বার্করল: 'কমরেডরা! মান্ধের যত দ্র্ভাগ্য আছে তার মধ্যে নিঃসঙ্গতা হল সবচেয়ে ভয়াবহ। একলা মান্ধের জীবনে আনন্দ নেই, কাজে আনন্দ নেই, ভ্রমণে আনন্দ নেই। বেশি কিছ্ বলার দরকার নেই। আপনারা নিজেরাই কি এই দ্বেথ জানেন না? লোকদের মাঝখানে থাকলে মনে হয় মান্ধ যেন পাখায় ভর করে উড়ে চলেছে। আমরা সোভিয়েত জনগণ, আমাদের কাছ থেকে নিঃসঙ্গতা ক্রমণ দ্রে সরে যাছে, রোদ উঠলে যেমন কুয়াশা সরে হায়। এই যে আজ আমরা সবাই একটা জর্বী দলিলের আলোচনায় এখানে সমবেত হয়েছি, এ যেমন আনন্দের তেমনি গ্রেছপূর্ণ ব্যাপার। এর ফলে দেশের সম্দির বৃদ্ধি পাবে, আমাদেরও স্বাধ বাড়বে। স্থের প্রয়োজন নেই, এমন লোক কি কেউ আছে?'

সম্পাদকের কথা শুনে আলা প্রথমে একটু ঘাবড়ে গিয়েছিল— ওর কথাই বলছে নাকি, ওরই নিঃসঙ্গতা আর না-পাওয়া স্থের জন্য প্রাণপণ চেণ্টার কথা! কিন্তু ক্রমশ তার ভয় দ্ব হয়ে গেল। সম্পাদক বলেই চলেছে। আলার সঙ্গে

কিন্তু সেকথার কোন সম্পর্ক নেই। পেতেলিংসার ছেলে, চোর্নয়ের স্তেপান ফিওদরভিচের ছেলে, ইভান শেকেতা প্রভৃতি অনেকের সঙ্গে সে কথার সম্পর্ক। তাদের জীবন আর কাজ নিয়ে কথা হচ্ছে। ওরা খ্ব গরম গরম তর্কাতির্কি জ্বড়ল, কিন্তু তার মধ্যে আমার কোনই স্থান নেই..

তারপর নেমেশ চিঠিটা পড়ে শোনাল।

তার পড়া হয়ে গেলে পর কাঠুরেরা টেবিলের কাছে গিয়ে চিঠিতে নাম সই করে দিল। প্রত্যেকেই খ্ব ধারিন্দ্র শান্তভাব বজায় রাখতে চাইল কিন্তু ভিতরের উত্তেজনা চাপা রইল না। শেকেতাও তার আবেগ চেপে রাখতে পারল না। কাগজের উপর সে ঝাকে পড়ল, আলা গলা ব্যাড়িয়ে দেখল, তার ঠোঁটদুটো নড়ছে, কলমটা কাঁপছে।

হঠাং একেবারে অপ্রত্যাশিতভাবে ব্রুড়ো র্রকো পেতেলিংসা টেবিলের সামনে এসে দাঁড়াল। কখন যে সে পাশ থেকে উঠে গেল, আলা তা দেখতেও পায়নি।

'দাদ্ম, কী চান?' কলমের দিকে পেতেলিৎসাকে হাত বাড়াতে দেখে নেমেশ বলল।

'তার মানে?' বুড়ো অবাক হয়ে জিজ্ঞেস করে উঠল,
'আমি কি অমত করেছি নাকি?'

'আজ তো শ্ব্দ্ কাঠুরের। সই করবে,' নেমেশ একটু হেসে বলল। 'আর আমরা?' পেতেলিংসা রেগে উঠল, 'আমরা কি বানের জলে ভেসে এসেছি। আমরাও যৌথথামারের লোক!'

'আমিও, আমিও তাই বলি!' দুপাশে কন্ই মেরে পেতেলিংসার দিকে এসে বলল স্তেপান ফিওদরভিচ।

কিন্তু নেমেশ কিছাতেই রাজী হবে না, 'যৌথখামার আর কাঠ কাটা দুটো আলাদা ব্যাপার, একটার সঙ্গে আরেকটার কোন যোগ নেই.'

'বা বা, বেশ কথা কও!' পেতেলিংসা হাতদ্টো নেড়ে বলল, 'আমরা এখন সাধারণ লোক নই, রাতিমত যৌথখামারের সভ্য আর আমরা যখন যৌথখামারের সভ্য তখন স্বকিছ্র সঙ্গেই আমাদের সম্পর্ক আছে, ক্যারেড সভাপতি।'

'কিন্তু আপনারা তো আর শপথ করছেন না?' নেমেশ রেগে চে'চিয়ে উঠল।

'দাঁড়াও দাঁড়াও, মেজাজ খারাপ কর না মিখাইলো,' সম্পাদক নেমেশের হাতটা ছু;য়ে বলল, 'রেগে যেও না। ওঁরাও শপথ করবেন। আমরা সবাই করছি। এটা যে আমাদের স্বার ব্যাপার।'

ঘরের চারিদিকে সমর্থানের গ্রেজন উঠল, হাততালি স্বর্ হল। ব্ডো পেতেলিংসা বিজয় গর্বে দীর্ঘানিশ্বাস ফেলে কলমটা দ্বার কালিতে ভূবিরে নিল। তারপর বহুবত্ব করে নিজের নামটা লিখতে লাগল, প্রতিটি অক্ষর যতদ্ব সম্ভব বড় বড় করে, যাতে তাব নামটা পরে সহবের লোকেদের ভাল করে চোখে পড়ে।

এখন এমন অবস্থা হয়েছে, যা কিছু নিয়েই কথা হোক না

কেন পাসেকি বা চোর্নায়ে কিম্বা য়ারভেৎসে, নয়ত শুধু রাস্তাতেই চলতে চলতে, শেষ প্রযন্ত কাঠুরেদের ব্যাপারটা উঠবেই।

পাসেকিতে উজগরদ থেকে একজন বক্তৃতা দিতে এলেন।
বক্তৃতার বিষয় ছিল মানুষের উদ্ভব। অনেক শ্রোতা, প্রত্যেকে
খ্র মন দিয়েই বক্তৃতাটা শ্রেল। বক্তৃতা শেষ হলে পর বক্তা
জিঞ্জেস করলেন, কারো কোন প্রশ্ন আছে কিনা।

'আছেই তাে!' দ্রের এক কােণ থেকে শােনা গেল।
'কমরেড বক্তা এখানে আসার আণে রারভেংসে গিয়েছিলেন।
আমি জানতে চাই রারভেংসের কাঠরেরা কেমন কাজ করছে?'

'আরেকটা প্রশ্ন আছে,' আরেকজন বলল, 'পরশ্কভোর নাকি এক ধরনের যক্ষ আবিত্কত হরেছে, শ্নেছি একটা যক্ষে পাঁচজন মান্বের কাজ হয়, প্রেরা গছে তুলে নেয়। ব্যাপারটা কী?'

বক্তা একটু ক্ষায় হলেন: মান,বের উদ্ভবের সঙ্গে এর কোনই যোগ নেই, এ প্রশেনর জবাব দেবার ক্ষমতাও তাঁর নেই। প্রোতারা ওদিকে বক্তৃতা শুনে অত্যন্ত অসম্ভূন্ট।

তারপর থেকে কমসমল সদস্যরা গ্রাম সোভিরেতের সামনে একটা কাঠের ফলক দাঁড় করাল। তাতে প্রত্যেক দিন সকালবেলা কালিনা সিজাক গতদিনের কাঠ কাটার ফলাফল লিখে দিতে লাগল। ফলকের সামনে সবসময় ভিড়। আগের দিনের চেয়ে মোট উৎপাদ কম হলে সবাই গ্রাম সোভিরেতে ঢুকে সভাপতিকে বলত তক্ষ্মণ নেমেশকে টেলিফোন করে ঠিক খবর জ্লেনে নিতে: 'এ কিছুতেই হতে পারে না নিশ্চয়ই ভূল হয়েছে '

প্রতিদিন সকালবেলা ফলকের চাবধারে আরেগের বিপ্লে চাণ্ডলা দেখা যেত: সবাই হয় আনদেদ উৎফুল্ল হয়ে উঠত নয়ত রেগে যেত: কিন্তু আন্নার কাছে এর একটা অভূত ব্যক্তিগত তাৎপর্য দেখা দিল। ইভানের জীবনের দিকে একটা ছোট্ট জানলা এই ফলক, সেই জানলা দিয়ে সে দেখতে পেত তার ভালবাসার জনের কাজকর্ম কেমন চলেছে।

রোজ খুব সকালে, অন্যেরা তথনো বাড়ির কাজে ব্যস্ত, আশ্লা গ্রাম সোভিয়েতে যায়। চতুর্থ দলের নামটা কোথায় রয়েছে সেই দেখতেই ছোটে: উপরে উড়ে যাওয়া এরোপ্লেনের কাছাকাছি, না — ভগবান না কর্ন — একেবারে নিচে, কছপের কাছাকাছি ...

নিঃসঙ্গ মেরেটির হদর উত্তেজনা দ্ভাবিনা আর আনদের জন্য ব্যাকুল — সবার কাছ থেকে বিচ্ছিন্ন আনা জীবনে যা কথনো পারনি।

ĥ

ফেব্রারীর মাঝামাঝি পাছাড়ে বেশ ক'দিন ধরে জার বরফ পড়ল। গাছগালো বরফের ফোলা ফোলা মোটা আবরণে ঢকো পড়ল, সারা বন হয়ে উঠল নৈঃশবেদার রাজ্য। কিন্তু সে শব্ধ দ্বে থেকেই। পাছাড়ে রাস্তায় বেবলেই জমা নৈঃশন্দ্যের অনুভূতি মুহুতের্ব মধ্যে কোথায় অদৃশ্য হয়ে ধায় মিনিটে মিনিটে মোড় ঘ্রে বেরিয়ে আসছে বরফঢাকা ঘোড়ার দল, কাঠবোঝাই তিনটনী কাঠবওয়া লরী। লরীড্রাইভাররা অধৈর্ম হয়ে হর্ণ দিয়ে চলে, যতক্ষণ না ঘোড়ার গাড়িগ্রেলা ষেথানে পথ দেবার জন্য একপাশে সরে দাঁড়ান সম্ভব সে জায়গায় না পেণছিয়। পাহাড়ের খাড়া গায়ে এখানে ওখানে বরফের পর্দা ছিল্ড ক্যাম্পফায়ারের ধোঁয়া উঠছে আর করাতের সাঁই সাঁই, কুড়ুলের খট্খট্।

উপর থেকে কোথাও হঠাৎ হয়ত 'হৄ শয়য়র' ধর্নি শোনা গেল — মৢহ্তের নীরবতা — তারপর রাজসিক এক বীচগাছের মাথাটা যেন নেহাৎ অনিচ্ছাতেই নড়ে ওঠে। আরেক মুহুর্ত পরেই দীর্ঘায়িত গৢমুগৢয়ুয় ধর্নি পাহাড় বেয়ে নেমে যাবে। বরফের গৢৢৢৢ৾৻ড়া গাছের মাথা ছাড়িয়ে উঠবে, বিস্ফোরণের ধোঁয়ার মতো গাছটার ডালপালা কেটে ফেলার জন্য ছুটে আসা কাঠুরেদের ঢেকে ফেলবে।

অবশেষে বরফ পড়া থামল।

অপ্রত্যাশিতভাবে বইতে সূর্যু করল দক্ষিণ হাওয়া,
বসন্তের মতোই গরম পড়ল। বরফ গলতে সূর্ করল, পাহাড়ের পাথরের উপর দিয়ে জলের ছোট ছোট ধারা ছুটে চলল, তাদের কলধর্নি তখনো কিছুটা চাপা। কিন্তু তার পর্যদিনই বৃণিট হল, সঙ্গে সঙ্গে ঝরণার ঝরঝরও হয়ে উঠল আরো জোরাল, আরো ভয়াবহা ওদিকে ধরফগলাও এমন জোর সূর্যু হল, মনে হল পাহাড়ের মাথায় কোথাও বৃথি বাঁধের মুখ খুলে দিরেছে আর তার জল দ্বরন্ত বেগে নামতে স্বর্ করেছে।

গিরিসজ্কটগালো জলের ঘোলা ধারার ভরে গেল পাইনের কাঁটা আর ফুলে ওঠা সাদা ফেনায় ঢাকা জলধারা সংকীর্ণ গিরিবর্ম ভেঙে নিজেকে মা্কু করতে চাইল।

বরফ গলে পথ নীচু হয়ে গেল, সাঁকোগ্লো হ্র্ড়ম্ড করে ঘ্রিজলে ভেঙে পড়ে মিলিয়ে গেল। উপত্যকার ব্রে নিরীহ নদীগ্রলো ফে'পে ফুলে উঠে মাঠঘাট ভূবিয়ে দিল।

পার্সেক আর অন্যান্য গ্রামে সে রাত্রে আলো নিবল না।
সবাই হয় নিজেদের বাড়ি নয় গ্রাম সোভিয়েতের সামনে ভাড়ি
করে দাঁড়িয়ে দ্বে জলের গর্জনে আর উচ্ছল আওয়াজ শ্নতে
লাগল।

শব্দ শানে মনে হল একটা বিরাট পাত্র যেন আগানে ফুটছে আর ফুটন্ত জল যত পাথর টেনে এনে ফেলছে।

পার্সেক গ্রাম সোভিয়েতের সভাপতি কাঠুরেদের ছাউনির দপ্তরকে টোলফোনে ভেকে ভেকে গলা চিরে ফেলল। কিন্তু টোলফোনের মেয়েটি সাড়াই দের না। সভাপতি গোঁরারের মতো চে'চিয়েই চলল, 'এক্স্চেঞ্জ! এক্স্চেঞ্জ!' সকালবেলা মনে হল গ্রামটা যেন একটা দ্বীপের উপর দাঁড়িয়ে আছে। চারপাশের উপত্যকা যোলা জলে গেছে ভরে।

মৃহ্,তের্বর মধ্যে সবকিছা বদলে গেছে সাদা স্কর রাজসিক পাহাড়টার এখন কালশিরে পড়া বিধনন্ত বেখাপা চেহারা। একরাত্তেই অনেকটা লম্বাও হয়ে গেছে বলে মনে হল, যেন হঠাং বিপদ সংকেত শ্বনে দীর্ঘকালের আসন ছেড়ে লাফিয়ে উঠেছে। মেঘগবলো পাহাড়ের মাথায় হামাগর্বাড় দিচ্ছে, খোঁচা খোঁচা বনের গায়ে লেগে তাদের ছেণ্ডাখোঁড়া অবস্থা।

আরা আর ঘরে বসে থাকতে পারল না, গেল গ্রাম সোভিয়েতে। গ্রাম সোভিয়েতে তখন প্রচুর ভীড়, তামাকের ধোঁয়ায় চারদিক ভরপরে। ঠেলেচুলে দরজার কাছে এগিয়ে গিয়ে সে কালিনাকে দেখতে পেল। কামারের মেয়ে তখন জানলার কাছে বসে, মুখ ফ্যাকাশে, বয়সও য়েন বেড়ে গেছে।

'কী ভীষণ ব্যাপার, কী সাংঘাতিক বিপ্র্যার!' বলে চলেছে বুড়ো পেতেলিংসা।

বৃড়ে। প্রনাে দিনের কথা স্র্ব্ করল। বছর কুড়িক আগে নাকি একবার ঠিক এইরকমই হঠাৎ বরফ গলা স্র্ব্ হয়, জলে সবিকছ্ ভেসে যায়। তারপর প্রাণ থেকে ইঞ্জিনিয়ররা এসে আবার সাঁকোগ্লো গড়ে তুলে পথগ্লোকে খুলে দেয়। তা করতে পাঁচটি মাস সময় লাগে।

'পাঁচ মাস!' ভূর, কু'চকে সভাপতি কপাল খবতে লাগল। 'পাঁচ মাস চলবে না!' কালিনা হঠাং চে'চিয়ে উঠল, 'আমরা যে কথা দিরেছি, তাই না? এখন আর পাঁচ মাস কিছ্তেই লাগবে না!'

'চে'চিও না মা,' কমোর বলল, 'চাওয়া আর করা এক কথা নয়।' 'তাছাড়া ক'মাস লাগবে তা কেউ বলেওনি,' সভাপতি যোগ করে দিল, 'ওরা আগে কী হরেছিল, তাই শুধু বলছে।'

'এখন আর তা কিছ্তেই হবে না!' কালিনা নাছোডবালা।

তৃতীয় দিন সন্ধার দিকে পাসেকির কয়েকটি ছোট ছেলে দেখতে পেল চোন রের দিক থেকে কয়েকজন লোক ঘোড়ায় চড়ে আসছে। সঙ্গে সঙ্গে তারা তো কাদা ছিটতে ছিটতে প্রাণপণ জোরে গ্রামের ভিতর দিয়ে ছুটে গেল। গ্রামের ওপারের জলে ভোবা ডাঙাটা দেখিয়ে চে'চিয়ে উঠল:

'ঐ যে, দেখ, দেখ! তিনজন লোক!'

আহা বাড়ি থেকে ছুটে বেরিয়ে এল। গ্রামের অন্য সবাইও ততক্ষণে রাস্তার বেরিয়ে এসেছে। বাচ্চাদের কথামতো জলে ডোবা ডাঙাটার দিকে তাকিয়ে তারা ভাবতে লাগল, এই সময়ে বিপদ মাথায় করে কারা আসতে পারে পাসেকিতে।

ঘোড়াগ্রলোকে দেখে মনে হচ্ছে সাঁতার কেটে আসছে — পেট পর্যন্ত জলে ডোবা। ঘোড়সওয়ারদের গ্রামের প্রান্তে এসে পৌছতে বেশ সময় লাগল। জল ওথানে কিছ্টা কম, কিছু কাদায় ঘোড়াগ্রলোর পা আটকে যাচ্ছিল। এতক্ষণে সবাই ঘোড়সওয়ারদের চিনতে পারল — র্নিসেওকা, নেমেশ আর বনের রেঞ্জার পপভিচ্। মুখ ভর্তি তাদের খোঁচা খোঁচা দাড়ি, লাল চোখগ্রলো গতে বিসে গেছে, র্নিসেকাকেও আগের মতো অত শক্তিমান মনে হচ্ছে না মাথায তার টুপি নেই, কারণ

শীত গ্রীষ্ম কোন সময়েই সে টুপি ব্যবহার করে না, এমন কি চরম ঠান্ডার সময়েও না।

সবাই যোড়সওয়ারদেব ঘিরে ধরে দ্বোগের বিধয়ে প্রশেনর পর প্রশন করতে লাগল। মেয়েরা সবাই এক সঙ্গে চে⁶চয়ে উঠল

'কমরেড নেমেশ! ভাসিল গাবড্দার কী খবর!'
'ভাল আছে,' নেমেশ জবাব দিল।

'আমার স্বামী ? ভেপান মগ্লো !'

'বহাল তবিয়তে আছে: কোন ক্ষতি হয়নি!'

'পাসেকির সবাই ভাল আছে!' রেঞ্জার চে'চিয়ে জানিয়ে দিল, 'চোর্নরের কয়েকজন অধ্প জথম হয়েছে।' কয়েকটা নাম সে আউড়ে গেল।

আমা দ্বের্ দ্বের্ বক্ষে অপেক্ষা করে রইল: এবার ইভানের নাম বলবে। কিন্তু না, শেকেতার কথা কেউ বলল না। বে'চে আছে, তার ইভান বে'চে আছে!

গ্রামের ময়দানে এসে ঘোড়সওয়াররা ঘোড়া থেকে নামল; ক্লান্তিতে টলতে টলতে তারা গ্রাম সোভিয়েতের দিকে এগোতে লাগল। সভাপতি সবাইকে ঘরে চুকতে বারণ করতে ব্যক্তিল, ঘোড়সওয়ারদের একটু জিরিয়ে টিরিয়ে জামাকাপড় শ্রিকয়ে নেবার সময় দিতে হবে তো। কিন্তু সম্পাদক তার পোষাকের হাতা ছারে বলল:

'আমাদের এখন লোকেরই দরকার, যত বেশি লোক হয় তত ভাল।' কাউকে ডাকার আর দরকার নেই ছেলে বুড়ো সবাই হাজির। সবাই গ্রাম সোভিযেতে ভীড করে উৎকণ্ঠিত প্রত্যাশায় নবাগতদের দিকে চেয়ে বইল।

র্নুসিঙেকা তার অভ্যাস মতো একটু অপেক্ষা করল, তারপর বলতে সারা করল:

'কমরেডরা, জল এখন কমতে স্বা করেছে, কিন্তু এর মধ্যেই থবর পাওয়া গেছে মাকভিংস পাহাড়ের চারপাশের পাঁচশ কিলোমিটার রাস্তা একেবারে নগ্ট হয়ে গেছে আর ছোট বড় আঠারটা সাঁকো গেছে ভেসে। কাঠুরেদের ছাউনিতে মোটর আর ঘোড়া গাড়ির যাওয়ার বাবছা করতে লাগবে তিন মাস, এই হল আমাদের ইঞ্জিনিয়রদের হিসেব তার মানে আসছে তিন মাস মাকভিংস পাহাড় থেকে আমাদের দেশের পক্ষে অত্যন্ত প্রয়োজনীয় গাছের গাঁড়ে চালান দেওয়া যাবে না ...'

'তিন মাস — তার মানে এক বছরের সিকি ভাগ !' কালিনা বলল।

'হ্যাঁ,' রুসিঙেকা সমর্থন করে বলল, 'এক বছরের সিকি ভাগ... সেই জন্মই আমরা এখানে এসেছি আপনাদের সঙ্গে পরামর্শ করতে, আপনাদের মত জানতে। এই তিন মাস কাঠ চালান একেবারে বন্ধ থাকবে, এতে আপনারা রাজী আছেন?'

সোজাস্থিজ এরকমভাবে কথাটা জিজেস করা হবে তা কেউ ভাবতে পারেনি। সবাই বলতে চায়, 'না, আমরা রাজী নই ' কিন্তু তার আগে কী করে চালানের কাজটা সম্ভব করা যায় তা কেউ ভেবে উঠতে পারল না। তাই সবাই চমকে উঠল একজনের প্রশ্ন শানুনে

'কমরেড সম্পাদক, আপনার কী মত 🗥

আণ্ডলিক পার্টি কমিটির মত হল লোকেরা যদি নিজেরা ভার নেয় তবে কাজটা তিশ দিনেই সম্পর্ণ হতে পারে,' রুনিংকা বলল।

ত্রিশ দিনে কী ভাবে কাজটা সারা যাবে সেকথা রুসিৎেকা তথনো বলেনি, কিন্তু তব্ সবাই খ্বই আশ্বন্ত বোধ করতে লাগল। কাজটা যে হতে পারবে সে বিষয়ে নিশ্চিত হল।

সবাই এক সঙ্গে কথা বলা, চলাফেরা জুড়ে দিল।

ঠিক, আমরাও তাই মনে করি!' ব্রুড়ো পেতেলিংসা চিংকার করে উঠল, 'আমরা কথা দিয়েছি, এখন তা রাখতেই হবে। কেবল সবাইকে একসঙ্গে কাজ করতে ইবে। আমাদের মেয়েরাও বোধ হয় আমাদের সাহায্য করতে পারবে, তাই না কমরেড সম্পাদক?'

'মেরেরা কি খালি সারাক্ষণ সাহায্য করিয়ে ছাড়া আর কিছু হতে পারে না.' রুসিঙেকা হেসে বলল, 'মেরেদেরও ক্ষমতা আছে।' স্বাইকে একবার চোখ বুলিয়ে দেখে নিয়ে জানলার কাছে দাঁড়ান আল্লার দিকে তাকিয়ে জিজ্জেস করল: 'কী নাম আপনার?'

আল্লা জনাব দিল, একটু ঘাবড়ে গিয়ে।

'রাডেটর সম্পত্তি আর কাঠুরেদের মানসম্মান নিয়ে যখন কথা তখন আপনারা কি মনে করেন আল্লা রাৎসিনা তার ঘরে বসে থাকবে?' রুসিঙেকা বলে চলল, 'আপনারা কি ভাবেন এই সম্পত্তি আর আমাদের মানসম্মানের ব্যাপার নিয়ে আন্না প্রুর্বদের চেয়ে কম চিন্তিত ? ওর ঐ শান্ত লাজ্বক চেহারা দেখে ভুল কববেন না। ওর চোথ দেখেই আমি বলে দিতে পারি, আন্না খ্ব ভাল কমাঁ। আমরা যদি সামনে তাকিরে দেখি, দ্বদ্ভ দাঁড়িয়ে ভাবি তবেই ব্রুতে পারব, ঐ পথ দিয়ে তো শ্রু গাছের গাড়ি আসবে না, আসবে আমাদের ভবিষ্যং — ওর ভবিষ্যং, আন্না য়াংসিনার ভবিষ্যং, ঠিক কথা না?'

'ঠিক, ঠিক,' আঘার পাশ থেকে কে যেন বলে উঠল। আহা ঘ্রে দেখল কালিনা।

'জল একেবারে নেমে যাবার অপেক্ষায় না থেকে আসন্ন আমরা এক্ষণি স্ব্র্ করি,' র্নিসেওকা বলে চলল, 'তাড়াতাড়ি কুড্ল করাং কোদাল তুলে নিতে হবে। খারাপ যেগ্লো সেগ্লো এক্ষণি সারাই করতে পাঠাতে হবে।'

'আমরা তার ভার নিচ্ছি,' কামার মাথা ঝাঁকিরে বলল।
'রিজের কাঠের কী হবে?' সভাপতি বলল, 'প্রচুর কাঠ
লাগবে।'

রুসিঙেকা ভূর্ কোঁচকাল। নেমেশ এত জোর দীর্ঘশ্বাস ফোলল যে বাতির শিখাটা কে'পে উঠে নিভে যায় আর কি।

'কাঠের গৃড়িই তো আমাদের ভাবনা,' নেমেশ বলল, 'আমরা এখন তাদের নামাই কী কবে? কাঠুরেদের ছাউনি থেকে একটা নতুন পথ বানাতে হবে।' 'কঠিন কাজ,' বুডো পেতেলিংসা মাথা নেড়ে বলল। 'সবচেয়ে থারাপ সমযও লাগবে বেশি,' সম্পাদক বলল, 'তার উপর আবার কাঠুবেদের চারটে দলকে পাহাড়ে পাঠাতে হবে। সব হিসেব করে দেখা হয়েছে।'

'তার মানে এ সময়ে শা্ধা যে কাঠের চালানই ক**মে যাবে** তা নয়?' সভাপতি জিভেরস কর**ল**।

'তাই তো মনে হচ্ছে, তাই তো মনে হচ্ছে,' রুসিংখ্কা ভাবতে ভাবতে বল্ল।

চোর্নারের সেই রবিবারটার কথা আলার মনে পড়ল। মনে পড়ল চিঠিটার দীর্ঘ পাতার উপর ইভান ঝু'কে পড়েছে, হাতে তার কলমটা কাঁপছে। আর মনে পড়ল গ্রাম সোভিয়েতের সামনের সেই ফলকটার কথা। এখন কেউ সেটা দেখে না, কারণ তার সংখ্যাগালো এখন এক জায়গাতেই থেমে আছে। আলা অত্যন্ত বিমর্ষ হয়ে পড়ল, মন খারাপ হয়ে গেল। মনে হল তাদের সবারই হাতদাটো যেন বাঁধা, তার, ইভানের, প্রত্যেকের।

৯

জল ধারে ধারে কমতে লাগল, যেন নেহাং অনিচ্ছাতেই। পড়ে রইল পাঁক আর ডালপালা কাঠকুটো, পাথর আর গাছের গাদা। আপেপাশের গ্রামেব মেয়েপ্রের্থ কোদাল আর জ্রেটার নিয়ে জলে ডোবা রাস্তা ধরেই বেরিয়ে পড়ল মাকভিংস পাহাড়ের দিকে। জল প্রেরপর্নি নেমে যাবার অপেক্ষায় তারা আর বসে রইল না। প্রত্যেক গ্রামকে একটা নির্দিণ্ট জায়গার ভার দেওয়া হয়েছে। সেই নির্দিণ্ট জায়গায় পেণছৈ সবাই পরিথা খোঁড়া আর বাঁধ বাঁধার কাজে লোগে গেল, ঢাল্গ্লোকে পাথর দিয়ে শক্ত করে গোঁথে তুলতে লাগল।

যৌথখামারের সদস্যরা পালা করে কাজ করছে — একদল দিনে, আরেকদল রাতে সন্ধ্যাবেলা সারা পথ জনুড়ে আগন্ন জনালান হয়। উ'চুতে কাঠুরেদের ছাউনি থেকে দেখে মনে হয় যেন একটা শিবিরে আলোর মালা জনলে উঠেছে।

আরা বলেছে ওকে কালিনার দলে রাখতে। কালিনাও ভাকে সানদেদ দলে নিয়েছে দ্জানে একসঙ্গে পাঁক ভেঙে বহু কণ্টে চলেছে কাজের ক্ষেরে, যেখানে গিরিবর্দ্ধ থেকে একটা ছোটু নদী এসে পড়েছে উপত্যকায়।

লক্ষ্যে পেশছে তবে তারা ব্রুবতে পারল জলে কী পরিমাণ ক্ষতি হয়েছে এই করেকদিন আগেও যেখানে কাঠের ব্রিজ ছিল, এখন সেখানে জলের উপর মাথা তুলে রয়েছে কয়েকটা ভাঙাচোরা টেরাবাকা খ্লিট. পাহাড়ের গায়ের রাস্তাটা হয় ধ্রে ম্বছে সাফ হয়ে গেছে নয়ত গেছে ধরুসে। আনেক জায়গায় খাড়া ঢালাতে মাটি ধ্রের গিয়ে তলের লাগাচে পাথর বেরিয়ে পড়েছে। তার গায়ে অসংখ্য ফাটল। বন্যায় রেপ্টিয়ে আনা গাছের শিকড় শ্নের ঝুলছে যেন লৈত্য মাকড়সাব বড় বড় পা

'হায় ভগবান!' আলা ফিস্ফিস্ করে বলল, 'এ সব কি সাধান যাবে!'

প্রাকৃতিক ধরংসলীলার এই বহর দেখে এমন কি কালিনার অদম্য উৎসাহও দমে গেল। সেও আলার মতো কিছুক্ষণ হতাশায় চুপ করে দাঁড়িয়ে রইল। কিন্তু একটু পরেই সেই হতাশার জায়গায় দেখা দিল গোঁ, প্রকৃতিকে বশ করার, জম করার এক প্রবল আগ্রহ।

আলা আবার ফিস্ফিস্ করে বলল, 'হায় ভগবান!' কালিনা রেগে উঠল, 'নাকি কালা থামাও তো? এখন চল!' দ্জনে নারবে কাজ স্বর্ করল আলা চোখ নামিয়ে কারো দিকে না তাকিয়ে তার কোদালে মাটি তুলে নিয়ে ছেইচারটার উপর ছুংড়ে দিল। মাটি দিয়ে ছেইচার ভরা হচ্ছে, কিন্তু যে পরিমাণ মাটি তুলে পথ তৈরী করতে হবে তার তুলনার এটা তো কিছুই নর। 'হিশ দিন! তিন মাসেও একাজ শেষ হবে না,' আলা মনে মনে ভাবল, 'আমিও তেমনি, গ্রাম সোভিয়েতে ওরা যা বলল তাই মেনে নিলাম!'

আন্না হতই কাজ করে, ততই রেগে ওঠে আর স্টেচারে তত বৈশি মাটি ছুড়ে ফেলে। আন্নার সঙ্গী কালিনা বলে উঠস, বল্ড বেশি ভারী হয়ে যাচছে। আন্না তার উত্তরে খোঁচা দিয়ে বলল, 'তাতে কি, ওটুকু ভারে ভুগি মরে যাবে না!' কালিনা জ্বলে উঠে অবাক হয়ে আন্নাব দিকে তাকাল, কিছু বলল না ঘণ্টা দুয়েক পর সারা এলাকায় পুরো দমে কাজ চলল।
কাজের মধ্যে একটা ছন্দ দেখা দিল। বাইরেব কাবো চোখে সে
ছন্দ ধরা পডবার নয়, কিন্তু প্রত্যেক কর্মা সে ছন্দ অনুভব
করল আর তা ভাঙতেও ভর পেল। সবাই জেদের সঙ্গে কাজ
করে চলেছে। চারিদিকে কেবল কোদালের শন্দ আর জমা
করা ভাঙা পাথরের আওয়াজ। সবার গরম লাগল। আমা
প্রথমে তার গ্রনিয়া খ্লে ফেললা, তারপর জ্যাকেটটাও। শ্বর্
রং-ওঠা স্কির রাউজ পরেই সে কাজ করে চলল। ব্রুড়ো
পেতেলিংসাও তার কোট খ্লে ফেলল। অনারা তার দৃষ্টান্ড
অন্সরণ করল।

প্রতি এক ঘণ্টা কাজের পর কালিনা বিশ্রামের জন্য পাঁচ মিনিট রেখেছে। বাবার ফাটাকাচ ঘড়িটা সে নিয়ে এসে পথের ধারের গাছের গায়ে টাঙিয়ে রেখেছে। এই ঘড়িটা দেখেই সে সবাইকে বিলম্বিত হাঁক দিয়ে জানিয়ে দিচ্ছে।

দিনের শেষে রুসিঙেকা এসে পেশছল, সঙ্গে নেমেশ আর আরো কয়েকজন লোক। আলা তাদের চেনে না। রুসিঙেকার বিরাট শরীরের তুলনায় তার ছাইরঙা মস্ত ঘোড়াটাকে বড় ছোট দেখাছিল। কাদায় তার জাতো জোড়া ভরে গেছে, কালো কোটের গায়েও শ্কনো কাদা। মুখে পর পর করেকটি বিনিদ্র রালির ছাপ।

'শত্তিদিন!' ঘোডা থামিষে সে সকলের উদেদশে চেপ্রিয়ে উঠল। 'শৃভদিন, কমরেড সম্পাদক,' অন্যেরাও নানা স্বরে চে'চিয়ে উঠল।

কাজের জায়গাটা দেখে নিয়ে ব্রিসঙেকা হেসে বলল:

'থ্ব ভাল কমরে দ্রা, চমৎকার কাজ করে ছেন দের্থছি। বেশ দ্রুত কাজ হচ্ছে! তারপর সঙ্গীদের দিকে ফিরে বলল, 'য়ারভেৎসের ওদের মতোই ভাল কাজ হচ্ছে। কী বলেন?'

'বোধ হয় তার চেয়েও ভাল?!' কালিনা উৎসাহে চে'চিয়ে উঠল।

'আমার তো ভয় হয়,' রুসিঙেকা সহাস্য চোখদ্টো কু'চকে বলে উঠল, 'এক মাসের বদলে আপনারা কুড়ি দিনেই রাস্তাটা বানিয়ে ফেলবেন। কিন্তু কথা বলার কী দরকার! সবাই যদি এক সঙ্গে কাজ করে তবে সাধোর আর সীমা থাকে না!'

আহ্না ভূর্ কু'চকে সম্পাদকের দিকে তাকাল: 'লোকটা কি ঠাটা করছে মাকি প্রবোধ দিচ্ছে আমাদের? কুড়ি দিন! কী প্রচণ্ড কান্ধ পড়ে রয়েছে!'

আন্না চারদিকটা একবার দেখে নিল। ব্রুল রুসিঙেকা ঠাটাও করছে না, প্রবোধও দিছে না। এই সকালবৈলাতেও জারগাটা একেবারে মস্গ ঢালা ছিল, যেন ধরুস নেমে সমান করে দিয়ে গৈছে। আর এখন পাহাড়ের গায়ে একটা আলিশ্বের মতো রেখা হয়ে গেছে, তিনজন লোক তাতে পাশাপাশি যেতে পারে। সে অলিশ বহুদ্রে চলে গেছে। র্মিংকা ঘোড়ায় চড়ে বেড়িয়ে পড়ল, কালিনা তাব পাশে চলেছে, ভেজা পাথরে তাব পা হড়কে যাছে। শোনা যাছে সম্পাদক তাকে বলে চলেছে, আসছে কাল থেকে প্রত্যেক এলাকায় রামার ব্যবস্থাও করা হবে, আর দিনের বেলায যাদের কাজ তাদের রাবে বাড়ি ফিরে না যাওয়াই ভাল, অনেকটা পথ হাঁটতে হয়। একটু উচ্চু আর শ্কনো জায়গায় সাময়িক আস্তানা বানিয়ে সেখানেই রাত কাটানর ব্যবস্থা করা ভাল।

নেমেশ আরো কিছ্কণ থেকে গেল। ব্জোরা সবাই তাকে যিরে কাঠুরেদের ছাউনির খবর নিতে লাগল। নেমেশ জানাল চতুর্থ দলটা করেকদিন নিচে 'কচ্ছপের' কাছে থেকে আবার 'এরোপ্রেনের' কাছে উঠে গেছে। ব্জোরা তাতে সোল্লাসে সন্তোষ জানাল।

আলা **ক**থাবাতা **শ্নল**।

'আমরাও আমাদের যতদ্র সাধ্য করব,' পেতেলিংসা বেশ মূর্ববী চালে বলল — ভার ছেলেরা ঐ চতূর্থ দলেই রয়েছে — 'রিজের জন্যই তো…'

'ও রিজের কথা বলছ!' নেমেশ কথাটা চেপে রাখতে পারল না, কিন্তু সঙ্গে সঙ্গেই চুপ করে গেল। এদের শা্ধ্য শা্ধ্য আরো দা্র্ভবিনার ফেলে কী লাভ।

'রিজ নিয়ে মাথা ঘামাচ্ছ কেন?' নেমেশ হঠাৎ চটে বলে উঠল, 'কাঠের গাঁড়ি পেলেই আমরা রিজ বানিয়ে ফেলব। ব্যস!' অন্য কোন সময় হলে ফিবে খাঁক খাঁক করে ওঠার আগে ব্রুড়ো দ্বার ভাবত না, কিন্তু এবার নেমেশের রাগের কারণ ব্রুতে পেরে সে শ্রুণ্ ভূর্ কু'চকে তার প্রেরানো পাইপটায় জোরে জোরে টান মারতে জাগল .

এক ঘণ্টা পরে পাসেকি থেকে পরের দলটা এসে পেশছল।
প্রথম দলটা বাড়ি যাবার জন্য তৈরী হতে লগেল। কালিনা
আর আহা গেল সবার পরে। তাদের কাঁধ আর পাদ্বটো ক্লান্তিতে
ভেঙে পড়ছে। পিছল পাঁক ভরা পথ, হাঁটা অত্যন্ত কন্টকর।
দ্বনে মুখ ব্জে হে°টে চলেছে। চারিদিকে সন্ধ্যার আগের
নিস্তন্ধতা। কেবল উপত্যকার সব জায়গায় জলের উজ্জ্বল
কুল্কুল্ শন্দ।

পাদেকির সেট্লমেণ্টে পেণিছতে পেণিছতে গোধ্লি হয়ে গেল। কাদা এড়ানর জন্য আর পথটা সংক্ষিপ্ত করার জন্য মেয়ের। বাঁয়ে বে'কে নদীর পাথ্রে তীরটা দিয়ে এগোতে লাগল। অপর পারের বানে ডোবা নিচু তীর আর মাঠঘাট তথন বহুদ্রে ছড়ান হুদের মতো চক্চক্ করছে। তার এখানে ওখানে কাঠের লশ্বা সার, জলের ধাতুরঙের মস্ণ গায়ে কালো হয়ে ফুটে আছে।

মেয়েরা দেখতে পেল কয়েকজন লোক হাঁটুজলে নেমে কাঠের গ‡ড়িগ্মলো নিয়ে কী যেন করছে।

'কী করছে ওরা?' কালিনা জিজেস করল।
'বোধ হয় জনালানী কাঠের তালে খ্রছে: আহা বলল,
'কত জনালানী কাঠ ভেসেছে, তার আর ইয়ন্তা নেই।'

তাই বটে। কিছ্মুক্ষণ পরেই একটি ছেলেব সঙ্গে তাদের দেখা হল। অত্যন্ত রোগা, ঠাও্ডায় কাঁপছে, মাথায় খড়ের ছেও্ডা টুপি, নিচুজমিব গ্রামের লোকরা গ্রীষ্মকালে মাঝে মাঝে যেমন পরে। ছেলেটি দুটো মোটা মোটা ভেজা গর্মড় নিয়ে চলেছে, আর বোকার মতো দাঁত বের করে হাসছে।

আন্না ছেলেটিকে চিনতে পারল। মিথাইলো, মিকলা ভাগরি হাবা ভাইপো। ভাগা অবশ্য সবাইকে বলে বেড়ার তার এই 'পাগলা' ভাইপোটাকে সে নেহাৎ দরা করেই রেথেছে। আসলে কিন্তু মিথাইলো কলের মান্বের মতো সকাল থেকে রাত অবধি কাজ করে, আর সারা বছর ঐ ছে'ড়াথোঁড়া জামা কাপড়েই কাটার।

'কোথায় যাচ্ছ মিখাইলো?' আন্না জিজ্ঞেস করল।

মিখাইলো খাক খাক করে হেসে বলল, 'জানালানী কাঠ নিয়ে যাচ্ছি ভূইকু বলেছে, জানালানী কাঠ নিয়ে আসতে।' ছেলেটি বিরাট ভারে টলতে টলতে বাড়ির দিকে এগিয়ে গেল।

আধ ঘণ্টা পরে মেয়েরা গ্রামের আলো দেখতে পেল।

আর কয়েকটা বাড়ি পেরলেই তাদের পথ শেষ হয়, এমন সময় আলা হঠাৎ থেমে গেল।

'কালিনা! দেখলে তো স্বাই কেমন নিজের নিজের জন্য জনালানী কাঠ নিয়ে চলেছে?'

'দেখেছি, তাতে হয়েছে কী?'

'কিন্তু ঐ কাঠগঞ্লো তো বিজেব ...'

াঠক,' কালিনা সজাগ হয়ে উঠল।

'আমরা যদি কাঠগুলো জোগাড় করি হাহলে কেমন হয় কালিনা? কত কাঠ ভেসে এসেছে একবার ভেবে দেখ। একেবারে আমার বেড়ার গায়েও কাঠ এসে ঠেকেছে। আমি তো ভার্বছিলাম ঐ কাঠটাকে সামনের গেটের কাজে লাগাব, গেটটা মেরামত করা প্রয়োজন।'

'তোমার মতলবটা কী?' সেটা আঁচ করতে পেরেই জিজ্জেস করল কালিনা।

'সবকটা কাঠ জোগাড় করে ব্রিজের কাজে লাগান!..'

দ্রজনেই এক মুহুত চুপ করে দাঁড়িয়ে রইল, যেন ভর পেরেছে পাছে তাদের মতলবটা কোন অলগ্যনীয় বাধার ফলে ভেন্তে যায়। তাদের মন কিন্তু দুত কাজ করে চলেছে, চারদিক থেকে জড় করা কাঠ দিয়ে কী করা যায় তার ছবি তারা মনে মনে আঁকতে সুরু করেছে।

হঠাং কিছুই না বলে আন্না অর কালিনা একসঙ্গে ঘুরে দাঁড়াল, তারপর অন্ধকারে দুজনেন দুজনের হাত ধরে জারে হাটতে স্বা, করল, শেষ কালে দোঁড়তেই লাগল, গ্রাম সোভিয়েতের উদ্দেশে।

গ্রাম সোভিয়েতে যে লোকটি তথন ডিউটিতে ছিল সে হাতে আর কোন কাজ না থাকায় বসে বসে খ্ব জটিল কায়দা কবে বাব বার একটা কাগজের উপর নিজের নাম লিখছিল।

কালিনা দুতে পায়ে টৌবলেব কাছে এগিয়ে গিয়ে রুমালটা

কানের পিছনে গ্র্জে দিয়ে অধীবভাবে টেলিফোনের হ্যাপ্তেলটা ঘোরাতে লাগল।

'এক্স্চেঞ্জ! . এক্স্চেঞ্জ!..' কালিনা ডাকল, 'এক্স্চেঞ্জ! দরা করে কমরেড রুসিঙ্কোকে ডেকে দাও . . পার্টির সম্পাদক রুসিঙ্কো। হাাঁ, তাঁকেই ... হয় চোন্যেতে নয়ত যারভেংগে আছেন। নিজের বাড়িতেও থাকতে পারেন ...'

টোলফোনের মেয়েটি র্সিংকাকে খ্রুলছে আর কালিনা থালি রিসিভারটা একবার এহাত থেকে ওহাতে নিচ্ছে, আবার ওহাত থেকে এহাতে। অফিসের লোকটি কালিনার দিকে প্যাট্প্যাট করে চেয়ে থেকে একটা গভার দার্ঘশ্বাস ফেলল, তারপর আরো শ্বিগ্র উৎসাহে তার সইয়ের জটিল কায়দাটা মক্স করতে লেগে গেল।

রুসিঙেকাকে পাওয়া গেল শ্লেগোভেংসে। টেলিফোনে জবাব দিতেই কালিনা তার গলা চিনতে পারল।

'কমরেড সম্পাদক!' কালিনা চে'চাতে লাগল, র,সিওেকা কিন্তু এমনিতেই তার গলা বেশ পরিস্কার শুনতে পেত, 'পাসেকি থেকে আমি কালিনা সিজাক কথা বলছি।'

'কী, ব্যাপার কী?' রুমিঙেকা জিজেস করল।

'কমরেড সম্পাদক!' কালিনা আরো জোরে চে'চিয়ে উঠল, 'কালকে আমরা কাঠ পাব! অজস্র কাঠ!' উত্তেজনার চোটে অফিসের সেই লোকটির কলমটা ছিনিয়ে নিয়ে কালিনা ডেস্কের আরেক দিকে ছুড়ে দিল। 'ওরকম চে'চিয়ো না,' র্,িসঙেকা বলল, 'আন্তে আন্তে কথা বল, আমি ঠিক শুনতে পাচ্ছি। কী কাঠ?'

'প্রোনো ব্রিজের, কমরেড সম্পাদক, যেগ্রলো জলে ভেসে গেছে। লোকেরা সব জনালানী হিসেবে নিয়ে যাচ্ছে, কিন্তু জনালানী হিসেবে ওগ্রেলাকে কি ব্যবহার করা উচিত?'

'ও এই ব্যাপার!' রুলিকেলা হঠাৎ এত আহ্মাদে হেসে উঠল যে টেলিকোনের কিছু দ্রের দাঁড়িয়ে আল্লাও সে হাসি শুনতে পেরে কালিনার দিকে উৎকপ্ঠার সঙ্গে তাকাল।

'আপনি হাসছেন কেন?' কালিনা নিরাশ হরে জিজ্ঞেস করল, 'ভাল মতল্ব না?'

'ভাল বলেই তো হাসছি, অত্যন্ত ভাল!' রুসিঙেকা বলল .

'এটা আমার বৃদ্ধি না,' কালিনা তাড়াতাড়ি বলল, 'আহা য়াংসিনার। আমাদের গ্রামের আহা য়াংসিনার। ওর সঙ্গে আপনি কথা বলবেন? এখানেই রয়েছে।'

আল্লা একপা পিছিয়ে গিয়ে দুহাত নেড়ে বলল:

'ও বাবা, আমি কথা বলতে পারব না... না, না কালিনা...'
কিন্তু রুসিংকা কিছ্তেই ছাড়ে না। আহা শেষ কালে
লক্ষার লাল হয়ে কোনরকমে রিসিভারটা তুলে নিল। জীবনে
এই প্রথম। দু হাতে অভ্যুতভাবে রিসিভারটা ধরে সে
অনভ্যাসবশতঃ নানা রকম মুখভঙ্গী করতে লাগল। রুসিংকার
প্রায় একটা কথাও ব্রুতে পারল না। রুসিংকা যে ভার
প্রশংসা করছে সেটা অবশ্য আঁচ করতে পারল, ভার ফলে সে

আরো অপ্রস্তুত। চোখদ্বটো তথন তার আনন্দে জবলছে, সে খালি একটা কথাই বলে চলেছে:

'ঠিক আছে, কমরেড সম্পাদক... ঠিক আছে...'

20

মার্চ মাসে শেষ ব্লিজটা তৈরী হয়ে গেল। কাঠুরেদের ছাউনির কাছেই একটা গভীর থাদের ভিতর থেকে মিনারের মতো দ্বটো কাঠের শুভ উঠল। দড়িতে ঝুলে ঝুলে লোকেরা শুভদ্বটোর সঙ্গে সার সার আরো অনেক কাঠ জবুড়ে দিল। খাদ পর্যন্ত রাস্তা আগেই খ্বলে গেছে, প্রেরা কাজটা সম্পূর্ণ হওয়ার নিদিশ্টি দিনটা এই ব্রিজ গড়ে ওঠার উপরেই নিভার করছে।

নেমেশ সারা দিন রাত এখানেই আছে, রর্নিভেকাও এসে পড়ল। এমনকি কাঠুরেরাও মাঝে মাঝে এসে দেখতে লাগল গ্রামবাসীরা কেমন উৎসাহের সঙ্গে কাজ করছে। নির্দিষ্ট দিনের কথা কেউ উল্লেখ করছে না, কাজের জন্য কেউ তাড়াও দিচ্ছে না, তব্ কমাঁরা প্রত্যেকেই যেন প্রত্যেকের মনের কথা ব্রুতে পারল: 'তাড়াতাড়ি! আরো জলদি কাজ কর! আরো জলদি!'

তার সেই টেলিফোন আলাপের পর আনা রিজ তৈরীর দলে যোগ দিয়েছে। পাসেকিতে এখন আর সে ফিরে যায় না। বাড়ী পোরশেচভাকে বলে এসেছে তার গোর্টার দেখাশ্বনো করতে। বাবার জ্যাকব্ট জোড়া পরে আনা জল

ভেঙে জমা কাঠের ওখানে গিয়ে কাঠ তুলে নিয়ে আসে শ্কেনো জমিতে। প্রথম কয়িদন সে সবিকিছা ভূলে গিয়ে এমন গভীর আবেগে কাজ করল যে তার সেই কাজের উৎসাহ আর আনন্দ দেখে সবাই অবাক হয়ে ভাবতে লাগল মেয়েটা এই আনন্দ, এই সংক্রামক তৎপরতা পেল কোথা থেকে?

কিন্তু প্রথম কয়দিনের উত্তেজনা কেটে যাবার পর আয়ার উৎসাহ যেন নিভে এল। সে দেখল এই নতুন জীবন তার প্রনা জীবনের উপর জােরে চড়াও হয়েছে। সে ভয় পেরে গেল। কালিনার এত পাঁড়াপাঁড়ি সত্ত্বে সে যােথথামারে যােগ দের্রান, আয়া ঠিক করল এবারও সে তেমনিভাবে নতুন জাঁবনকে মেনে নেবে না। বাবা যে তাকে বারণ করে দিয়ে গেছে। বাবার সেই ধমক আয়ার মনে পড়ল: 'থবরদার আয়া!' সে আরাে চঞ্চল হয়ে উঠল। বাড়ির সেই অভ্যন্ত পরিচিত পরিবেশে ফিরে যাবার প্রবল আকর্ষণ অন্ভব করল। ইছে হল এখনি কাজ ছেড়ে দিয়ে, দল ছেড়ে গ্রামে ফিরে যায়, কিন্তু দেখল সে ক্ষমতা তার আর নেই। তখন সে নিজেকে বাঝাতে চাইল, সে যা করছে তা সবই ইভানের জন্য। মন তার তখনকার মতাে প্রবাধ মানল।

প্রচারকমানৈর দল একদিন বিজ তৈরাীর কাজে এসে এক গাছ থেকে আরেক গাছ পর্যস্ত লাল কাপড় বে'থে দিল। তাতে লেখা 'একদিন মানে পাঁচশ কিউবিক মিটার কাঠের গাড়ি।' 'নোটিশটা জ্বালালে ' বলল ব্বড়ো পেতেলিংসা, 'সারাক্ষণ এখন কথাটা মাথায় ঘ্রছে .. একম্হ্তে শাভিতে থাকতে দেয় না।'

'পাঁচশ কি এক হাজাব — আমার কাছে সবই সমান,' আল্লা জবাব দিল, 'আমি বাবা, এখন তাড়াতাড়ি ঘরে ফিরতে পারলে বাঁচি। ঘরদোর তো দেখতে হবে.'

আরার নির্ংসাহে খিটখিটে ব্ডো রেগে গেল। আলা কিন্তু মনে মনে নিজেকে আশ্বস্ত করতে লাগল একগংরের মতো: ঠিকই তো, সে তো কেবল ইভানের জন্যই কাজ করছে। অন্য আর কিছুতে তার উৎসাহ নেই।

বহু রাত পর্যন্তও কুড়্লের শব্দের বিরতি নেই: আগনে জনুলিয়ে কাজ চলেছে। একদল থামের উপর আরো কাঠের গাড়ি বসাচ্ছে, আরেকদল বিজপথের তক্তা আর রেলিং তৈরী করছে, যাতে ডিংটা তৈরী হওয়ার সঙ্গে সঙ্গেই বিজ পত্তন সূত্র হতে পারে।

শেষকালে একদিন কাঠুরেদের ছাউনিতে খবর পেণছল — রবিবার দিন ব্রিজ শেষ হয়ে যাবে। ঐ দিনই লরী আর যোড়াগাড়ি চলতে স্বর্কু করবে।

রন্দিপেকা খবরটা পেল দ্বের একটা ছাউনিতে, কাঠুরেদের চার নন্বর দলটা সেখানে কাজ করছে। সম্পাদক তাড়াতাড়ি বৈরিয়ে পড়ল, অন্ধকারের আগেই যাতে ব্রিজে প্রেটিন যায়। ইভান শেকেতা তাকে পথ দেখানর জন্য নিজে থেকেই এগিয়ে এল। পাহাড়ের খড়া দুর্গম পথ বৈয়ে তারা খাদে নামতে লাগল।

ইভান আগে আগে তার কাজ করা ছড়িটা দিয়ে পাথবগুলো ঠুকতে ঠুকতে এগোতে থাকল, র্মিণ্ডো তার পিছনে। ইভানের কানে পেশ্ছতে লাগল এই অক্লান্ত মানুষ্টির হাঁপানো।

পথ চলার প্রথমদিকটায় ইভান চুপ করেই ছিল, র**্সিঙেকার** সঙ্গে কথা বলার সাহস তার হর্মন। কিন্তু শেষ পর্যন্ত সে আর চুপ করে থাকতে পারল না:

'আমার কি মনে হয় জানেন কমরেড সম্পাদক, আজ যে বিদ্যুৎ চালিত করাতের কথা বললেন ওরকম করাত আমাদের হয় না?'

'আমরাও পাব,' রুসিঙেকা বলল।

'তা তো নিশ্চরই,' ইভান দীর্ঘশ্বাস ফেলে বলল, 'কিন্তু এখন যদি থাকত! আপনি ছাউনিতে চলে বাবার পর আমরা সবাই হিসেব করে দেখলাম বিদ্যুৎকরাতে কত গাছ কাটা যার।'

'কীদেখলে? অনেক?' র্সিঞ্কোবলল।

'অনেক মানে। সংখ্যা দেখে পর্রনো কাঠুরেরা তো ঘাবড়েই গেল।'

'কেন ঘাবড়ে গেল?'

ইভান হেন্দে বলল, 'ওরা বলাবলি করতে লাগল অত গাছ কাটলে আমরা তো ধেকার হয়ে পড়ব।'

'তোমার কী মনে হল?'

'আমার ধারণা ' ইভান একটু বিব্রত, 'আমার ধারণা অত গাছ কাটতে পারলে কমিউনিজম আমাদের হাতের কাছে এসে যাবে।'

'ঠিক বলেছ,' মহানদেশ রুসিংগ্লা এমন কি এক সেকেণ্ড দাঁড়িয়েও পড়ল ভালো করে শেকেতার মুখটা দেখে নিতে। রুসিংগ্লা আর ইভান যতই এড়াবার চেন্টা কর্ক না কেন পাহাড়ে অঞ্চলের হঠাৎ এসে পড়া রান্তির তাদের ঠিক মাঝপথেই ধরে ফেলল। রুসিংগ্লা আর ইভান বাঁরে বে'কে কাঠুরেদের পয়লা দলের ছাউনিতে এসে উপস্থিত হল। ইভানের পরামশ মতো ঠিক করল রাত্টা এখানেই কাটিয়ে সকালবেলা

ভোরের প্রথম আলোর সঙ্গে সঙ্গেই কাঠুরেরা উঠে পড়ল।
বেশ পরিষ্কার সকাল বাঁচগাছের শ্ন্যপাতা চ্ডার ফাঁক
দিয়ে মেঘম্ক আকাশ দেখা যাছে। খাড়া পাহাড়ের গারে,
অনেক উচুতে সফরে গাদা করা কাঠ আর নতুন গা্লুর সাদা
গা চমকে উঠছে। ঝিরঝিরে হাওয়ায় ভেজা চাঁচনির মিঘিট
গদ। বনের মাটি রুপোলি বরফ শিশিরে ঝক্মক্ করছে।

আবার রওনা হবে।

পাহাড়ে ঝরণার মুখ ধ্রের নিয়ে র্নিসঞ্জো আর ইভান বৈরিয়ে পড়ল। কাঠুরেদের পয়লা দলের সবাই তাদের সঙ্গ নিল। চারদিক থেকে কাঠুরেরা পাহাড় বেয়ে নেমে এল, নদীর ধারার মতো। ব্দিঙেকা কোনরকমে তাদের অভিবাদনৈ সাড়া দিয়ে এগিয়ে চলল। শ্বা বুড়ো আর প্রোট্রাই নয়, তাদের ল্যাজধরা বাচ্চা ছেলেগ্বলো পর্যস্ত মনে করল র্মিঙেকার সঙ্গে হ্যান্ডশেক করাটা তাদের কর্তব্য।

র্নিসঙ্কো শ্নেল আলো ফোটার আগেই লবীগালো রিজ পার হয়েছে, এখন যে কোন মুহাতে তারা কাঠবোঝাই হয়ে ফিরবে।

'বড় বেশি ঘ্নিয়েছি!' র্কিণেকা ইভানের দিকে চোখ ঠেরে বলল।

'কী করে জানব বল্ন ?' ইভান সম্জায় পড়ে গেছে, 'ওদের সঙ্গে তাস রাখা অসম্ভব .'

রুসিঙেকা মাল ওঠাবার জারগার দিকে পা বাড়াল এমন সময় হঠাৎ গুমু গুমু আওয়াজ শোনা গেল। দেখা গেল বিজের দিক থেকে কতগুলো লরী আসছে।

কাঠবোঝাই গাড়িগুলো আন্তে আন্তে গাড়িড় মেরে এগিয়ে আসতে। গার্ গা্রা শব্দ উঠেছে তাদের ট্রেলারগা্লোর। চাকার তলে পথের পাথর গাড়িয়ে যাচ্ছে।

পেরিয়ে যাওয়া লরীগ[ু]লোর দিকে কাঠুরেরা হাঁ করে চেয়ে রইল, যেন এ অঞ্চলে আগে কখনো তারা লরী দেখেনি।

'প'চিশ দিন কমরেড সম্পাদক,' শেকেতা বলল।

'হ্যাঁ, প'চিশ দিন,' ব্রসিঙ্কো মাথা নেড়ে মনে মনে এই প'চিশটা দিন দেখতে চেণ্টা করল।

লরীগ্রলো একটা মোড়ে বাঁক নিয়ে অদৃশ্য হয়ে গেল। পিছনের নীল ধোঁয়ার রেখাটা মিলিয়ে যাবার আগেই কাঠুরেদের একজন চেচিয়ে উঠল

'ঐ যে ওরা আসছে!'

রিজ নির্মাতারা তাদের কাজ শেষ হয়ে যাওয়ায় দল বে'ধে এই দিকেই আসছে। কাঁধে তাদের কুড়্ল করাত কোদাল। রন্সিঞ্চো আর কাঠুরেদের সঙ্গে হ্যাণ্ডশেক করার জন্য তারা একটু দাঁড়িয়ে গেল। বসজের নির্মাল বাতাসে তাদের কণ্ঠস্বরে এক অস্তুত উত্তেজনা আর আনন্দের স্কুর বেজে উঠল।

আনা বৃদ্ধে পেতেলিংসার পাশে পাশে হে'টে চলেছে।
বৃদ্ধের তিন ছেলে তার দিকে হস্তদন্ত হয়ে ছুটে এল।
ভোরের হিমে লালগাল আনা ইভানের আশাম চোখ কু'চকে
চারদিকে চেরে দেখছে। ওই তো ইভান! রুসিঙেকার পাশে
দাঁড়িয়ে একটা শেওলা পড়া পাথরের গায়ে তার কাজ-করা
ছাড়িটা ঠুকছে। আনা চোখ নামিরে পাশ কাটিয়ে চলে যাবার
জন্য পা বাডাল। এমন সময় রুসিঙেকা ডাকল।

'এই যে য়াংসিনা! আমায় চেন না নাকি, পাশ কাটিয়ে চলে যাচ্ছ যে?'

আন্না অনিচ্ছা সত্ত্বেও দাঁড়িয়ে পড়ঙ্গ।
'স_{ুপ্রভাত,} কমরেড সম্পাদক।'

'স্প্রভাত,' র্সিংখ্কা সোল্লাসে উত্তর দিয়ে নিজের বিরাট হাত দিয়ে আলার হাতটা নেড়ে দিল, 'তোমায় ধন্যবাদ।' 'কেন?' আলা অবাক হয়ে জিজ্ঞেস করল।

'তোমার কাজের জন্য, লোকের ভাল কিসে হয় সেকথা ভাবার জন্য।'

র্নিধেকার কথাগ্লো সবার কানেই পেশিছল। নেমেশ আর ইভানের কানেও, আলা তার দিকে সাহস করে তাকাতে পারছে না।

'তার কোন দরকার নেই, কমরেড সম্পাদক,' আল্লা মাৃদ্দুস্বরে বলল, 'আমি আর কীই বা করেছি...'

'তুমি অনেক করেছ,' র্বিসঙ্কো নরম করে বল্ল, 'আরো অনেক করবে। এতো সবে আরস্ত, কেবল আরস্ত!..'

আহার মুখ উম্জন্ন হয়ে উঠেছে। চোখদুটো অপ্তরের আলোয় দীপ্ত হয়ে উঠল। শৃধ্ বর্তমান নয়, ভবিষ্যতের প্রতিও পূর্ণ বিশ্বাস তার মনে জেগে উঠেছে।

র্নিসেক্সের চোখে ধরা পড়ল সেই আলো। এই আলো আর নিভে যাবে না। আরার চেহারা তা বদলে দিয়েছে। তার মনুখের সেই ভারিন, মাথা নোরান ভাবটা কোথায় দরে হয়ে গেছে। শক্ত করে চাপা ঠোঁটদুটো খালে গিরে দেখা দিরেছে এক মিন্টি শান্ত হাসি। দাবাগ্রির মতো দ্রুত জনলে উঠে সে আলো আরার হঠাৎ সন্দর হয়ে উঠা মনুখের সর্বাক্তন্ত্রক আলোকিত করে তুলেছে।

হয়ত র্কিণ্ডেকা ছাড়া আরো কারো চ্যেথেও সে সৌন্দর্য ধরা পড়েছিল। হয়ত ...



পরিশেষ হিসেবে

অক্টোবরের এক স্কুলর দিনে ভোরবেলা আমি দ্বেগোভেৎস ছেড়ে চলেছি। দিনের এই প্রথম ঘণ্টার পাহাড়ের উপরে জাঁকিয়ে বসেছে হেমন্ডের ঠুনকো কুয়াশার পর্দা। মনে হচ্ছে হঠাং নড়লে বা চে'চিয়ে উঠলে চারপাশের সবকিছা, টুকরো টুকরো হয়ে ভেঙে পড়বে, জেগে উঠবে এক শ্রু র্পোলি শব্দের বিচিত্র ভরঙ্গ। কাজ শেষ হয়ে গেছে। আমায় উজগরদ নিয়ে যাবার জন্য নিচে, হোটেলের সামনে গাড়ি দাঁড়িয়ে রয়েছে।

আলোটা না জনুলিয়েই ভোরের আধাে আলাে আধাে অন্ধনরে আমার পাণ্ডুলিপি বাক্তে ভরে নিলাম। পাতাগন্লাের ক্ষীণ খস্থস্ আওয়াজ কানে পেণছল, মনে হল ওরা যেন নিজেদের মধাে কানাকানি করছে।

আবার মনে পড়ল তাদের কথা, যাদের সঙ্গে গিরিস্থারের কাছের জেলার এই ছোটো হোটেলটার এ কর্মদন একসঙ্গে থেকেছি। তাদের গলার ন্বর এখনো কানে বাজছে। আমার কাছে তারা তাদের ভাবনা চিন্তা প্রকাশ করেছে, তার ফলে হঠাৎ পরিচয় পেয়েছি সরল মান্বের হনয়ের শান্ত সৌলবর্ষর। সেই সৌলব্য আমাদের আনল্য দেয়, বিরাট প্রান্তরে একটুখানি আলোর হাতছানির মতো সে আমাদের খ্লী করে তোলে, ব্রুতে পারি এই সৌলবর্ষই হল জীবন, আমাদের সকলের জীবন:

রেগোভেংস এখনো ঘ্নিয়ে। হোটেলের অতিথিরাও ঘ্রেম
মগ্ন। এরা অধিকাংশই নতুন, আমার অপরিচিত। এদের মধ্যে
চারজন হচ্ছে লর্নী ড্রাইভার মলদাভীয়া থেকে পাহাড় পার
হয়ে এতটা পথ এসেছে বিখ্যাত কাপেথিয়ান বীচকাঠের জন্য।
আর আছেন এক অবসরপ্রাপ্ত লেফ্টেনাণ্ট কর্ণেল। এখন
তিনি উজগরদে আন্তর্জাতিক পরিস্থিতির বক্তা। এছাড়াও
ঘ্রুছে টেলিফোন মেকানিকরা, দ্রেরে গ্রামগর্নলতে টেলিফোন

বসানর কাজে তারা এসেছে। একেবারে শেষ বিছানাটার কদবলে মাথা মুড়ে শুরে এপাশ ওপাশ করছে ইভান শেকেতা, পাসেকির কাঠুরে সে। করেক বছর পর তার সঙ্গে দেখা হল। বুড়ো ভাসিল রাংসিনা আর তার মেয়ে আয়াকে নিয়ে গলপলেখার সময় তার সঙ্গে আমার শেষ দেখা। ইভান কিন্তু আগের মতোই আছে — ছিপছিপে পাংলা স্বদর্শন উদ্ধৃত। গতকাল রায়ে সে তার বউ আয়া য়াংসিনাকে য়েগোভেংসের হাসপাতালে নিয়ে এসেছে, তাদের প্রথম সন্তানের জন্ম আসয়।

ঘ্মস্ত অতিথিদের দিকে তাকিয়ে আমি ভাবছি, 'নতুন দিন স্বর্ হবার পর মনের কোণে ল্কনো কোন চিস্তা এরা পরস্পরের কাছে প্রকাশ করবে কে ভানে, কোন নতুন "অলোকিকের" বার্তা বয়ে আনবে সেই দিন? কী বলবে এরা? এদের হৃদয়ের কোন অন্ভূতি আমার আর জানা হয়ে উঠবে না?'

হোটেল ছেড়ে যাব বলে মন খারাপ হয়ে গেল। যদিও ভাল করেই জানি জীবন সর্বাহই রয়েছে, সবখানেই রয়েছে জনগণ। জানি, বই হল জীবনেরই মতো, কোথাও শেষ দাঁড়ি টানা যায় না...

পাঠকদের প্রতি

বইটির বিষয়বন্ধু, অনুবাদ ও অঙ্গসম্জার বিষয়ে আপনাদের মতামত পেলে প্রকাশালয় বাধিত হবে। অন্যান্য পরামশাও সাদরে গ্রহণীয় আমাদের ঠিকানা,

> বিদেশী ভাষায় সাহিত্য প্রকাশালয় ২১, জ্বভদ্পি ব্লভার, মন্কো, সোভিয়েত ইউনিয়ন

Foreign Languages Publishing House 21, Zubovsky Boulevard, Moscow, Soviet Union

матвей тевелев Гостиница в снеговце

рассказы



